কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি ও মেন পরীক্ষার প্রস্তুতি ও নমুনা প্রশ্নোত্তর

পি এস সি-র
মিসলেনিয়াস
মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

কেন্দ্রীয় সরকারে
স্টেনোগ্রাফার
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

রেলে ১ লক্ষ গ্রুপ 'ডি'
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে
মাল্টি টাস্কিং নন-টেকনিক্যাল স্টাফ
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

বাংলা ব্যাকরণ • ইংরেজি শিক্ষার আসর • অর্থনীতির হালচাল • নিমেষে অঙ্ক
সাধারণ মানসিক দক্ষতা • ভারতের ইতিহাস • ভারতের জাতীয় আন্দোলন

*

মহাশ্বেতা দেবী: *জ্ঞানপীঠ, ম্যাগসেসে, আকাদেমি প্রভৃতি জাতীয় ও আন্তর্জাতিক বহু পুরস্কারে ভূষিতা লেখিকা।*

বহু ছেলেমেয়ে 'কর্মক্ষেত্র' পড়ে
নিজের পায়ে দাঁড়িয়েছে।
অন্তত চারটি ছেলে ও দুটি মেয়ের
কথা আমার এই মুহূর্তে মনে পড়ছে।
যারা 'কর্মক্ষেত্র'-র সহায়তায়
কাজ পেয়েছিল। ওদেরকে আমিই
'কর্মক্ষেত্র'-র গ্রাহক করে দিয়েছিলাম।
'কর্মক্ষেত্র' প্রথম থেকেই ছোটখাটো
ব্যবসার এক আশ্চর্য নির্দেশিকা দিয়ে
আসছেন, যা অনুসরণ করলে যুবাপ্রজন্ম
বাঁচবার ও বাঁচাবার পথের সন্ধান পাবে।
টুথপেস্ট বানাবেন, না হাওয়াই চপ্পলের
ফিতে? মেশিনে পোট্যাটো চিপস বানিয়ে
বেচবেন, না ভিনিগার তৈরি করবেন?
'কর্মক্ষেত্র' এত বছরে, এরকম অন্তত
এক হাজার অল্প পুঁজির ব্যবসার হদিশ
দিয়েছে। ওই সব ব্যবসায় নেমে
কয়েক হাজার মানুষই স্বাবলম্বী হয়েছেন।
মৃত্যু যখন দরজায় ঘা দিচ্ছে, তেমন
সময়ে যে ঔষধ বাঁচাতে পারে, তাকে
আমাদের মুনিঋষিরা নাম দিয়েছেন
বিশল্যকরণী। আমি তো 'কর্মক্ষেত্র'কে
বলব বিশল্যকরণী।
'কর্মক্ষেত্র' যেভাবে স্বল্প পুঁজিতে ব্যবসা
করার পরিকল্পনা জোগায়, তাতে তো
সাধারণ ঘরের ছেলেমেয়েরা যেন
নতুন জীবনের রসদ পায়।
'কর্মক্ষেত্র' বলছে, পরিশ্রম করো
সততার সঙ্গে, শ্রমকে ভয় পেও না,
স্বীয় কর্মগুণে ভাগ্যকে জয় করো।
আজ দেশের তরুণ প্রজন্মকে এই কথা
বলার মহান দায়িত্ব 'কর্মক্ষেত্র' গ্রহণ করেছেন,
আমি অন্তর থেকে যেন সাড়া পাচ্ছি।

মহাশ্বেতা দেবী

৩ জুলাই, ২০০৫

*

সপ্তদশ বর্ষ প্রথম সংখ্যা জানুয়ারি ২০২১ মাঘ ১৪২৭

সূ চি প ত্র

প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী
সম্পাদক: মহাশ্বেতা সমাজদার

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক, নবমুদ্রণ প্রাঃ লিঃ, ব্লক-সিপি, প্লট নম্বর-৪, সেক্টর ফাইভ, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৯১ থেকে মুদ্রিত ও ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯ থেকে প্রকাশিত।

দাম ২০ টাকা

PESHAPROBESH
A Monthly on Career and Competition

29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Telephone: 2283 2320, 2290 0008
Fax: 2287 6448
E-mail: swarnakshar.prakasani@gmail.com
Website: www.swarnakshar.in

*

জীবনে আমি চাকরি পাইনি
ব'লে দুঃখ ছিল। ফলে,
'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে
গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি
পেতে যে এলেম দরকার
আমার তা নেই।
প্রশ্নোত্তরগুলো রপ্ত করার
চেষ্টা করি। পরে বুঝি, খুব
দেরি ক'রে ফেলেছি। কী
করব, আমাদের বয়সকালে
তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি।
স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ
ক'রে তবু লাখপতি হওয়ার
স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো
একবার কপাল ঠুকে দেখা
যেতে পারে। তার চেয়েও বড়
কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে
কাজ না দিলেও অনেক কিছু
শেখায় পড়ায়।

জীবনে আমি চাকরি পাইনি বলে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে, তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

১৮/১২/২০০০

*

সম্পাদকীয়

অতিমারি ও লকডাউনের জেরে চাকরির বাজারে যে ভাটার টান দেখা দিয়েছিল, সেখান থেকে আবার স্বাভাবিক অবস্থায় ফিরতে ঢের দেরি, বোঝাই যাচ্ছে। ফলে আপাতত ভালো সময়ের প্রতীক্ষায় থেকে নিজেকে চাকরির বাজারের জন্য উপযুক্ত ও সময়োপযোগী করে রাখা ছাড়া উপায় নেই। তবে বিশেষজ্ঞরা বলেন, এই দুঃসময়ে নেহাত অপছন্দের বা কম আয়ের চাকরি পেলেও হাতছাড়া করা উচিত নয়, কারণ যে-কোনও চাকরিই কাজের বাজারের সঙ্গে পরিচয় ঘটাবে, অভিজ্ঞতা বাড়াতেও সাহায্য করবে। তবে সাবধান! কারণ এই প্রতিকূল সময়েই অসাধু কিছু মানুষ নেমে পড়েছে চাকরি দেওয়ার নামে প্রতারণার কারবারে। অত্যন্ত সংগঠিত ভাবে তারা লোক ঠকাতে নেমেছে।

কেন্দ্রের কর্পোরেট অ্যাফেয়ার্স মন্ত্রকের অধীনস্থ বলে নিজেদের দাবি করে একটি সংস্থা ১৫টি পদে ৫৩৪ জনকে নেবে বলে বিজ্ঞাপন দিয়েছিল চাকরির খবর-সংক্রান্ত খোদ কেন্দ্রীয় সরকারের পত্রিকা এমপ্লয়মেন্ট নিউজের ১৫ অগস্ট সংখ্যায়। অথচ পরে কেন্দ্রীয় সরকারেরই অন্য একটি দপ্তর জানায়, কর্পোরেট অ্যাফেয়ার্স দপ্তরের অধীনে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার কোনও অস্তিত্বই নেই। অর্থাৎ সংস্থাটি ভুয়ো। যত দিনে এ সত্য প্রকাশ পেল, তার আগেই এই বড় মাপের নিয়োগের খবর নানা সংবাদমাধ্যম মারফত গোটা দেশে ছড়িয়ে পড়ে।

অতি সম্প্রতি এরকম আরও একটি জালিয়াতির ঘটনা সামনে এসেছে। ইন্টারনেটের কিছু সাইটে গেলে অবিকল এমপ্লয়মেন্ট নিউজে প্রকাশিত বিজ্ঞাপনের ধাঁচে সাজানো একটি পাতায় দেখা যাচ্ছে, দেশের গোয়েন্দা দপ্তর বিভিন্ন পদে ২০০০ কর্মী নেবে। পত্রিকার ডেটলাইন পরবর্তী কোনও সংখ্যার, অর্থাৎ এখনও অপ্রকাশিত। পাঠককে আগাম খবর পৌঁছে দেবার তাগিদে কলকাতার কয়েকটি চাকরির পত্রিকা ('কর্মক্ষেত্র' নয়) আগের খবরটির মতো এটিও ছাপিয়ে দিয়েছে। এখন কেন্দ্রীয় সরকারের দপ্তর নিশ্চিত করেছে, আগেরটির মতো এই খবরটিও ভুয়ো।

যাঁরা প্রতারকদের ধরে থাকেন সেই গোয়েন্দা দপ্তরের নামেই সরকারি কাগজে বিজ্ঞাপন দিয়ে প্রতারণার চেষ্টা নিঃসন্দেহে উদ্বেগজনক। খবরাখবর না নিয়ে প্রতারকদের সাজানো ফাঁদে পা দিলে কেবল ক্ষতিরই সম্ভাবনা। অতএব সাবধানে থাকতে হবে।

স্বর্ণাক্ষরে ভ্রমণকাহিনি

অনলাইন কিনতে হলে লগ ইন করুন: www.readbengalibooks.com

বিমল মুখার্জির

দুচাকায় দুনিয়া

১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন প্রথম ভারতীয় ভূ-পর্যটক বিমল মুখার্জি। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।

অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত। ৮ম মুদ্রণ ₹৩০০

অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত

ভ্রমণকাহিনীর মহাসংকলন

সেরা ভ্রমণ কাহিনী

প্রখ্যাত লেখক-পর্যটকদের অবিস্মরণীয় ভ্রমণকথা

১ম খণ্ড ৪র্থ মুদ্রণ ₹৫০০

২য় খণ্ড ৩য় মুদ্রণ ₹৩০০

৩য় খণ্ড ১ম প্রকাশ ₹৩০০

ভ্রমণের নবনীতা

নবনীতা দেব সেন

নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।

তৃতীয় মুদ্রণ ₹১২৫

দেশে দেশে

প্রতাপকুমার রায়

প্রখ্যাত ভ্রামণিকের ভ্রমণগাথা ₹৭৫

ইছামতীর মশা

শঙ্খ ঘোষ

কবির দেখা কবির লেখা একগুচ্ছ অসাধারণ ভ্রমণকথার সংকলন।

পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

শঙ্খ ঘোষের

বেড়াতে যাবার সিঁড়ি

দাম ₹১২০

বসন্ত সিংহ রায়ের

কাঞ্চনজঙ্ঘা অভিযান

হার না মানা পর্বতারোহীর ডায়েরির পাতা থেকে সরাসরি, কাঞ্চনজঙ্ঘা অভিযানের অনুপুঙ্খ বিবরণ। প্রচুর ছবি।

দাম ₹১৫০

বন্ধুভরা বসুন্ধরা

অমরেন্দ্র চক্রবর্তী

দেশে দেশে ঘুরে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। ম্যাপলিথো কাগজে ছাপা।

পরিবর্ধিত ২য় সংস্করণ ₹১২০

চিন তিব্বত মোঙ্গোলিয়া

শঙ্কররঞ্জন রায়চৌধুরী

চিন, তিব্বত আর মোঙ্গোলিয়া— ভৌগোলিক রহস্যভরা তিন ভুবনে বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানোর পুঙ্খানুপুঙ্খ বর্ণনা।

দ্বিতীয় মুদ্রণ ₹৯০

বাঁধা পথের বাঁধন ছেড়ে

রবীন চক্রবর্তী

উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে। সঙ্গে খুঁটিনাটি দরকারি তথ্য।

২য় সংস্করণ ₹৯০

প্রাপ্তিস্থান

শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ **কথাশিল্প**, কলেজ স্ট্রিট। **অভিযান বুক স্টোর**, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ ফোন: ৮০১৭০ ৯০৬৫৫। **দে বুক স্টোর** (আদি), **দে বুক স্টোর** (দীপু), **বলাকা বুক স্টল** ইত্যাদি। ■ বাংলাদেশে: **বাতিঘর চট্টগ্রাম**, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। **বাতিঘর ঢাকা**, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/০১৯৭৩৩০৪৩৪৪। **বাতিঘর সিলেট**, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬

স্বর্ণাক্ষর ✆ ৯৮৩৬৩ ০৯১৭০ (সকাল ১১টা থেকে সন্ধে ৬টা)

ই-মেল: swarnakshar.books@gmail.com

*

পাঠকের চিঠি

অথ বিহঙ্গ কথা

যান্ত্রিক, রোগপীড়িত এই নাগরিক সভ্যতার বিপন্ন অবস্থা দেখে কবিগুরুর মতো আমাদেরও বলতে ইচ্ছে করে— 'তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর/ এখনি অন্ধ বন্ধ কোরো না পাখা।' বাস্তবিকই, জটায়ু-সম্পাতি-ব্যঙ্গমা-ব্যঙ্গমীরা গল্প হলেও বিভিন্ন প্রজাতির পাখি, আমাদের পরিবেশ-প্রকৃতি, সংস্কৃতি-লোক-ঐতিহ্যের সম্পদ। পাখি সম্পর্কে কিছু তথ্য 'পাঠকের পাতা'র জন্য পরিবেশন করলাম। আশা করি, 'পেশাপ্রবেশ'-এর বন্ধুদের সকলের উপকার হবে।

১। পক্ষিবিজ্ঞান বা Ornithology নিয়ে ভারতে সর্বপ্রথম উদ্যোগ নেন ভারতীয় জাতীয় কংগ্রেস-এর অন্যতম ইংরেজ উদ্যোক্তা— অ্যালান অক্টাভিয়ান হিউম।

২। প্রখ্যাত পক্ষিবিজ্ঞানী তথা 'Birdman of India' ডাঃ সালিম মইজুদ্দিন আবদেল আলি-কে পাখি চেনাতে উৎসাহ দেন বোম্বে ন্যাচারাল হিস্ট্রি সোসাইটি-র তদানীন্তন প্রধান ওয়াল্টার স্যামুয়েল মিলার্ড। ডাঃ সালিম আলি-র আত্মজীবনীর নাম— 'Fall of A Sparrow' (চড়াই-উতরাই— অনুবাদ: সুভাষ মুখোপাধ্যায়)।

৩। পাখিদের মধ্যে সবচেয়ে দ্রুত সাঁতরাতে পারে জেন্টু পেঙ্গুইন— ঘণ্টায় ৩৬ কিলোমিটার বেগে।

৪। বালি ময়না নামক পাখিটিকে খুঁজে বের করেন ব্রিটিশ পক্ষিবিজ্ঞানী লর্ড রথসচাইল্ড।

৫। গ্রেট হর্নবিল নামক ধনেশপাখি ৫০ বছর পর্যন্ত বাঁচতে পারে।

৬। কয়লাখনির মধ্যে বিষাক্ত কার্বন মনোক্সাইড গ্যাসের অস্তিত্বকে খুঁজে বের করার জন্য ক্যানারি পাখিদেরকে ব্যবহার করা হতো।

৭। প্রথম পাখি হিসাবে হাঁসকেই পোষ মানায় মানুষ।

৮। সবচেয়ে বড় ডানাওয়ালা পাখি (৪ মিটার) অ্যালবাট্রস বছরে ১ লক্ষ ২০ হাজার কিলোমিটার দূরত্ব পর্যন্ত উড়তে পারে।

৯। আটলান্টিক মহাসাগরের প্রত্যন্ত দ্বীপ ট্রিস্টান ডি কুনহা-র 'আইল্যান্ড রেইল' উড়তে অক্ষম (Ratite) ক্ষুদ্রতম পাখি।

১০। উত্তর অস্ট্রেলিয়া আর নিউ গিনি-তে দেখতে পাওয়া যায় ব্লু-ফেসড হানিইটার পাখিটিকে।

১১। লিইউই (Liwi) বা স্কারলেট হানিক্রিপার পাখিটিকে দেখতে পাওয়া যায় হাওয়াই দ্বীপে।

১২। সবচেয়ে বেশি ওজনের (৭ কেজি) উড়তে সক্ষম পাখি হল গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড।

১৩। এঞ্জেল টার্ন বা হোয়াইট টার্ন পাখিটিকে ১৭৮৬ খ্রিস্টাব্দে আবিষ্কার করেন সুইডেনের প্রকৃতিবিজ্ঞানী আন্ডার্স স্পারমান।

১৪। মার্কিন যুক্তরাষ্ট্রের টেনেসি রাজ্যের অন্তর্গত নক্সভিল পশু উদ্যানে থাকা আফ্রিকান গ্রে-প্যারট 'আইনস্টাইন' ২০০টি শব্দ উচ্চারণ করতে পারে।

১৫। ডানাতে নখ আছে একমাত্র হোয়াটজিন পাখির।

১৬। শুবিল পাখিটিকে কোনও পাখির বিভাগে অন্তর্ভুক্ত করা হয় না। হ্যারি পটার সিরিজে বর্ণিত পৌরাণিক জন্তু 'হিপ্পোগ্রিফ'-এর সঙ্গে তুলনা করা হয় শুবিল পাখিটিকে।

১৭। গ্রিকদেবী পাল্লাস আথেনা এবং হিন্দু পুরাণে সম্পদের দেবী লক্ষ্মী, দু'জনেরই বাহন নিশাচর পাখি পেঁচা।

১৮। প্রাচীন মিশরীয় পুরাণে মৃত্যুর দেবী নেফ্রুদেৎ-এর মুখটি শকুনের মতো।

১৯। সবচেয়ে বেশি পালকযুক্ত (প্রায় ২৫ হাজারটি) পাখি হল হুইসলিং সোয়ান।

২০। বর্তমানে সবচেয়ে দুষ্প্রাপ্য পাখি হল জাপানিজ ক্রেস্টেড আইবিস।

২১। সবচেয়ে ছোট পাখি হামিংবার্ড-কে সাধারণত দেখতে পাওয়া যায় কিউবা এবং আইল অব পাইনস দ্বীপে।

২১। সবচেয়ে মন্থরগতিতে ওড়া পাখি হল আমেরিকান উডকক। ঘণ্টায় ৮ কিলোমিটার গতিবেগে ওড়ে এই পাখিটি।

২২। 'Raven' বা 'কাক' নামক কবিতাটি লেখেন মার্কিনী অলৌকিক গল্পলেখক এডগার অ্যালেন পো। কাকেদের সমষ্টিবাচক বিশেষ্য হল 'Murder'। পঞ্চতন্ত্রে স্থিরজীবী ও মেঘবর্ণ নামক কাক এবং অরিমর্দন ও রক্তাক্ষ নামক পেঁচার কথা আছে।

কৌশিক রায়
সহ-শিক্ষক (ইংরেজি), আবেশকুড়ি উচ্চ মাদ্রাসা (উঃ মাঃ)
গ্রাম: সবরণদিঘি-রতিনাথপুর, পোঃ সর্বমঙ্গলা,
থানা: গঙ্গারামপুর, জেলা: দক্ষিণ দিনাজপুর, পিন-৭৩৩ ১২৪

খবরের পাতা

*

১ নভেম্বর-৩০ নভেম্বর

আ ন্ত র্জা তি ক

ট্রাম্পকে হারিয়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন

দীর্ঘ গণনাপর্ব মিটল। প্রেসিডেন্ট ট্রাম্পের ভোটের ফলাফলে কারচুপির অভিযোগ, আদালতে যাওয়ার হুমকিও কাজে এল না। জো বাইডেন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট এবং কমলা হ্যারিস প্রথম মহিলা ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হলেন।

১৪ নভেম্বর শেষ পাওয়া খবর অনুযায়ী, ডেমোক্র্যাট প্রার্থী বাইডেন জিতেছেন ৩০৬টি ইলেক্টোরাল ভোট এবং বিদায়ী প্রেসিডেন্ট রিপাবলিকান দলের ডোনাল্ড ট্রাম্প জিতেছেন ২৩২টি ভোট। ৫৩৮ সদস্যের ইলেক্টোরাল কলেজের ম্যাজিক ফিগার ২৭০।

৭৭ বছরের জোসেফ রবিনেট বাইডেন জুনিয়র মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট হতে চলেছেন। জানুয়ারি মাসে আনুষ্ঠানিক ভাবে হোয়াইট হাউসে প্রবেশ করবেন তিনি। বারাক ওবামার জমানায় আট বছর ভাইস প্রেসিডেন্ট ছিলেন বাইডেন। তাঁর জন্ম ১৯৪২-এর ২০ নভেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়ায়। পারিবারিক ব্যবসা ছিল খনিজ তেলের। বাইডেনের প্রাথমিক পড়াশোনা ক্লেমন্টের আর্চমেয়ার অ্যাকাডেমিতে। ফুটবল এবং বেসবলে ছিলেন চৌকস। ডেলাওয়্যার বিশ্ববিদ্যালয় থেকে তিনি ১৯৬৫ সালে স্নাতক হন। বিষয় ছিল ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান এবং ইংরেজি। ১৯৬৮ সালে আইনবিদ্যায় ডিগ্রি লাভ করেন। প্রথম জীবনে ল ফার্মে চাকরি করার সময় একটি ফার্মের মালিক, নামী এক ডেমোক্র্যাট নেতার সান্নিধ্যে আসেন তিনি এবং সক্রিয় ডেমোক্র্যাটপন্থী হয়ে ওঠেন। কাউন্টি কাউন্সিলের দায়িত্ব পালন করার পর ১৯৭২ সালে ডেলাওয়্যার থেকে জুনিয়র সেনেটর নির্বাচিত হন।

এবারের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল বিশ্লেষণ করে দেখা যাচ্ছে, দেশের মধ্যভাগের বেশির ভাগ প্রদেশেই বিপুল জনসমর্থন পেয়ে জিতেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রিপাবলিকান দলের প্রার্থীরা। অন্য দিকে, দেশের পূর্ব প্রান্ত ও পশ্চিম প্রান্ত ডেমোক্র্যাটদের সঙ্গেই রয়েছে। নর্থ ডাকোটা, সাউথ ডাকোটা, নেব্রাস্কা, কানসাস, ওকলাহোমা, মিসোরি, আইওয়া, আরকানসাস, লুইজিয়ানা, টেক্সাস, ফ্লরিডা, অ্যালাবামা প্রভৃতি প্রদেশে সহজ জয় পেয়েছেন রিপাবলিকান প্রার্থীরা। অন্য দিকে, প্রশান্ত মহাসাগর এবং অতলান্তিক ঘেঁষা প্রদেশগুলিতে জয় পেয়েছেন ডেমোক্র্যাটরা। জয় এসেছে নিউ ইয়র্ক, ওয়াশিংটন, ওরেগন, নিউ মেক্সিকো, কলোরাডো,

পেনসিলভেনিয়া, উইসকনসিন, মিশিগান, আলাস্কা, পেনসিলভিনিয়া, নর্থ ক্যারোলাইনা, আরিজোনা, নেভাডা ও জর্জিয়ায়। ইলেক্টোরাল ভোটের নিরিখে সব থেকে বড় প্রদেশ ক্যালিফোর্নিয়ায় (৫৫ ইলেক্টোরাল ভোট) বাইডেন জিতেছেন ২২ শতাংশ বেশি ভোটে।

কমলা* হ্যারিসকে পাশে নিয়ে এদিন সাংবাদিক সম্মেলনে বাইডেন বলেন, 'প্রেসিডেন্ট হিসেবে গোটা দেশের প্রতিনিধিত্ব করাটাই প্রধান দায়িত্ব হবে আমার। অতিমারি রুখে দেশের সেবা করার সময় এটা। তাই সব রাগ, ক্ষোভ, বিবাদ ভুলে এখন সবাইকে একজোট হতেই হবে।'

কাবুল বিশ্ববিদ্যালয়ে হানা, হত ২২

ফের জঙ্গি হামলায় কেঁপে উঠল আফগানিস্তান। এবার কাবুল বিশ্ববিদ্যালয় চত্বরে ঢুকে তাণ্ডব চালাল তিন বন্দুকবাজ। স্থানীয় প্রশাসন সূত্রে খবর, ২ নভেম্বরের এই হামলায় ২২ জনের মৃত্যু হয়েছে। আহত অন্তত ২৫। নিহতদের বেশিরভাগই পড়ুয়া।

বন্দুকবাজদের সঙ্গে ঘণ্টা পাঁচেক সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয় চত্বর নিজেদের নিয়ন্ত্রণে আনে আফগান সেনা। সংঘর্ষে প্রাণ গিয়েছে জঙ্গিদেরও। হামলার সময়ে বিশ্ববিদ্যালয়ে একটি বইমেলা চলছিল বলে জানা গিয়েছে।

গোড়ায় কোনও জঙ্গিগোষ্ঠী হামলার দায় না নিলেও, পরে আই এস দায় স্বীকার করেছে বলে সংবাদমাধ্যম সূত্রে খবর। ইরানের একাধিক সংবাদমাধ্যম দাবি করেছে, কাবুল বিশ্ববিদ্যালয়ে এদিন থেকে শুরু হওয়া ওই বইমেলায় অন্তত ৪০টি ইরানি প্রকাশনার অংশ নেওয়ার কথা ছিল। ইরানি রাষ্ট্রদূত বাহাদর আমনিয়ান নিজে গিয়েছিলেন বইমেলা উদ্বোধন করতে। সঙ্গে আরও কয়েকজন ইরানি কূটনীতিক। তাঁরাই হামলার লক্ষ্য ছিলেন কি না, খতিয়ে দেখছে কাবুল ও তেহরান।

আফগানিস্তানে বিশ্ববিদ্যালয় চত্বরে জঙ্গি হামলা এই প্রথম নয়। ২০১৬-য় কাবুলের আমেরিকান বিশ্ববিদ্যালয়ে হামলায় প্রাণ গিয়েছিল ১৩ জনের। গত বছর এই কাবুল বিশ্ববিদ্যালয়ের গেটে বোমা বিস্ফোরণে মৃত্যু হয় আট জনের। আমেরিকার সমর্থন পাওয়া আফগান সরকার যখন জঙ্গিদের সঙ্গে শান্তি আলোচনা চালিয়ে যাচ্ছে, সেই সময় আরও একটি জঙ্গি হামলা জল আরও ঘোলা করল বলেই মনে করা হচ্ছে।

প্রশাসনের তরফে জানানো হয়, বিকেলে হঠাৎই তিন বন্দুকবাজ বিশ্ববিদ্যালয়ে ঢুকে এলোপাথাড়ি গুলি ছুড়তে শুরু করে। তাদের হাতে ছিল কালাশনিকভ রাইফেল।

ব্রিটেনে ফের শুরু লকডাউন

কোভিড সংক্রমণ বাড়ায় কঠোর পদক্ষেপ করল ব্রিটিশ প্রশাসন। ৬ নভেম্বর ফের চার সপ্তাহের জন্য লকডাউন ঘোষণা করলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন।

নতুন করে লকডাউনের অঙ্গ হিসেবে রেস্তোরাঁ, পাব, আর্ট গ্যালারি, মিউজিয়াম বন্ধ করে দেওয়া হল। জারি করা হয়েছে নির্দেশিকা— কেউ যদি লকডাউনের নিয়ম ভাঙেন, ২০০ পাউন্ড জরিমানা দিয়ে শুরু। তারপর থেকে এক বার নিয়ম ভাঙলেই অঙ্কটা আগের দ্বিগুণ হতে থাকবে। লকডাউনের তোয়াক্কা না করে কেউ বড়সড় জমায়েতের চেষ্টা করলে গুনতে হবে ১০ হাজার পাউন্ড। শরীরচর্চা করতে বা দোকানে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র কিনতে অবশ্য যেতে পারবেন সাধারণ মানুষ। তবে অত্যাবশ্যকীয় পণ্য বিক্রি হয় না, এমন দোকান বন্ধই থাকবে। যদিও খোলা থাকছে স্কুল ও বিশ্ববিদ্যালয়।

কোভিড-১৯ অতিমারির এখনও কোনও উপযোগী প্রতিষেধক মেলেনি। সংক্রমণের দ্বিতীয় ঢেউ আছড়ে পড়ার আশঙ্কায় দেশে দেশে ফের কড়া হচ্ছে বিধিনিষেধ। যদিও তার মধ্যেই বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-র ৭৩তম বিশ্ব হেল্‌থ অ্যাসেম্বলি (ডব্লু এইচ এ)-র ভার্চুয়াল বৈঠকে করোনা নিয়ে আশার বার্তাই শোনালেন বিশেষজ্ঞেরা। তাঁদের মতে, সময়ের সঙ্গে বিজ্ঞান, সমাধান এবং পারস্পরিক সাহায্যের মাধ্যমে করোনাকে হারিয়ে ফের স্বাভাবিক জীবনে ফিরবে বিশ্ব। যদিও পরবর্তী অতিমারির জন্য এখন থেকেই কোমর বাঁধার উপদেশ দিয়েছেন হু-র বিশেষজ্ঞেরা। সেই পরিপ্রেক্ষিতে ইন্টারন্যাশনাল হেল্‌থ রেগুলেশন (২০০৫) নির্দেশিত বিধি মেনে একটি খসড়া বিধি তৈরি করবে ডব্লু এইচ এ, যাতে পরবর্তী কালে এ ধরনের কোনও স্বাস্থ্য-সংকট দেখা দিলে বিশ্ব তার সঙ্গে লড়াইয়ের জন্য প্রস্তুত থাকে।

হাফিজ সইদের ১০ বছরের কারাদণ্ড

মুম্বই হামলার অন্যতম চক্রী হাফিজ সইদকে ১৯ নভেম্বর সন্ত্রাসে আর্থিক মদতের মামলায় ১০ বছরের কারাদণ্ড দিল পাকিস্তানের একটি আদালত। বর্তমানে হাফিজ সইদ লাহোরের কোট লাখপত জেলে বন্দি।

এদিন লাহোরের সন্ত্রাসদমন আদালত দু'টি মামলায় হাফিজ-সহ জামাত-উদ-দাওয়ার চার নেতাকে কারাদণ্ডের নির্দেশ দিয়েছে। হাফিজ ও তার দুই ঘনিষ্ঠ শাগরেদ জাফর ইকবাল ও ইয়াহিয়া মুজাহিদকে সাড়ে ১০ বছরের কারাদণ্ডের নির্দেশে দিয়েছে আদালত। হাফিজের আত্মীয় আব্দুল রহমান মাক্কিকেও ছ'মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। উল্লেখ্য, এর আগে ফেব্রুয়ারিতেও হাফিজ ও তার কয়েক জন শাগরেদকে সন্ত্রাসে মদত দেওয়ার অভিযোগে দোষী সাব্যস্ত করে ১১ বছরের কারাদণ্ড দিয়েছিল পাকিস্তানের একটি আদালত। বর্তমানে লাহোরের কোট লাখপত জেলে রয়েছে হাফিজ।

মূলত আন্তর্জাতিক চাপের কাছে নতিস্বীকার করেই গত বছর জুলাইয়ে সন্ত্রাসে আর্থিক মদত জোগানোর অভিযোগে হাফিজকে গ্রেপ্তার করেছিল পাক প্রশাসন। হাফিজ ও তার শাগরেদদের বিরুদ্ধে ৪১টি মামলা দায়ের করে পাকিস্তানের সন্ত্রাসদমন বিভাগ। তার মধ্যে চারটি মামলার রায় বেরিয়েছে। কূটনীতিকদের মতে, সন্ত্রাসে আর্থিক মদতের আন্তর্জাতিক নজরদারি সংস্থা এফ টি এফ-এর চাপেই জঙ্গিদের বিরুদ্ধে পদক্ষেপ করা শুরু করেছে পাকিস্তান।

উল্লেখ্য, দীর্ঘদিন ধরেই পাকিস্তানে জঙ্গিদের রাষ্ট্রীয় মদত বন্ধ করতে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও মিত্র দেশগুলির কাছে তদ্বির করছে ভারত। বছর দেড়েক আগে এফ টি এফ-কে দেওয়া একটি রিপোর্টে ভারতের তরফে দাবি করা হয়, জামাত-উদ দাওয়া তথা লস্কর-ই-তইবার মূল শাখা-সংগঠন ফালাহ- -ই-ইনসানিয়াতের ৬০টি অ্যাকাউন্ট পাকিস্তান বন্ধ করেছে। কিন্তু তাতে ওই সংগঠনের বিশেষ অসুবিধা হয়নি। কারণ, তাদের অন্য নানা অ্যাকাউন্টে ক্রমাগত অর্থ জমা পড়ছে। বিশ্বের চোখে ধুলো দিতেই ওই পদক্ষেপ করেছে পাকিস্তান। গত বছর কাশ্মীরের পুলওয়ামায় সি আর পি-র কনভয়ে গাড়িবোমা বিস্ফোরণে জড়িত জইশ-ই-মহম্মদকে পাক গুপ্তচর সংস্থা কী ভাবে সাহায্য করেছে, তারও প্রমাণ এফ টি এফ-কে দিয়েছে দিল্লি। এর পর থেকেই এফ টি এফ-এর কালো তালিকাভুক্ত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে পাকিস্তানে। এফ টি এফ-এর কালো তালিকাভুক্ত হলে আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার, বিশ্ব ব্যাঙ্ক, এশীয় উন্নয়ন ব্যাঙ্ক থেকে আর্থিক সাহায্য পাওয়া কঠিন হবে ইতিমধ্যেই ধূসর তালিকায় থাকা পাকিস্তানের পক্ষে। গত অগস্টে নিজেদের বিরুদ্ধে জঙ্গি পোষণের অভিযোগ ঝেড়ে ফেলতে সেজন্যই তৎপর হয়ে ওঠে ইসলামাবাদ।

৮৮টি জঙ্গিগোষ্ঠী ও তাদের নেতাদের বিরুদ্ধে আর্থিক নিষেধাজ্ঞা জারি করেছিল পাকিস্তান। এদের মধ্যে রয়েছে হাফিজ সইদ ও জামাত, জইশ ও তার নেতা মাসুদ আজহার, দাউদ ইব্রাহিম ও ডি কোম্পানি। সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী, তাদের সব সম্পত্তি ও অ্যাকাউন্ট ফ্রিজ করা হয়েছে। কূটনীতিকদের মতে, মার্কিন যুক্তরাষ্ট্রে ক্ষমতায় আসতে চলা নতুন প্রশাসনের কাছে নিজেদের ভাবমূর্তি উজ্জ্বল করতেই এই নতুন চাল। হাফিজকে 'আন্তর্জাতিক জঙ্গি'র তকমা দিয়েছে আমেরিকা। এক সময় হাফিজের বিরুদ্ধে তথ্য দিলে ১ কোটি ডলার পুরস্কার দেওয়ার কথাও ঘোষণা করেছিল মার্কিন প্রশাসন।

জা তী য়

হাড্ডাহাড্ডি লড়াইয়ে বিহারে জয় পেল এন ডি এ

বিহারে বিধানসভা নির্বাচনের ভোট গণনায় শেষ পর্যন্ত টানটান উত্তেজনা বজায় রইল এবং কোনও মতে জয় পেল এন ডি এ। তবে, জে ডি ইউ-কে পিছনে ফেলে বড় শরিক হিসেবে আত্মপ্রকাশ করল বি জে পি। ভালো ফল করল বাম দলগুলিও।

করোনার পর হওয়া দেশের প্রথম উল্লেখযোগ্য ভোট হিসেবে বিহার নির্বাচন রাজনৈতিক ভাবে বিশেষ তাৎপর্যপূর্ণ ছিল। আগামী বছর পাশের রাজ্য পশ্চিমবঙ্গে নির্বাচনের আগে বিহারে বি জে পি কতটা প্রভাব ফেলতে পারে, সেদিকে নজর ছিল রাজনৈতিক মহলের। দেখা গেল আশাতীত ফল করেছে তারা। এন ডি এ জোটের মধ্যেও ক্ষমতাসীন জে ডি ইউকে অনেটাই পিছনে ফেলেছে। রাজ্যে দল-ভিত্তিক ফলের নিরিখে তিন নম্বরে চলে গিয়েছে মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের দল। প্রথম স্থানে উঠে এসেছে লালুপ্রসাদ ও তেজস্বী যাদবের নেতৃত্বাধীন আর জে ডি।

বস্তুত, বিহারে এবারের নির্বাচনে বি জে পি-নেতৃত্বাধীন এন ডি এ-জোট এবং আর জে ডি, কংগ্রেস এবং বাম দলগুলিকে নিয়ে গঠিত মহাগঠবন্ধনের মধ্যে দ্বিমুখী লড়াই হবে বলে মনে করা হলেও, আলাদা করে ভালো ফল করেছে বাম দল এবং আসাদুদ্দিন ওয়েইসির অল ইন্ডিয়া মজলিশ-ই-ইত্তেহাদুল মুসলিমিন (মিম)।

১০ নভেম্বর ভোটের ফলাফল প্রকাশিত হয়।

বিশদ ফলাফল এরকম— মোট আসন ২৪৩টি (এন ডি এ জোট ১২৫টি, মহাগঠবন্ধন ১১০টি, অন্যান্য ৮টি)।

দলভিত্তিক আসন— এন ডি এ জোট ১২৫ টি (বি জে পি ৭৪টি, জে ডি ইউ ৪৩টি, এইচ এ এম এস ৪টি, ভিআই পি ৪টি), মহাগঠবন্ধন ১১০টি (আর জে ডি ৭৫টি, কংগ্রেস ১৯টি, সি পি আই-এম এল ১১টি, সি পি আই-এম ৩টি, সি পি আই ২টি), অন্যান্য ৮ (মিম ৫টি, এল জে পি ১টি, বি এস পি ১টি, আই এন ডি ১টি)।

প্রাপ্ত ভোটে উত্থান-পতন— বি জে পি জিতেছে ৭৪টি আসনে। আগের নির্বাচনে তারা পেয়েছিল ৫৩টি আসন। যদিও ৪.৯৬ শতাংশ ভোট কমেছে তাদের। অন্য দিকে আর জে ডি রাজ্যের বৃহত্তম দল হলেও গত বারের তুলনায় ৫টি আসন কম পেয়েছে, তবে ভোট বেড়েছে ৪.৭৯ শতাংশ। মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের জে ডি ইউ গত বারের ৭১টি আসন থেকে নেমে এসেছে ৪৩টি আসনে। ভোট কমেছে ১.৪৪ শতাংশ। গত নির্বাচনে ২৭টি আসন পেলেও এবার মাত্র ১৯টি আসন পেয়েছে কংগ্রেস। তবে ২.৮২ শতাংশ ভোট বেড়েছে। বিহারের সদ্যপ্রয়াত হেভিওয়েট নেতা রামবিলাস পাসোয়ানের এল জে পি, রামবিলাস-পুত্র চিরাগ পাসোয়ানের নেতৃত্বে এন ডি এ-জোটের বাইরে এসে একা লড়ে একটি মাত্র আসন পেয়েছে। যদিও তারা জে ডি ইউয়ের ভোট কেটে বি জে পি-র সুবিধা করে দিয়েছে বলে মনে করা হচ্ছে।

বস্তুত ভোট কাটাকাটির খেলা এবারের বিহার নির্বাচনের অন্যতম বৈশিষ্ট্য হয়ে ওঠে। উত্তর বিহারের মুসলিম অধ্যুষিত সীমাঞ্চল এলাকায় ভোট ভাগাভাগি করে ডজনখানেক আসনে মহাগঠবন্ধনের প্রার্থীদের জেতা ভন্ডুল করে দিয়েছে আসাদুদ্দিন ওয়েইসির এম আই এম।

তবে একদা 'সুশাসনবাবু' নামে পরিচিত নীতীশ কুমারের ভরাডুবির পিছনে প্রতিষ্ঠানবিরোধিতা, শেষ পাঁচ বছরের একাধিক দুর্নীতি এবং লকডাউনে পরিযায়ী শ্রমিকদের দুর্দশা অন্যতম কারণ হিসেবে দেখা দিয়েছে বলে মত রাজনৈতিক মহলের। অন্য দিকে, ক্ষমতার দোরগোড়ায় থেমে গেলেও এ বারের ভোটে নেতা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছেন কারাবন্দি লালুপ্রসাদ যাদবের পুত্র তেজস্বী যাদব।

কোনও ক্রমে ম্যাজিক ফিগার ১২২ পার করে এন ডি এ জোট বিহারে ফের ক্ষমতায় এসে মুখ্যমন্ত্রী হিসেবে বেছে নিয়েছে নীতীশ কুমারকেই। ১৬ নভেম্বর একাদিক্রমে চতুর্থ বারের জন্য মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন নীতীশ কুমার। এই নিয়ে সপ্তম বার মুখ্যমন্ত্রীর কুর্সিতে বসলেন তিনি। উপমুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন বি জে পি-র সঙ্ঘ-ঘনিষ্ঠ কট্টর নেতা তারকিশোর প্রসাদ ও রেণু দেবী। নীতীশ কুমারের সঙ্গে এদিন পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন আরও ১৪ জন। এঁদের মধ্যে পাঁচ জন জে ডি ইউয়ের। রয়েছেন শরিক হাম দলের নেতা জিতনরাম মাঁঝির ছেলে সন্তোষকুমার সুমন এবং ভি আই পি দলের মুকেশ সাহনী। বাকি ৭ জন বি জে পি-র।

দিল্লিতে কৃষক আন্দোলন

বিতর্কিত কৃষি আইন প্রত্যাহারের দাবিতে পাঞ্জাব, হরিয়ানা-সহ ছয় রাজ্য থেকে কৃষকেরা 'দিল্লি চলো' অভিযানে বেরিয়ে পড়েন। রাজধানীর দিকে এগোনোর সময় পুলিশের জল-কামান আর কাঁদানে গ্যাসের যথেচ্ছ ব্যবহারও তাঁদের দমাতে পারেনি। ২৬ নভেম্বর, সংবিধান দিবসে কুরুক্ষেত্রের চেহারা নেয় পাঞ্জাব-হরিয়ানা সীমান্ত।

তার আঁচ পড়ে রাজধানীতেও। বর্তমানে হরিয়ানা-দিল্লির সিঙ্ঘু সীমানায় অনির্দিষ্ট কালের জন্য অবস্থান করছেন কয়েক হাজার কৃষক।

কেন্দ্রের নয়া তিন কৃষি আইন বাতিল করার দাবিতে ২৬ নভেম্বর দেশ জোড়া ধর্মঘটের দিনে প্রতিবাদী চাষিরা যে দিল্লির দিকে পা বাড়াবেন, তা মাস দুয়েক আগেই জানিয়ে দিয়েছিল বিভিন্ন কৃষক সংগঠন। রাজধানীতে মিছিল এসে পৌঁছনোর কথা ছিল ৫-৬টি রাজ্য থেকে। এদিন গাড়িতে, ট্রাকে, ট্রাক্টরে, এমনকী পায়ে হেঁটেও কাতারে-কাতারে চাষি ভিড় জমান রাস্তায়।

প্রথম প্রতিরোধ আসে হরিয়ানায় ঢোকার মুখে। দুই রাজ্যের শম্ভু সীমান্তে সেতুর উপর সেই মিছিলকে ছত্রভঙ্গ করার চেষ্টা করে হরিয়ানা পুলিশ। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। অবস্থা সামাল দিতে ব্যবহার করা হয় কাঁদানে গ্যাস। দিল্লির আগেই মিছিল রুখে দিতে পানিপত ও সোনপতের মধ্যে জায়গায় জায়গায় রাস্তা খুঁড়ে দেয় পুলিশ। আটক করা হয় বহু কৃষক নেতাকে। কার্যত 'সিল' করে দেওয়া হয় হরিয়ানা-দিল্লি সীমান্ত।

প্রশাসনের শেষ রক্ষা তারপরও হয়নি। প্রবল প্রতিরোধ সত্ত্বেও পিছু না-হটে রাজধানীর উপকণ্ঠে পৌঁছে যান চাষিরা। বিস্তর টালবাহানার পর শেষ পর্যন্ত কৃষকদের মিছিলকে দিল্লিতে প্রবেশের অনুমতি দেওয়া হয়। বলা হয়, উত্তর দিল্লির নিরঙ্কারি ময়দানে শান্তিপূর্ণ ভাবে প্রতিবাদ জানাতে পারবেন তাঁরা। যদিও মিছিলে শামিল কৃষক সংগঠনগুলি নিরঙ্কারি ময়দানে যেতে রাজি হয়নি। তাদের বক্তব্য, নিরঙ্কারি ময়দানের মতো জনবিরল জায়গায় গিয়ে মাসের পর মাস বসে থাকলেও কথা কানে তুলবে না কেন্দ্র। ফলে তাঁরা জাতীয় সড়কের উপরই বিক্ষোভ দেখাতে শুরু করেন।

কেন্দ্রীয় কৃষি মন্ত্রী নরেন্দ্র সিংহ তোমর এবং স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সঙ্গে কৃষক নেতাদের বেশ কয়েক দফার বৈঠকও ইতিমধ্যে ব্যর্থ হয়েছে। কৃষি আইন বাতিলের দাবিতে অনড় কৃষকরা। অন্যদিকে আইনে সংশোধনের ইঙ্গিত দিলেও আইন বাতিল করতে নারাজ কেন্দ্রীয় সরকার। এরকম ন যযৌ ন তস্থৌ পরিস্থিতির মধ্যে আপাতত সিঙ্ঘুতে অনির্দিষ্ট কালের জন্য ধর্নায় বসে আছেন কৃষকরা। মাইলের পর মাইল রাস্তার দু'ধারে সার দিয়ে দাঁড় করানো রয়েছে ট্রাক-টেম্পো-ট্রাক্টর, যা আপাতত তাঁদের অস্থায়ী আস্তানা। সেখানে মজুত মাস দুয়েকের রসদও। একই ছবি দিল্লি থেকে পানিপত কিংবা রোহতক যাওয়ার রাস্তায়। চাষিরা জমায়েত হয়েছেন টিকরি সীমানাতেও। রাজস্থান, উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড, মহারাষ্ট্র থেকেও চাষিরা এসে ধর্নায় যোগ দিচ্ছেন ইতিমধ্যেই প্রবল ঠান্ডায় ১৬ জন আন্দোলনকারীর মৃত্যুও হয়েছে। কিন্তু মোদী সরকার তিন কৃষি আইন ফিরিয়ে না নেওয়া পর্যন্ত কৃষকরা ধর্নায় বসে থাকবেন বলেই ঠিক করেছেন।

শ্রীনগরে হত হিজবুল প্রধান

শ্রীনগরের শহরতলি এলাকায় ভারতীয় বাহিনীর সঙ্গে সংঘর্ষে নিহত হল কাশ্মীরে জঙ্গিগোষ্ঠী হিজবুলের দায়িত্বে থাকা 'ডক্টর' সইফুল্লা মির। জম্মু-কাশ্মীরের বিশেষ মর্যাদা লোপের ঠিক

পরপরই ভিন রাজ্যের দুই ট্রাক-চালকের হত্যার ঘটনায় জড়িত ছিল সে। কুলগামে বি জে পি কর্মীদের সাম্প্রতিক হত্যার ঘটনাতেও সে জড়িত।

জম্মু-কাশ্মীর পুলিশের আই জি বিজয় কুমার জানিয়েছেন, গোপন সূত্রে পুলিশের কাছে খবর ছিল সইফুল্লা দক্ষিণ-কাশ্মীর থেকে শ্রীনগরে এসে একটি বাড়িতে লুকিয়ে আছে। ওই খবরের ভিত্তিতে ১ নভেম্বর শ্রীনগরের রংরেথ এলাকা ঘিরে ফেলে পুলিশ এবং সি আর পি এফের যৌথ বাহিনী। পরে এই অভিযানে যোগ দেয় সেনা। তল্লাশির সময় জঙ্গিরা জওয়ানদের লক্ষ্য করে গুলি ছুড়লে সংঘর্ষ শুরু হয়। প্রায় ঘণ্টাতিনেক সংঘর্ষ চলার পর এক জঙ্গির দেহ উদ্ধার করে বাহিনী। তাকে হিজবুল-প্রধান সইফুল্লা বলে শনাক্ত করা হয়েছে। আর-এক সন্দেহভাজন জঙ্গিকেও পাকড়াও করা হয়েছে।

জম্মু-কাশ্মীর পুলিশের দাবি, সইফুল্লা মিরের বাড়ি পুলওয়ামার মালংপোরা এলাকায়। পুলওয়ামার আই টি আই থেকে বায়োসায়েন্স নিয়ে পড়াশোনা করে শ্রীনগরে একটি সরকারি প্রতিষ্ঠানে কাজ করত সে। ২০১৪ সালে রিয়াজ নাইকুর প্রভাবে সইফুল্লা হিজবুল মুজাহিদিনে যোগ দেয়। নিহত আর-এক হিজবুল নেতা বুরহান ওয়ানিরও ঘনিষ্ঠ ছিল সে। সংঘর্ষে আহত জঙ্গিদের চিকিৎসা করায় হিজবুলে 'ডক্টর' হিসেবে পরিচিতি পায় সইফুল্লা।

এরপর হিজবুল মুজাহিদিনে বুরহান ওয়ানির ঘনিষ্ঠ জঙ্গিদের কেউই আর বেঁচে রইল না বলে দাবি পুলিশের। উল্লেখ্য, গত মে মাসে পুলওয়ামায় একই সঙ্গে তিনটি অভিযান চালিয়েছিল যৌথ বাহিনী। তার মধ্যে একটি অভিযানে নিহত হয় নাইকু। তার পরেই উপত্যকায় হিজবুলের দায়িত্ব নেয় বছর একত্রিশের সইফুল্লা। ভিন রাজ্যের দুই ট্রাক-চালক, কুলগামে বি জে পি কর্মীদের হত্যা এবং একাধিক পুলিশকর্মীর খুনের ঘটনায় জড়িয়ে যায় তার নাম।

বিদেশি লগ্নির আহ্বান প্রধানমন্ত্রীর

মজবুত গণতন্ত্র, স্থায়ী সরকার, স্বচ্ছ প্রশাসন, সাহসী সংস্কার এবং বিপুল বাজার— মূলত এই 'পঞ্চ-তন্ত্রে' ভারতকে বিদেশি বিনিয়োগের জন্য সব

থেকে নিরাপদ ও আকর্ষণীয় গন্তব্য বলে তুলে ধরলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫ নভেম্বর আমেরিকা, ইউরোপ, কানাডা, সিঙ্গাপুর-সহ বিশ্বের বিভিন্ন প্রান্তের ২০টি বৃহৎ পেনশন ও বিদেশি রাষ্ট্রায়ত্ত বিনিয়োগ তহবিলের কর্ণধারদের সঙ্গে ভার্চুয়াল গ্লোবাল ইনভেস্টর রাউন্ডটেবিল শীর্ষক ভিডিয়ো-বৈঠকে বসেছিলেন প্রধানমন্ত্রী মোদী। এঁদের সিদ্ধান্তে ভর করে ৬ লক্ষ কোটি ডলার খাটে পৃথিবীর বিভিন্ন দেশে। ভারতের তরফে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাস ছাড়াও এ দেশে নিজেদের লগ্নি-অভিজ্ঞতা ভাগ করে নিতে এই বৈঠকে উপস্থিত ছিলেন রিলায়্যান্স গোষ্ঠীর কর্ণধার মুকেশ অম্বানী, টাটা গোষ্ঠীর রতন টাটা, এইচ ডি এফ সি ব্যাঙ্কের দীপক পারেখের মতো কর্পোরেট কর্তারা।

এদিন ভারতে খনন ও নির্মাণের ভারী যন্ত্র তৈরিতে লগ্নির আশ্বাস দিয়েছে জাপানি সংস্থা টয়োটা তুশো। প্রাথমিক প্রতিশ্রুতি মিলেছে ওই দেশের গাড়ির যন্ত্রাংশ নির্মাতা সুমেদা-র তরফেও। কোভিডে বিধ্বস্ত বিশ্ব অর্থনীতিতে ভারত সেই গুটিকয়েক দেশের মধ্যে অন্যতম, যেখানে শেয়ার ও ঋণপত্রের বাজারে রিটার্ন চড়া। ফলে ওই সমস্ত তহবিল আগামী দিনে আরও বেশি করে ভারতে টাকা ঢালতে আগ্রহী হতে পারে বলে মত বিশেষজ্ঞদের। কেন্দ্রের মতে, পরিকাঠামোয় ১১০ লক্ষ কোটি টাকারও বেশি বিনিয়োগের হাত ধরেই ছন্দে ফিরবে ভারতীয় অর্থনীতি।

এদিন প্রধানমন্ত্রী শুরুতেই বলেন, 'আমরা একে অপরকে ভাল করে বুঝলে, আপনাদের পরিকল্পনা এবং আমাদের লক্ষ্যকে এক জায়গায় আনতে সুবিধা হবে।' মোদীর দাবি, '(চড়া) রিটার্ন, বিশ্বাসযোগ্যতা, (বিপুল) চাহিদা, (মজবুত) গণতন্ত্র, স্থিতিশীলতা, আর্থিক বৃদ্ধি এবং পরিবেশের প্রতি সংবেদনশীলতা— সমস্ত কিছু এক জায়গায় চাইলে ভারতই বিনিয়োগের সেরা গন্তব্য।' এই যুক্তির সমর্থনে নিজের জমানায় সংস্কারের লম্বা তালিকা লগ্নিকারীদের সামনে তুলে ধরেছেন তিনি। মনে করিয়ে দিয়েছেন, নতুন কৃষি আইনের দৌলতে এ দেশের চাষিদের সঙ্গে সরাসরি গাঁটছড়া বাঁধতে পারবে সংস্থা, ব্যবসা করা সহজ হবে নতুন শ্রম বিধির কল্যাণে, মহাকাশ থেকে কয়লা— বিভিন্ন ক্ষেত্রের দরজা বেসরকারি ও বিদেশি লগ্নির জন্য খুলে দেওয়া হয়েছে।

ওয়েবেও শুরু সরকারি নজরদারি

নিউজ পোর্টালের খবর থেকে সোশ্যাল মিডিয়ার তথ্য, এমনকী ওয়েব সিরিজ— অনলাইন দেখা যায় এমন যে-কোনও খবর ও বিনোদন সংক্রান্ত বিষয়ের উপর নজরদারি করবে কেন্দ্রের তথ্য ও সম্প্রচার মন্ত্রক। এতদিন সিনেমা কিংবা টেলিভিশনে প্রদর্শিত বিষয়ের জন্য নিয়ন্ত্রক সংস্থা থাকলেও, অনলাইনে সেরকম কোনও ব্যবস্থা ছিল না।

অনলাইনে কোন কোন ক্ষেত্রে নজরদারি চালাতে চাইছে কেন্দ্র? এগুলির মধ্যে রয়েছে— নিউজ পোর্টালের খবর, সোশ্যাল মিডিয়ায় খবরের টুকরো (নিউজ ফিড), তথ্যচিত্র, নেটফ্লিক্স-আমাজন প্রাইম-হটস্টারের মতো অনলাইন সিনেমা এবং ওয়েব সিরিজ দেখার মাধ্যম। অনলাইন সম্প্রচারিত বা প্রকাশিত তথ্য-বিনোদন দুনিয়ার যাবতীয় লেখা, অডিও, ভিডিও-র উপর থাকবে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের এই নজরদারি। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের অনুমোদন পাওয়ার পর এই বিষয়ে ১১ নভেম্বর বিজ্ঞপ্তি জারি করেছে কেন্দ্রীয় সরকার।

আপাত ভাবে নজরদারির কথা বলা হলেও এটি কার্যত অনলাইন বিনোদন ও সংবাদের ক্ষেত্রে সরকারি শাসন কায়েমের পদক্ষেপ কিনা তা নিয়ে বিজ্ঞপ্তি জারির পর থেকেই শুরু হয় জল্পনা। সংবাদপত্র, টেলিভিশন এবং চলচ্চিত্রের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এ দেশে অনেক আগে থেকেই রয়েছে। সংবাদপত্র কোনও ভুয়ো খবর বা টাকার বিনিময়ে কোনও খবর ছাপছে কি না, তা দেখার দায়িত্ব প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার। টেলিভিশনের খবর এবং বিজ্ঞাপন খতিয়ে দেখে যথাক্রমে নিউজ ব্রডকাস্টার্স অ্যাসোসিয়েশন এবং অ্যাডভার্টাইজিং স্ট্যান্ডার্ডস কাউন্সিল অব ইন্ডিয়া। প্রেক্ষাগৃহে চলচ্চিত্র দেখাতে সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশনের ছাড়পত্র প্রয়োজন হয়। পরবর্তী কালে ইন্টারনেটের ক্ষেত্রেও কোনও স্বশাসিত নিয়ন্ত্রক সংস্থা গড়ার এটি প্রাথমিক পদক্ষেপ কিনা সেই আশঙ্কাও প্রকাশ করা হয় বিভিন্ন মহল থেকে।

সরকারি তরফে অবশ্য ইঙ্গিত দেওয়া হয়েছে, নজরদারির প্রয়োজন থাকলেও নিয়ন্ত্রণের কোনও উদ্দেশ্য সরকারের নেই।

উল্লেখ্য, অনলাইন সংবাদ-বিনোদন-সোশ্যাল মিডিয়া এখন এ দেশে বিপুল এবং বিশাল সম্ভাবনাময় বাজার। ২০১৯ সালের মার্চে শুধু স্ট্রিমিং পরিষেবার বাজারই দাঁড়িয়েছে ৫০০ কোটি টাকার। ব্যবহারকারীর সংখ্যা প্রায় ১৭ কোটি। লকডাউন এবং তার পরে এই জনপ্রিয়তা দ্রুত ঊর্ধ্বগামী। ২০২৫ সালে এই বাজার ৪০০০ কোটি টাকার হওয়ার সম্ভাবনা। সূত্রের খবর, এমন গুরুত্বপূর্ণ এবং সম্ভাবনাময় বাজারকে একেবারে নজরদারির বাইরে রাখা অযৌক্তিক বলে মনে করছে কেন্দ্র। অনলাইনে কেন নজরদারি গরহাজির, তা নিয়ে জনস্বার্থ মামলাও দায়ের করা হয়েছে সুপ্রিম কোর্টে।

পাক হানায় উত্তপ্ত সীমান্ত, নিহত ১১

ভারত-পাকিস্তান সংঘর্ষে ফের উত্তপ্ত হয়ে উঠল নিয়ন্ত্রণরেখা। ভারতীয় সেনার দাবি, বিনা প্ররোচনায় ১৩ নভেম্বর জম্মুর পুঞ্চ এবং উত্তর-কাশ্মীরের গুরেজ থেকে উরি পর্যন্ত এলাকায় হামলা চালায় পাকিস্তানি সেনা। তাতে চার সেনা, এক জন বি এস এফ সাব ইনস্পেক্টর এবং ৬ জন গ্রামবাসী নিহত হয়েছেন।

ভারতীয় সেনার তরফে জানানো হয়েছে, পালটা হামলায়

৮ জন পাক সেনা নিহত হয়েছেন। প্রভূত ক্ষতি হয়েছে পাক সেনাবাহিনীর। পাকিস্তানের যদিও দাবি, বিনা প্ররোচনায় হামলা চালিয়েছে ভারতই। রাখচিকরি ও তারি বান্দ সেক্টরে সেই হামলায় নিহত হয়েছেন এক পাক সেনা ও চার জন গ্রামবাসী। আহত হয়েছেন ১২ জন গ্রামবাসী।

উল্লেখ্য, প্রতি বছরই তুষারপাতের আগে কাশ্মীরে জঙ্গি অনুপ্রবেশ ঘটাতে নিয়ন্ত্রণরেখায় পাকিস্তানের তৎপরতা অনেকটাই বেড়ে যায়। এদিনের ঘটনাও তারই অংশ বলে মনে করছেন প্রতিরক্ষা বিশেষজ্ঞেরা। ভারতীয় সেনাবাহিনীর তরফে জানানো হয়েছে, সংঘর্ষবিরতি লঙ্ঘন করে উত্তর-কাশ্মীরের বারামুলার নাম্বলা সেক্টরে মর্টার ছোড়ে পাক সেনা। কামালকোট সেক্টরের চুরান্দা, সিলিকোট, গরকোট, হাতলাঙ্গা ও রুস্তম মহল্লাতেও গোলাবর্ষণ করে পাক বাহিনী। নিহত ভারতীয় সেনাদের মধ্যে সুবোধ ঘোষ পশ্চিমবঙ্গের বাসিন্দা। ভারতীয় সেনার তরফে জানানো হয়েছে, পাকিস্তানকেও উপযুক্ত জবাব দেওয়া হয়েছে। ভারতীয় সেনার পালটা হামলায় ৮ জন পাক সেনা নিহত হয়েছেন। এর মধ্যে দু'জন স্পেশ্যাল সার্ভিস গ্রুপের কম্যান্ডো।

আত্মহত্যায় প্ররোচনার অভিযোগে গ্রেপ্তার অর্ণব গোস্বামী

টি আর পি কেলেঙ্কারি নিয়ে টানাপড়েন চলছিলই। তার মধ্যেই ৪ নভেম্বর রিপাবলিক টিভির প্রধান সম্পাদক অর্ণব গোস্বামীকে আত্মহত্যায় প্ররোচনার এক মামলায় গ্রেপ্তার করল মুম্বই পুলিশ।

২০১৮ সালের মে মাসে নিজের মাকে খুন করে আত্মহত্যা করেন ৫৩ বছর বয়সি ইন্টিরিয়র ডিজাইনার অন্বয় নাইক। কনকর্ড ডিজাইনার প্রাইভেট লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ছিলেন অন্বয়। রিপাবলিক টিভির হয়ে কাজ করেছিল অন্বয়ের সংস্থা। সুইসাইড নোটে অন্বয় লিখেছিলেন, তিনটি সংস্থা থেকে বকেয়া টাকা না পেয়ে চরম পথ বেছে নিচ্ছেন তিনি ও তাঁর মা। এই তিন সংস্থার একটি রিপাবলিক টিভি। ৮৩ লক্ষ টাকা বকেয়া রেখে দেওয়ার অভিযোগ ওই সংস্থার বিরুদ্ধে। অর্ণব গোস্বামী ছাড়া ওই সুইসাইড নোটে নাম ছিল আইকাস্ট-এক্স-এর ফিরোজ শেখ ও স্মার্ট ওয়ার্কসের নীতেশ সারদার। এই তিন জন সর্বমোট ৫ কোটি ৪০ লক্ষ টাকা দেননি বলে নোটে অভিযোগ করেছিলেন অন্বয়।

অন্বয়ের মৃত্যুর পরই আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার মামলা করেছিলেন তাঁর স্ত্রী অক্ষতা। কিন্তু ২০১৯-এর এপ্রিলে সেই মামলা প্রমাণাভাবে বন্ধ করে দেয় রায়গড় পুলিশ। এ বছরের মে মাসে মহারাষ্ট্রের স্বরাষ্ট্রমন্ত্রী অনিল দেশমুখকে নতুন করে তদন্তের অনুরোধ করেন অন্বয়ের কন্যা। তদন্তের দায়িত্ব নেয় সি আই ডি।

সেই সূত্রেই এদিন ভোরে মুম্বইয়ে অর্ণবের বাসভবনে পৌঁছয় পুলিশ। ভারতীয় দণ্ডবিধির ৩০৬ নম্বর ধারায় অভিযোগ দায়ের করা হয়েছে তাঁর বিরুদ্ধে। অর্ণবের গ্রেপ্তারির খবর ছড়িয়ে পড়তেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-সহ একাধিক কেন্দ্রীয় মন্ত্রী প্রতিবাদ জানান। টুইটারে অমিত শাহ লেখেন, 'অর্ণব ও রিপাবলিক টিভি-র উপর এই আক্রমণ ব্যক্তি স্বাধীনতা ও গণতন্ত্রের উপর আঘাত, যা জরুরি অবস্থার কথা মনে করায়।'

অন্য দিকে, অর্ণবকে এদিন রায়গড়ের জেলা আদালত আলিবাগ কোর্টে পেশ করে পুলিশ দাবি করে, অর্ণব প্রভাবশালী, তাঁকে হেফাজতে রেখে জেরা করে তথ্যানুসন্ধান করা প্রয়োজন। পুলিশের দাবি মেনে নিয়ে অর্ণবের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেয় আদালত। বম্বে হাইকোর্টও পর পর দু'বার জামিনের আর্জি খারিজ করে দেয়। এরপর সুপ্রিম কোর্টে আবেদন করেন অর্ণব। সর্বোচ্চ আদালত ১১ নভেম্বর জামিন দেয় তাঁকে।

এদিন সুপ্রিম কোর্টে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অর্ণব গোস্বামীর অন্তর্বর্তী জামিনের আবেদনের শুনানি হয়। সুপ্রিম কোর্টের বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং বিচারপতি ইন্দিরা বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ টাকা না-দেওয়াটা আত্মহত্যায় প্ররোচনার পর্যায়ে পড়ে কিনা সে বিষয়ে সংশয় প্রকাশ করেন। সেইসঙ্গে এ মামলায় ব্যক্তি-স্বাধীনতা রক্ষার প্রসঙ্গ উত্থাপন করে বিচারপতিরা বলেন, রাজ্য সরকারগুলি যদি কোনও ব্যক্তিকে নিশানা করে, তাহলে তাদের বোঝা উচিত, নাগরিকদের স্বাধীনতাকে রক্ষা করার জন্য একটি সর্বোচ্চ আদালত রয়েছে। ব্যক্তি-স্বাধীনতাকে তুলে ধরার কাজে হাইকোর্টগুলিকেও আইনি ক্ষমতা ব্যবহার করার বার্তা দেন তাঁরা। ৫০ হাজার টাকার বন্ডে অর্ণব এবং এই মামলায় ধৃত অন্য দু'জনকে মুক্তি দেয় আদালত। তবে অর্ণবকে তদন্তে সহযোগিতা করার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রয়াত অসমের প্রাক্তন মুখ্যমন্ত্রী তরুণ গগৈ

অসমের তিন বারের মুখ্যমন্ত্রী তরুণ গগৈ প্রয়াত হলেন। ২৩ নভেম্বর গুয়াহাটি মেডিক্যাল কলেজ হাসপাতালে জীবনাবসান হয় তাঁর। বয়স হয়েছিল ৮৬ বছর। প্রায় আড়াই মাস করোনা ও অন্য বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন গগৈ। তাঁকে রাখা হয়েছিল ভেন্টিলেশনে।

কোভিড পরিস্থিতির মধ্যেও বর্ষীয়ান এই কংগ্রেস নেতা তথা তিতাবরের বিধায়ক আগামী বছরের নির্বাচনে দলকে শক্তিশালী করতে নাগাড়ে সভা, বৈঠক চালাচ্ছিলেন। নেতৃত্বের সঙ্কটে ভোগা অসম প্রদেশ কংগ্রেসের কার্যত

এখনও প্রধান মুখ ছিলেন গগৈ। যদিও বয়সজনিত কারণে তিনি আর নির্বাচনে লড়বেন না বলে জানিয়েছিলেন। অগস্টে এ আই ইউ ডি এফ এবং কংগ্রেসের জোটের বিষয়টি তিনিই আলোচনার মাধ্যমে চূড়ান্ত করেন। তার পরই তাঁর করোনা ধরা পড়ে। ভর্তি হন গুয়াহাটি মেডিক্যাল কলেজে। অক্টোবরে কোভিড নেগেটিভ হয়ে বাড়ি ফেরেন। কিন্তু কয়েক দিন পর ফের অসুস্থ হওয়ায় হাসপাতালে ভর্তি করা হয় তাঁকে। এদিন সন্ধে ৫টা ৫০ মিনিটে হাসপাতালের তরফে তাঁর মৃত্যুসংবাদ ঘোষণা করা হয়।

গগৈর মৃত্যুতে শোক জ্ঞাপন করেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল।

১৯৩৬ সালে জোড়হাটে রঙাযান চা-বাগানে জন্ম তরুণ গগৈয়ের। গুয়াহাটি বিশ্ববিদ্যালয় থেকে আইনে স্নাতক হন তিনি। রাজনীতিতে পদার্পণ মিউনিসিপ্যাল বোর্ডের সদস্য হিসেবে ১৯৬৮ সালে। ছ'বারের সাংসদ গগৈ ১৯৭১-এ জোড়হাট থেকে প্রথম বার সাংসদ নির্বাচিত হন। ১৯৭৬-এ কেন্দ্রে ইন্দিরা গান্ধীর সরকার থাকাকালীন অল ইন্ডিয়া কংগ্রেস কমিটির (এ আই সি সি) যুগ্ম সচিব নির্বাচিত হন গগৈ।। রাজীব গান্ধীর আমলে এ আই সি সি-র সাধারণ সম্পাদকের পদ পান (১৯৮৫-৯০)। পি ভি নরসিংহ রাওয়ের আমলে কেন্দ্রে তিনি ছিলেন খাদ্যপ্রক্রিয়াকরণ মন্ত্রকের স্বাধীন প্রতিমন্ত্রী। ২০০১ সালে অসমের মুখ্যমন্ত্রী নির্বাচিত হন। টানা ১৫ বছর মুখ্যমন্ত্রী পদে আসীন ছিলেন তরুণ গগৈ।

প্রয়াত আহমেদ পটেল

কোভিডে আক্রান্ত হয়ে প্রয়াত হলেন কংগ্রেস সভানেত্রী সনিয়া গান্ধীর রাজনৈতিক সচিব আহমেদ পটেল। দলের অন্দরে 'ক্রাইসিস ম্যানেজার' নামে সমধিক খ্যাতি ছিল তাঁর। ২৫ নভেম্বর ভোর সাড়ে তিনটে নাগাদ দিল্লির মেদান্ত হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৭১ বছর। মাসখানেক আগে কোভিডে আক্রান্ত হয়েছিলেন তিনি। কিন্তু কোভিড পরবর্তী শারীরিক জটিলতাই তাঁর প্রাণ কাড়ল।

লোকসভার ৩ বারের ও রাজ্যসভার ৫ বারের সাংসদ আহমদ পটেলের মৃত্যুতে শোকবার্তা জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দীর্ঘদিনের রাজনৈতিক পরামর্শদাতার প্রয়াণে শোকবার্তায় সনিয়া গান্ধী লিখেছেন, 'বিশ্বস্ত সহকর্মী এবং বন্ধুকে হারালাম। এই ক্ষতি অপূরণীয়। আমি এমন এক সহকর্মীকে হারালাম, যাঁর সারা জীবন কংগ্রেস দলের প্রতি নিবেদিত ছিল। তাঁর বিশ্বস্ততা, কর্তব্যের প্রতি নিষ্ঠা, উদারতার মতো এমন অনেক গুণ ছিল, যা তাঁকে অন্যদের থেকে আলাদা করে তুলেছিল।'

রাজনৈতিক কেরিয়ারের গোড়া থেকেই গান্ধী পরিবারের কাছের লোক ছিলেন আহমদ। মাত্র ২৮ বছরের তরুণ কংগ্রেস নেতাকে লোকসভার টিকিট দিয়েছিলেন ইন্দিরা গান্ধী। ১৯৭৭ সালে গুজরাতের ভারুচ থেকে লড়ে জিতেছিলেন তিনি। ১৯৮৯ সাল পর্যন্ত লোকসভার সাংসদ ছিলেন। তারপর ১৯৯৩ থেকে আমরণ রাজ্যসভার সাংসদ ছিলেন তিনি। পাশাপাশি, রাজীব গান্ধীর রাজনৈতিক উপদেষ্টা ছিলেন তাঁর প্রধানমন্ত্রিত্বের শুরু থেকেই। সনিয়া গান্ধীর রাজনৈতিক সচিব বা কংগ্রেসের কোষাধ্যক্ষের পদও দায়িত্বের সঙ্গে সামলেছেন। তবে আহমদ পটেলের রাজনৈতিক গুরুত্ব ছিল অন্যত্র। সনিয়া গান্ধীর নেওয়া যাবতীয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের নেপথ্যে থাকতেন তিনিই। কোন রাজ্যে কে মুখ্যমন্ত্রী হবেন থেকে শুরু করে, ক্যাবিনেটে রদবদল— সব সিদ্ধান্তেই তাঁর মতামতের উপর নির্ভর করতেন কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব।

অ র্থ নী তি

অর্থনীতি চাঙ্গা করতে ১২ দফা দাওয়াই কেন্দ্রের

লকডাউনের ধাক্কায় দুমড়ে যাওয়া অর্থনীতিকে চাঙ্গা করতে ১২ নভেম্বর আরও এক দফা আর্থিক দাওয়াই ঘোষণা করল কেন্দ্রীয় সরকার, আর্থিক অঙ্কে যার পরিমাণ প্রায় ২.৬৫ লক্ষ কোটি টাকা।

লকডাউনের কারণে চলতি আর্থিক বছরের প্রথম তিন মাসে ২৪ শতাংশ সঙ্কুচিত হয়েছে দেশের অর্থনীতি। পরের ত্রৈমাসিকেও অর্থনীতি ৮.৬ শতাংশ সঙ্কুচিত হয়েছে। পর পর দু'টি ত্রৈমাসিকে জি ডি পি-র সঙ্কোচন হলেই অর্থনীতির পরিভাষায় মন্দা এসেছে বলে ধরা হয়। ফলে ইতিহাসে এই প্রথম দেশে আর্থিক মন্দা দেখা দিল। যদিও কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের দাবি, অক্টোবর-জানুয়ারির তৃতীয় ত্রৈমাসিক থেকেই আর্থিক বৃদ্ধি দেখা যাবে। তাঁর কথায়, 'একাধিক মাপকাঠি বলছে, অর্থনীতি স্পষ্টতই ঘুরে দাঁড়াচ্ছে। এই জোরদার পুনরুদ্ধারের কারণ, সরকারের অক্লান্ত আর্থিক সংস্কার।'

এদিকে ১২ নভেম্বর প্রায় ২.৬৫ লক্ষ কোটি টাকার ১২ দফা আর্থিক দাওয়াইয়ের কথা ঘোষণা করেন নির্মলা। লক্ষ্য মূলত শহরে নতুন রোজগার তৈরির চেষ্টা করা। যে কারণে—

- বেসরকারি সংস্থাকে নয়া কর্মী নিয়োগে উৎসাহ দেওয়া হয়েছে।
- লকডাউনে কাজ যাওয়া কর্মীরা ফের কাজে যোগ দিলে,

আগামী দু'বছর প্রভিডেন্ট ফান্ডে কর্মীদের দেয় টাকা সরকারই দিয়ে দেবে।

● কোনও সংস্থায় কর্মীর সংখ্যা এক হাজারের কম হলে প্রভিডেন্ট ফান্ডে কর্মীপিছু সংস্থার দেয় অংশও কেন্দ্র জমা করবে। সরকারি হিসেবে দেশে এমন সংস্থাই ৯৯.১ শতাংশ। *

● গ্রামে ফেরা পরিযায়ী শ্রমিকদের রোজগারের ব্যবস্থা করতে এদিন আরও অর্থ বরাদ্দ করা হয়েছে।

● আবাসন ক্ষেত্রকে চাঙ্গা করতে নতুন ফ্ল্যাট কেনায় কিছু বাড়তি আয়কর ছাড়ের ঘোষণা করা হয়েছে।

● পরিকাঠামো ও রপ্তানি ক্ষেত্রকেও চাঙ্গা করার রাস্তা খুঁজেছেন অর্থমন্ত্রী। লকডাউনে মুখ থুবড়ে পড়া শিল্প সংস্থাগুলির জন্য বন্ধক ছাড়াই ঋণ গ্যারান্টির ঘোষণা করা হয়েছিল। এবার সমস্যায় পড়া ২৬টি ক্ষেত্রের ছোট-মাঝারি শিল্পকেও এই প্রকল্পের আওতায় আনা হচ্ছে। উল্লেখ্য, এর আগে ১১ নভেম্বর দেশের শিল্প ক্ষেত্রকে চাঙ্গা করতে সরকার ১০টি ক্ষেত্রে উৎপাদন বাড়ানোর জন্য উৎসাহভাতা ঘোষণা করে। কেন্দ্রের এই নতুন পদক্ষেপে আগামী পাঁচ বছরে সরকারের খরচ হবে প্রায় এক লক্ষ ৪৬ হাজার কোটি টাকা। যে-১০টি ক্ষেত্রে উৎপাদন বাড়ানোর জন্য এই উৎসাহভাতা বা 'প্রোডাকশন লিঙ্কড ইনসেন্টিভ স্কিম' চালু হচ্ছে, সেগুলির মধ্যে সব থেকে বেশি অর্থ, প্রায় ৫৭ হাজার কোটি টাকা খরচ হবে গাড়ি ও গাড়ির যন্ত্রাংশের জন্য। মোবাইল, ওষুধ ও ওষুধের কাঁচামাল এবং চিকিৎসা-সরঞ্জামের যন্ত্রাংশ ক্ষেত্রে উৎপাদন বাড়ানোর জন্য উৎসাহভাতা দিতে খরচ ধরা হয়েছে প্রায় ৫১ হাজার কোটি টাকা। এর সঙ্গে আরও ১০টি ক্ষেত্রে প্রায় ১ লক্ষ ৪৬ হাজার কোটি টাকার উৎসাহভাতা ঘোষণা করায় সব মিলিয়ে প্রায় ২ লক্ষ কোটি টাকা খরচ হতে চলেছে। নির্মলা সীতারামন বলেন, 'এই ১০টি ক্ষেত্রের মধ্যে যেমন অত্যাধুনিক প্রযুক্তির এ সি সি ব্যাটারি, সোলার পি ভি সেলের মতো ক্ষেত্র রয়েছে, তেমনই বস্ত্র, খাদ্যপণ্যের মতো ক্ষেত্রও রয়েছে, যেখানে বিপুল কর্মসংস্থান হয়।' তাঁর দাবি, এর ফলে নতুন লগ্নি আসবে, রপ্তানি বাড়বে, আন্তর্জাতিক বাজারে সরবরাহকারী দেশগুলির মধ্যে ভারত জায়গা করে নেবে।

এক নজরে কোথায় কত অর্থ

● **নতুন কর্মসংস্থান:** ৬,০০০ কোটি টাকা
● **শহরে সকলের জন্য আবাসন:** ১৮,০০০ কোটি টাকা
● **গ্রামীণ রোজগার:** ১০,০০০ কোটি টাকা
● **সারে ভর্তুকি:** ৬৫,০০০ কোটি টাকা
● **পরিকাঠামো:** ৬,০০০ কোটি টাকা
● **কোভিড টিকার গবেষণায়:** ৯০০ কোটি টাকা
● **শিল্পের পরিকাঠামো, প্রতিরক্ষা উৎপাদনে:** ১০,২০০ কোটি টাকা
● **শিল্পোৎপাদন বাড়াতে উৎসাহভাতা:** ১,৪৫,৯৮০ কোটি টাকা

এক নজরে এক ডজন দাওয়াই

● **নতুন কর্মসংস্থানের জন্য 'আত্মনির্ভর ভারত রোজগার যোজনা'**

লকডাউন পর্বে (১ মার্চ থেকে ৩০ সেপ্টেম্বর) যাঁদের কাজ গিয়েছে বা যাঁরা ১ অক্টোবর থেকে ৩০ জুনের মধ্যে কাজে যোগ দেবেন, তাঁদের হয়ে দু'বছরের জন্য প্রভিডেন্ট ফান্ডে মূল বেতনের ১২ শতাংশ জমা করবে কেন্দ্র।

এই সুবিধা শুধু ১৫ হাজার টাকার কম বেতনের কর্মীদের জন্য।

যে সব সংস্থায় এক হাজারের কম কর্মী কাজ করেন, সেখানে সংস্থার ১২ শতাংশও কেন্দ্র দিয়ে দেবে।

সেপ্টেম্বরে ৫০ জন বা তার কম কর্মী থাকলে অন্তত ২ জন নতুন কর্মী নিতে হবে। ৫০-এর বেশি হলে অন্তত ৫ জন।

● **জরুরি প্রয়োজনে ৩ লক্ষ কোটি টাকার 'ঋণ গ্যারান্টি প্রকল্প'**

লকডাউনের ফলে চাপে পড়া ক্ষেত্র এবং স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রের জন্য।

২০২১-এর ৩১ মার্চ পর্যন্ত সুবিধা।

● **প্রধানমন্ত্রী আবাস যোজনা (শহর)-য় বাড়তি ১৮ হাজার কোটি টাকা**

১২ লক্ষ বাড়ি তৈরি হবে, ১৮ লক্ষ বাড়ির কাজ সম্পূর্ণ করা হবে।

এর ফলে ৭৮ লক্ষ কর্মসংস্থান হবে। ২৫ লক্ষ মেট্রিক টন ইস্পাত, ১৩১ লক্ষ মেট্রিক টন সিমেন্টের চাহিদা তৈরি হবে।

● **নির্মাণ ও পরিকাঠামো**

সরকারি বরাত পাওয়া সংস্থাগুলির জন্য পারফর্ম্যান্স সিকিউরিটি ৫-১০ শতাংশ থেকে কমিয়ে ৩ শতাংশ।

আগাম অর্থ জমাতেও ছাড়।

● **আবাসন**

ফ্ল্যাট বিক্রি বাড়াতে প্রোমোটার ও ক্রেতাদের জন্য আয়কর ছাড়।

● **সারে বাড়তি ৬৫ হাজার কোটি টাকার ভর্তুকি**

লকডাউনের মধ্যে ভালো বর্ষার সুবাদে অনেক বেশি জমিতে চাষ হয়েছে, সারের চাহিদা বেড়েছে।

● **গ্রামে ফেরা পরিযায়ী শ্রমিকদের রোজগার**

প্রধানমন্ত্রী গরিব কল্যাণ রোজগার যোজনায় আরও ১০ হাজার কোটি টাকা।

একশো দিনের কাজ, গ্রাম সড়ক যোজনাতেও ব্যবহার করা হবে।

● **রপ্তানি বাড়াতে এক্সিম ব্যাঙ্কের মাধ্যমে ৩ হাজার কোটি টাকার ঋণ**

এক্সিম ব্যাঙ্ক উন্নয়নশীল দেশগুলিকে ঋণ দেবে, ঋণের ৭৫ শতাংশ মূল্যের পণ্য ভারত থেকে আমদানির শর্তে।

● **এছাড়া**

১) ১০টি শিল্পক্ষেত্রে উৎপাদন বাড়াতে উৎসাহভাতা

২) পরিকাঠামোয় টাকা ঢালতে এন আই আই এফ বা জাতীয় পরিকাঠামো লগ্নি তহবিলে শেয়ার মারফত ৬০০০ কোটি টাকার পুঁজির জোগান

৩) দেশী প্রতিরক্ষা সরঞ্জাম, শিল্পে উৎসাহ, শিল্প পরিকাঠামো, অপ্রচলিত বিদ্যুৎ ক্ষেত্রে মূলধন ও উৎসাহ দিতে ১০,২০০ কোটি টাকা

৪) কোভিডের টিকার গবেষণা ও উন্নয়নে 'কোভিড সুরক্ষা মিশন'-এ ৯০০ কোটি টাকা।

৪৩ হাজারের গণ্ডি ছাড়াল সেনসেক্স

আমেরিকায় জো বাইডেনের জয়, করোনা ভ্যাকসিন তৈরির পথে অগ্রগতি এবং বিহারের বিধানসভা নির্বাচনে এন ডি এ-র সংখ্যাগরিষ্ঠতা

অর্জন— এই ত্রিবিধ কারণে ১০ নভেম্বর নতুন মাইলফলক পার করল ভারতের শেয়ার সূচক। এই প্রথম ছাড়াল ৪৩ হাজারের গণ্ডি।

আগের দিনই সেনসেক্স পার করেছিল ৪২ হাজারের গণ্ডি। এদিন ৬৮০.২২ পয়েন্ট বেড়ে তা পৌঁছল ৪৩,২৭৭.৬৫ অঙ্কে। নিফ্‌টি ১৭০.০৫ পয়েন্ট বেড়ে হয়েছে ১২,৬৩১.১০। গত দু'দিনে সেনসেক্স বেড়েছে ১,৩৮৪ পয়েন্ট এবং নিফ্‌টি বেড়েছে ৩৬৭ পয়েন্ট।

উল্লেখ্য, ২০১৪ সালের ৫ জুন প্রথম বার সেনসেক্স ২৫ হাজার পয়েন্ট পার করেছিল। সেখান থেকে ৪২ হাজারের কাছাকাছি পৌঁছতে সময় নেয় সাড়ে পাঁচ বছর। মধ্যে অতিমারির ধাক্কায় মার্চে ৪২ হাজারের দোরগোড়া থেকে সেনসেক্স নেমেছিল ২৫ হাজারের ঘরে। তার পরে প্রায় ১৭,৩০০ পয়েন্ট দৌড়ে, এদিনের রেকর্ড ছুঁতে সময় নিয়েছে মাত্র সাড়ে সাত মাস। বিশেষজ্ঞেরা বলছেন, এই সময়ে অর্থনীতি যে করোনার আগের অবস্থায় পৌঁছেছে তা কিন্তু নয়। বরং সংশ্লিষ্ট মহলের সতর্কবাণী, অর্থনীতির উন্নতি নয়, বাজার ছুটছে শুধু 'খবরে' ভর করে। ফলে শীঘ্রই সংশোধনের মুখ দেখতে হতে পারে সূচককে।

তারপরেও অবশ্য সেনসেক্স ও নিফ্‌টি-র জয়যাত্রা আপাতত অব্যাহতই থেকেছে। ২৪ নভেম্বর লেনদেনের মধ্যবর্তী সময়ে ৪৪,৬০১.৬৩ পয়েন্টে পৌঁছে যায় সেনসেক্স। যা সর্বকালীন রেকর্ড। দিনের শেষে ৫৫৪.৯৭ পয়েন্ট উঠে ওই সূচক ৪৪,৫২৩.০২ অঙ্কে দৌড় শেষ করে। লেনদেন শেষের হিসেবে রেকর্ড সেটিও। অন্যদিকে, এদিনই প্রথম বার ১৩ হাজারের গণ্ডি পার করে থামে নিফ্‌টি। ১২৮.৭০ পয়েন্ট উঠে বাজার বন্ধের সময় দাঁড়ায় ১৩,০৫৫.১৫ অঙ্কে। এদিন সেনসেক্স এবং নিফ্‌টিকে মাথা তুলতে মূলত সাহায্য করেছে ব্যাঙ্কিং, ভোগ্যপণ্য এবং গাড়ি সংস্থার স্টকগুলি। টেলিকম বাদে বি এস ই-র সব ক্ষেত্রের সূচকই বেড়েছে। অব্যাহত রয়েছে মাঝারি এবং ছোট মাপের স্টকগুলির উত্থানও। ডলারের নিরিখে টাকার দামও বেড়েছে এদিন। ১ ডলারের দাম ১০ পয়সা কমে হয়েছে ৭৪.০১ টাকা।

মন্দার মুখোমুখি দেশ

অনুমান এবং ভবিষ্যদ্বাণীর গণ্ডি পেরিয়ে সত্যি সত্যিই মন্দার মুখোমুখি দেশ। সরকারি তথ্য অনুযায়ীই আর্থিক মন্দার কবলে চলে গেল ভারত।

২৭ নভেম্বর জাতীয় পরিসংখ্যান দপ্তর জানিয়েছে, জুলাই-সেপ্টেম্বরে দেশের জি ডি পি-র ৭.৫ শতাংশ সঙ্কোচন হয়েচে। চলতি অর্থ-বছরের প্রথম ত্রৈমাসিক, অর্থাৎ এপ্রিল-জুনে লকডাউনের ধাক্কায় জি ডি পি-র ২৩.৯ শতাংশ সঙ্কোচন হয়েছিল। অর্থনীতির সংজ্ঞা অনুযায়ী, পরপর দু'টি ত্রৈমাসিকে জি ডি পি-র সঙ্কোচনের অর্থ আর্থিক মন্দা।

৯০-এর দশকের গোড়ায় আর্থিক উদারীকরণের পরে তিন মাসের আর্থিক বৃদ্ধি পরিমাপ করা শুরু হয়। তার পরে এই প্রথম মন্দা। মোদী সরকারের মুখ্য আর্থিক উপদেষ্টা কৃষ্ণমূর্তি সুব্রহ্মণ্যম অবশ্য জুলাই-সেপ্টেম্বরে জি ডি পি-র ৭.৫ শতাংশ সঙ্কোচনকে 'উৎসাহব্যঞ্জক' বলেই দাবি করেছেন। কারণ এপ্রিল-জুনে প্রায় ২৪ শতাংশ সঙ্কোচনের তুলনায় এ বারের সঙ্কোচন অনেক কম।

যদিও অর্থনীতিবিদদের মতে, দুর্গাপুজো-দীপাবলীর মরসুমে বিক্রিবাটা বেশি হয়েছে। লকডাউনে অনেক দিন বাজার বন্ধ থাকার পরে দোকানপাট খোলায় কেনাকাটা বেড়েছে। সেই আশায় জুলাই থেকে কারখানার উৎপাদনও বেড়েছে। তার সুবাদেই জুলাই-সেপ্টেম্বরে জি ডি পি-র সঙ্কোচন অনেক কম। কিন্তু উৎসবের মরসুম ফুরিয়ে যাওয়ার পরে প্রতি বছরের মতো এ বারও বিক্রিবাটা কমে যাবে। কারখানার উৎপাদনও কমবে। ফলে অর্থনীতিবিদদের আশঙ্কা, অক্টোবর-ডিসেম্বরে জি ডি পি-র আরও সঙ্কোচন হতে পারে। মন্দা আরও জাঁকিয়ে বসতে পারে। কারণ, পরিসংখ্যান বলছে, অসরকারি কেনাকাটা ১১.৫ শতাংশ কমেছে। যার অর্থ, বাজার এখনও আগের অবস্থায় ফেরেনি।

সরকারি পরিসংখ্যান বলছে, এপ্রিল-জুনের তুলনায় জুলাই-সেপ্টেম্বরে সঙ্কোচনের মাত্রা কমার প্রধান কারণ, কারখানার উৎপাদনে সামান্য বৃদ্ধি। এপ্রিল-জুনে প্রায় গোটা সময়টাই লকডাউনের জন্য অধিকাংশ কারখানা বন্ধ ছিল। ফলে গত বছরের এপ্রিল-জুনের তুলনায় এ বছর এপ্রিল-জুনে কারখানার উৎপাদন প্রায় ৩৯ শতাংশ কমেছিল। জুলাই-সেপ্টেম্বরে কারখানার উৎপাদন ০.৬ শতাংশ হলেও বেড়েছে। কিন্তু অর্থনীতিবিদরা মনে করিয়ে দিচ্ছেন, কোভিডের আগেই অর্থনীতিতে ঝিমুনি চলছিল। গত বছর জুলাই-সেপ্টেম্বরে জি ডি পি বৃদ্ধির হার ছিল মাত্র ৪.৪ শতাংশ। ফলে এ বার জি ডি পি-র ৭.৫ শতাংশ সঙ্কোচনের অর্থ, অর্থনীতির হাল বেশ খারাপ। এই পরিস্থিতির জন্য কেন্দ্রীয় সরকারের রাজকোষ থেকে টাকা ঢালার অনিচ্ছাকেই দায়ী করছেন অর্থনীতিবিদেরা।

প শ্চি ম ব ঙ্গ

রাজ্যে চালু হল লোকাল ট্রেন

অতিমারির জেরে প্রায় আট মাস বন্ধ থাকার পর ১১ নভেম্বর ফের রাজ্যে চলল ট্রেন। প্রথম দিনই দূরত্ব-বিধি শিকেয় তুলে যাতায়াত করতে দেখা গেল যাত্রীদের। যাত্রীর চাপ বেশি থাকায় হাওড়া ডিভিশনে নির্ধারিত ২০২টি ট্রেনের পরিবর্তে সন্ধ্যা পর্যন্ত ২৫০টিরও বেশি ট্রেন চালানো হয়েছে বলে রেল সূত্রে জানা গিয়েছে।

এদিন হাওড়া এবং শিয়ালদহ ডিভিশনে ব্যস্ত সময়ে ৮৪ শতাংশ ট্রেন চালানো হয়। সন্ধ্যা ৭টা পর্যন্ত প্রায় ৭ লক্ষ যাত্রী পূর্ব রেলে যাতায়াত করেছেন। দক্ষিণ-পূর্ব রেলের খড়্গপুর ডিভিশনে প্রায় ১৭ হাজার ৬০০টি টিকিট বিক্রি হয়েছে।

৮ নভেম্বর রাজ্য সরকারের সঙ্গে কয়েক দফার আলোচনার পরে ট্রেন চালানোর বিষয়ে চূড়ান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করে রেল। জানানো হয়, শিয়ালদহ ডিভিশনে ৪১৩টি (শিয়ালদহ মেন বা উত্তর শাখায় ২৭০টি এবং দক্ষিণ শাখায় ১৪৩টি) এবং হাওড়া ডিভিশনে ২০২টি লোকাল ট্রেন দিয়ে পরিষেবা শুরু করা হবে। শিয়ালদহ ডিভিশনের কৃষ্ণনগর, বনগাঁ, ডানকুনি, নৈহাটি, হাসনাবাদ, কল্যাণী সীমান্ত, ব্যারাকপুর, বারুইপুর, রানাঘাট, বারাসত-সহ সবক'টি গুরুত্বপূর্ণ লাইনে ট্রেন চালু হওয়ার কথা ঘোষণা করা হয়। অন্যদিকে, হাওড়া ডিভিশনে ব্যান্ডেল, কাটোয়া, বর্ধমান, বারুইপাড়া, মশাগ্রাম, হরিপাল, শ্রীরামপুর, পান্ডুয়া, শেওড়াফুলি, বেলুড়, সিঙ্গুর, বালি-সহ সব ক'টি গুরুত্বপূর্ণ শাখাতেই ট্রেন চলবে বলে জানানো হয়।

যাত্রীর চাপ কমাতে রেলকে আরও বেশি ট্রেন চালানোর পরামর্শ দিয়েছেন একদা রেলমন্ত্রী ও বর্তমানে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশনের ডি আর এম শীলেন্দ্রপ্রতাপ সিংহ জানান, শীঘ্রই ট্রেনের সংখ্যা বাড়ানো হবে।

সৌমিত্র চট্টোপাধ্যায়ের জীবনাবসান

১৫ নভেম্বর বেলা সওয়া ১২টা নাগাদ শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন বাংলা চলচ্চিত্রের মহাতারকা সৌমিত্র চট্টোপাধ্যায়। বয়স হয়েছিল ৮৫ বছর। রেডিয়োর ঘোষক হিসেবে কর্মজীবন শুরু করে অভিনেতা-নাট্যকার-বাচিকশিল্পী-কবি— বহুমুখী প্রতিভাবলে আমরণ শিল্পকর্মে সক্রিয় থেকেছেন সৌমিত্র চট্টোপাধ্যায়।

নোভেল করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গত অক্টোবরে বেলভিউ হাসপাতালে ভর্তি হন প্রবীণ অভিনেতা। তিনি একটা সময়ে ক্যান্সারেও আক্রান্ত হয়েছিলেন। সেই অসুস্থতা তাঁকে পুরোপুরি ছেড়ে যায়নি। ফলে করোনা থেকে মুক্তি পেলেও আনুষঙ্গিক ব্যাধিতে আক্রান্ত হয়ে পড়েন। তাঁর ৪০ দিনের হাসপাতাল-বাসে প্লাজমা থেরাপি, শ্বাসনালিতে অস্ত্রোপচার-সহ নানা ভাবে অভিনেতাকে বাঁচানোর চেষ্টা করেন চিকিৎসকেরা। কিন্তু শেষ রক্ষা হয়নি। এদিনই কেওড়াতলা মহাশ্মশানে রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন হয় তাঁর।

সৌমিত্র চট্টোপাধ্যায়ের মৃত্যুতে শোক জ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, 'আজকের দিনে আমরা হারালাম ইতিহাসকে। তিনি যা দিয়ে গিয়েছেন, তার প্রতিদান আমরা দিতে পারব না।' শোকবার্তা পাঠান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, রাহুল গান্ধী, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য, বি সি সি আই প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়-সহ বিভিন্ন ক্ষেত্রের উল্লেখযোগ্য ব্যক্তিত্বরা।

সৌমিত্র চট্টোপাধ্যায়ের জন্ম ১৯৩৫-এ কলকাতার মির্জাপুর স্ট্রিটে। যদিও শৈশবের অনেকটা সময়ই তাঁর কেটেছিল নদিয়া জেলার কৃষ্ণনগরে। পিতা মোহিতকুমার ছিলেন হাইকোর্টের উকিল। পড়াশোনা শুরু হাওড়া জেলা স্কুলে। পরবর্তীকালে সিটি কলেজ থেকে বাংলা সাহিত্যে স্নাতক, স্নাতকোত্তর কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে। এই পর্বেই নাট্যাচার্য শিশিরকুমার ভাদুড়ির সংস্পর্শে আসেন তিনি। থিয়েটারের মাধ্যমে অভিনয়ের প্রতি আগ্রহের সেই শুরু।

কর্মজীবনের শুরুতে ছিলেন অল ইন্ডিয়া রেডিওর ঘোষক। ১৯৫৯-এ মুক্তি পায় সত্যজিৎ রায়ের ছবি 'অপুর সংসার'। অপুর চরিত্রে তিনি। ক্রমশ সত্যজিৎ রায়ের চলচ্চিত্র নির্মাণের অন্যতম অনুষঙ্গ হয়ে ওঠেন সৌমিত্র চট্টোপাধ্যায়। সত্যজিতের ১৪টি চলচ্চিত্র এবং একটি তথ্যচিত্রে অভিনয় করেছেন তিনি। এগুলির মধ্যে রয়েছে— 'দেবী', 'অভিযান', 'চারুলতা', 'অরণ্যের দিনরাত্রি', 'অশনি সংকেত', 'সোনার কেল্লা', 'জয় বাবা ফেলুনাথ', 'গণশত্রু'-র মতো সিনেমা। সত্যজিৎ নির্মিত বাঙালির প্রিয় চরিত্র ফেলুদা-র ভূমিকায় তিনি আজও অপ্রতিদ্বন্দ্বী।

সত্যজিৎ রায় ছাড়াও মৃণাল সেন, তপন সিংহ, অজয় কর, তরুণ মজুমদার-সহ তৎকালীন বাংলা ছবির প্রায় সব দিকপাল পরিচালকদের ছবিতেই অভিনয় করেছেন সৌমিত্র। 'আকাশ কুসুম', 'পুনশ্চ', 'মহাপৃথিবী', 'ক্ষুধিত পাষাণ', 'ঝিন্দের বন্দী', 'হুইলচেয়ার', 'অতল জলের আহ্বান', 'সাত পাকে বাঁধা', 'কাচ কাঁটা হিরে', 'পরিণীতা', 'গণদেবতা', 'সংসার সীমান্তে', 'অমরগীতি'-তে রয়েছে তাঁর উল্লেখযোগ্য অভিনয়। এ ছাড়াও দীর্ঘ ছয় দশকের অভিনেতা-জীবনে স্মরণীয় করে রেখে গেলেন 'কিনু গোয়ালার গলি', 'প্রথম কদম ফুল', 'বাঘিনী', 'তিন ভুবনের পারে', 'বসন্ত বিলাপ', 'ছুটির ফাঁদে', 'দেবদাস', 'অগ্রদানী', 'অসুখ', 'একটি জীবন', 'পাতালঘর', 'পদক্ষেপ', 'বেলাশেষে', 'প্রাক্তন', 'পোস্ত', 'ময়ূরাক্ষী', 'বরুণবাবুর বন্ধু' প্রভৃতি সিনেমাগুলি।

তবে শুধু চলচ্চিত্রাভিনেতার পরিধিতেই নিজেকে আটকে রাখেননি সৌমিত্র চট্টোপাধ্যায়। চলচ্চিত্রে অভিনয়ের তুমুল ব্যস্ততার মধ্যেও থিয়েটারের প্রতি

ভালোবাসা তাঁকে নিয়ে আসে পেশাদারি মঞ্চে। নিজের প্রয়োজনায় পর পর করে গিয়েছেন 'নামজীবন', 'রাজকুমার', 'ফেরা', 'নীলকণ্ঠ', 'ঘটকবিদায়', 'ন্যায়মূর্তি', 'টিকটিকি', 'দর্পণে শরৎশশী', 'রাজা লিয়র', যা কাশী বিশ্বনাথ মঞ্চ, স্টার থিয়েটার, অকাদেমি, মিনার্ভায় রজনীর পর রজনী 'হাউজফুল' *প্রেক্ষাগৃহে অভিনীত হয়।

মঞ্চে অভিনয় ও নির্দেশনার পাশাপাশি সৌমিত্র চট্টোপাধ্যায় বিভিন্ন সময়ে রচনা করেছেন ২৯ টি নাটক। মহাযুদ্ধ, দুর্ভিক্ষ, দাঙ্গা, দেশভাগ পেরিয়ে আধুনিক জীবন ও সমকালীন জীবনযন্ত্রণাকে তুলে এনেছেন সেই সব মৌলিক এবং অন্য ভাষা থেকে রূপান্তরিত নাটকে। কবিতা লেখা, ছবি আঁকা এবং সম্পাদনার ক্ষেত্রেও ছিল তাঁর অনায়াস আনাগোনা।

অভিনেতা হিসেবে খ্যাতির মধ্যগগনে থাকাকালীনই নির্মাল্য আচার্যের সঙ্গে যৌথ ভাবে সম্পাদনা করতে শুরু করেন 'এক্ষণ' পত্রিকা। ১৯৭৫ সালে প্রকাশ পায় তাঁর প্রথম কবিতার বই— 'জলপ্রপাতের ধারে দাঁড়াব বলে'। তারপর একে একে প্রকাশিত হয় 'ব্যক্তিগত নক্ষত্রমালা', 'শব্দেরা আমার বাগানে', 'পড়ে আছে চন্দনের চিতা', 'হায় চিরজল', 'পদ্মবীজের মালা', 'হে সায়ংকাল', 'জন্ম যায় জন্ম যাবে', 'হলুদ রোদ্দুর' এবং সাম্প্রতিকতম 'মধ্যরাতের সংকেত'।

দীর্ঘ কর্মজীবনে বিবিধ পুরস্কারে ভূষিত হন সৌমিত্র চট্টোপাধ্যায়। পুরস্কারের আংশিক তালিকা— ● সঙ্গীত নাটক অকাদেমি (১৯৯৮) ● পদ্মভূষণ (২০০৪) ●'পদক্ষেপ' সিনেমার জন্য পান জাতীয় পুরস্কার (২০০৬) ●'অন্তর্ধান' (১৯৯১) ও 'দেখা' (২০০০)-র জন্য স্পেশ্যাল জুরি অ্যাওয়ার্ড ● দাদাসাহেব ফালকে (২০১২) ● বঙ্গবিভূষণ (২০১৭) ● ফরাসি সরকারের তরফে কমান্দের দেজার্ত এ দে লেতর (১৯৯৯) ● ফরাসি সরকারের তরফে লিজিয়ঁ দ'নর (২০১৮) ●'তিন কন্যা', অভিযান', 'বাঘিনী, 'অশনি সংকেত', 'সংসার সীমান্তে', 'কোনি', 'অগ্নিসংকেত' এবং 'ক্রান্তিকাল' সিনেমার জন্য বি এফ জে এ-র শ্রেষ্ঠ অভিনেতার সম্মান।

প্রয়াত কবি অলোকরঞ্জন দাশগুপ্ত

জার্মানির হাইডেলবার্গে ১৭ নভেম্বর প্রয়াত হলেন বিশিষ্ট কবি অলোকরঞ্জন দাশগুপ্ত। বয়স হয়েছিল ৮৭ বছর। রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতার আকাশে এক উজ্জ্বল নক্ষত্র হয়েই তিনি থেকে যাবেন।

১৯৩৩ সালে কলকাতায় জন্ম অলোকরঞ্জনের। বিশ্বভারতী, প্রেসিডেন্সি কলেজ ও কলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার শেষে পি এইচ ডি করেন ভারতীয় লিরিক রূপকল্পের উৎস ও ক্রমবিবর্তন নিয়ে। ১৯৫৭ সালে বুদ্ধদেব বসুর আগ্রহে যোগ দেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত তুলনামূলক সাহিত্য বিভাগে অধ্যাপনায়।

'যৌবনবাউল' অলোকরঞ্জনের প্রথম কাব্যগ্রন্থ। বুদ্ধদেব বসুর 'কবিতা' পত্রিকার নিয়মিত লেখক ছিলেন তিনি। পরবর্তী সময়ে সুনীল গঙ্গোপাধ্যায়ের 'কৃত্তিবাস' এবং 'দেশ' পত্রিকার লেখক-তালিকাতেও নিয়মিত উপস্থিত থাকতেন অলোকরঞ্জন। তাঁর কাব্যগ্রন্থগুলির মধ্যে বিশেষ ভাবে জনপ্রিয়তা পায় 'নিষিদ্ধ কোজাগরী', 'রক্তাক্ত ঝরোখা', 'ছৌ-কাবুকির মুখোশ'।

কবিতা রচনার পাশাপাশি অলোকরঞ্জন গদ্যও লিখেছেন প্রচুর। 'শিল্পিত স্বভাব' ও 'স্থির বিষয়ের দিকে' তাঁর দু'টি বহুচর্চিত প্রবন্ধগ্রন্থ।

অলোকরঞ্জন দাশগুপ্তের সৃষ্টিতে প্রজ্ঞা ও পাণ্ডিত্যের সঙ্গেই মিশে ছিল বিশ্ববীক্ষা। সাঁওতালি ভাষার কবিতা ও বাংলা বাউল গান অনুবাদের মাধ্যমে তিনি বিশ্বের দরবারে পৌঁছে দিয়েছিলেন বাংলার সংস্কৃতিকে। সেই সূত্রেই আলেকজান্ডার ফন হুমবোল্ট রিসার্চ ফেলোশিপ নিয়ে তিনি জার্মানিতে যান।১৯৭১ থেকে দীর্ঘ চার দশক ঐতিহ্যশালী হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের ভারততত্ত্ব বিভাগে বাংলা ভাষার অধ্যাপনার সঙ্গে যুক্ত ছিলেন তিনি।

'মরমী করাত' কাব্যগ্রন্থের জন্য ১৯৯২ সালে পান সাহিত্য অকাদেমি পুরস্কার। এ ছাড়া আনন্দ পুরস্কার (১৯৮৫), প্রবাসী ভারতীয় সম্মান (১৯৮৫), রবীন্দ্র পুরস্কার (১৯৮৭) পেয়েছেন অলোকরঞ্জন দাশগুপ্ত।

খে লা ধু লো

পঞ্চম বার আই পি এল জিতল মুম্বই ইন্ডিয়ান্স

দিল্লি ক্যাপিটালসকে ফাইনাল ম্যাচে ৫ উইকেটে হারিয়ে একাদিক্রমে দু'বার ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আই পি এল) জিতল মুম্বই ইন্ডিয়ান্স। এই নিয়ে সর্বাধিক পঞ্চম বার এই ট্রফি জিতল তারা।

১০ নভেম্বর দুবাই ইন্টারন্যাশনাল ক্রিকেট স্টেডিয়ামে আয়োজিত ফাইনাল ম্যাচের ফলাফল—

দিল্লি ক্যাপিটালস: ব্যাটিং: ১৫৬/৭ (শ্রেয়স আইয়ার ৫০ বলে ৬৫ রান, ঋষভ পন্থ ৩৮ বলে ৫৬ রান)।

মুম্বই ইন্ডিয়ান্স: ১৫৭/৫ (১৮.৪ ওভার) (রোহিত শর্মা ৫১ বলে ৬৮ রান, ঈশান কিশানের ১৯ বলে অপরাজিত ৩৩ রান)। বোলিং: ট্রেন্ট বোল্ট ৩০/৩।

এক নজরে পুরস্কার

● সিরিজের সেরা খেলোয়াড় (মোস্ট ভ্যালুয়েবল প্লেয়ার): জোফ্রা আর্চার (রাজস্থান রয়্যালস)

● সর্বাধিক রানসংগ্রাহক (অরেঞ্জ ক্যাপ): লোকেশ রাহুল (কিংস ইলেভেন পাঞ্জাব, ১৪ ম্যাচে ৬৭০ রান, গড় ৫৫.৮৩)

● সর্বাধিক উইকেটপ্রাপক (পার্পল ক্যাপ): কাগিসো রাবাডা (দিল্লি ক্যাপিটালস, ১৭ ম্যাচে ৩০ উইকেট, গড় ১৪.২৬, ইকনমি রেট ৮.৩৪)

● এমার্জিং প্লেয়ার অব দ্য সিজন: দেবদত্ত পাডিক্কল
● ম্যাক্সিমাম সিক্সেস অ্যাওয়ার্ড: ঈশান কিশান
● ফেয়ার প্লে অ্যাওয়ার্ড: মুম্বই ইন্ডিয়ান্স

এক নজরে নজির

● ২০১০ ও ২০১১ সালে চেন্নাই সুপার কিংস পর পর ট্রফি জেতার পর মুম্বইও পর পর দু'বার ট্রফি জিতল।

● ভারতীয় ব্যাটসম্যান হিসেবে ব্যক্তিগত সর্বোচ্চ রান করলেন পাঞ্জাবের লোকেশ রাহুল। রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের বিরুদ্ধে তিনি ১৩২ রান করেন। আই পি এলে সর্বোচ্চ রান ক্রিস গেইলের ১৭৫।

● আই পি এলে রান তাড়া করে জেতার নয়া নজির স্থাপন করল রাজস্থান রয়্যালস। কিংস ইলেভেন পঞ্জাবের ২২৩ রান তাড়া করে জেতে রাজস্থান। রাজস্থান নিজেরই রেকর্ড ভাঙল। ২০০৮-এ ডেকান চার্জার্সের বিরুদ্ধে ২১৫ রান তাড়া করে ২১৭ রান করেছিল তারা।

● তৃতীয় ভারতীয় হিসেবে আই পি এলে ৫ হাজার রান করলেন মুম্বইয়ের রোহিত শর্মা। বাকিরা হলেন বিরাট কোহলি ও সুরেশ রায়না।

● প্রথম ভারতীয় হিসেবে টি-টোয়েন্টি ক্রিকেটে ন'হাজার রান পূরণ করলেন ব্যাঙ্গালোরের বিরাট কোহলি। তাঁর আগে রয়েছেন ক্রিস গেইল (১৩,২৯৬), কায়রন পোলার্ড (১০,৩৭০), শোয়েব মালিক (৯,৯২৬), ব্রেন্ডন ম্যাকালাম (৯,৯২২)ও ডেভিড ওয়ার্নার (৯,৪৫১)।

● আই পি এলে দ্রুততম ৫ হাজার রান পূরণ করলেন হায়দরাবাদের ডেভিড ওয়ার্নার। ১৩৫টি ইনিংসে এই নজির গড়লেন তিনি। ভাঙলেন বিরাট কোহলির ১৫৭ ইনিংসের রেকর্ড।

● প্রথম খেলোয়াড় হিসেবে আই পি এলে ২০০টি ম্যাচ খেললেন চেন্নাইয়ের মহেন্দ্র সিংহ ধোনি।

● চতুর্থ ভারতীয় হিসেবে আই পি এলে ৫ হাজার রান পূর্ণ করলেন দিল্লির শিখর ধাওয়ান। বাকিরা হলেন বিরাট কোহলি, সুরেশ রায়না ও রোহিত শর্মা।

● প্রথম ব্যাটসম্যান হিসেবে আই পি এলে পর পর দু'টি ম্যাচে শতরানের নজির গড়লেন শিখর ধাওয়ান। চেন্নাইয়ের বিরুদ্ধে ১০১, পঞ্জাবের বিরুদ্ধে ১০৬ রান।

● প্রথম বোলার হিসেবে আই পি এলে ২টি মেডেন ওভার নিলেন ব্যাঙ্গালোরের মহম্মদ সিরাজ, কলকাতার বিরুদ্ধে।

● প্রথম ব্যাটসম্যান হিসেবে টি-টোয়েন্টি ক্রিকেটে ১,০০০টি ছক্কা হাঁকানোর রেকর্ড গড়লেন ক্রিস গেইল।

সপ্তম মুকুট হ্যামিল্টনের

মাইকেল শুমাখারের সাতটি ফর্মুলা ওয়ান চ্যাম্পিয়নশিপ জয়ের অনন্য নজির স্পর্শ করলেন রেসিং তারকা লুইস হ্যামিল্টন। ১৫ নভেম্বর তুরস্ক গ্রাঁ প্রি জিতে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি। সেই সঙ্গে সব চেয়ে বেশি প্রতিযোগিতা জিতে নিজেকে বিশ্বের সফলতম চালক হিসেবেও প্রতিষ্ঠিত করে ফেললেন।

এদিনের জয় হ্যামিল্টনের জীবনের ৯৪তম। শুমাখার ১৯৯৪-৯৫ এবং ২০০০-০৪ সালের মধ্যে সাতটি ট্রফি জিতেছিলেন। লুইস হ্যামিল্টন ২০০৮, ২০১৪-১৫, ২০১৭-২০-এর মধ্যে জিতে নিলেন সাতটি ট্রফি। রেড বুলের হয়ে যখন সেবাস্তিয়ান ভেটেল টানা জিততে শুরু করেছেন চ্যাম্পিয়নশিপ, তখনও লড়াই ছাড়েননি বছর পঁয়তিরিশের এই ব্রিটিশ চালক। ২০১০ থেকে ২০১৩

পর্যন্ত টানা জিতেছিলেন ভেটেল। ২০০৮ সালে প্রথম বার বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার পর হ্যামিল্টন তখনও অপেক্ষায়। ২০১৪ সালে ভেটেলকে পিছনে ফেলে দ্বিতীয় বার চ্যাম্পিয়ন হন হ্যামিল্টন। আর পিছন ফিরে তাকাতে হয়নি তাঁকে। সাত বছরে ছ'বার চ্যাম্পিয়ন হলেন তিনি।

*

আচমকা হৃদরোগে বিদায় মারাদোনার

চলে গেলেন কিংবদন্তি দিয়েগো আর্মান্দো মারাদোনা। ২৫ নভেম্বর সকালে আকস্মিক হৃদরোগে আক্রান্ত হন তিনি। ১৯৮৬-র বিশ্বকাপজয়ী আর্জেন্টিনা দলের অধিনায়ক গত মাসেই ৬০ বছরে পা দিয়েছিলেন।

চলতি মাসের শুরুতে অসুস্থতা নিয়ে হাসপাতালে ভর্তি হন মারাদোনা। তাঁর মস্তিষ্কে রক্ত জমাট বেঁধে যায়। দ্রুত অস্ত্রোপচারের পর ধীরে ধীরে সুস্থও হয়ে ওঠেন। গত ১১ নভেম্বর তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। মাদকাসক্তি থেকে মুক্ত হওয়ার জন্য বর্তমানে তিনি থাকছিলেন বুয়েনস আইরেসের প্রাণকেন্দ্র থেকে ২৮ কিলোমিটার দূরে তিগ্রে শহরে। এদিন সেখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

সূত্রের খবর, এদিন হঠাৎ করেই মারাদোনার শারীরিক অবস্থার অবনতি হয়। তাঁকে দেখভালের দায়িত্বে থাকা নার্স দেখতে পান মারাদোনা অচৈতন্য হয়ে পড়েছেন। হৃদরোগে আক্রান্ত হয়েছেন, অনুমান করে তিনি খবর দেন চিকিৎসকদের। কিন্তু হাসপাতালে নিয়ে যাওয়ার আগেই জীবনাবসান হয় তাঁর।

মারাদোনার প্রয়াণে শোক জ্ঞাপন করে আর-এক কিংবদন্তি পেলে টুইট করেছেন, 'আমার প্রিয় বন্ধুকে হারালাম। বিশ্ব হারাল এক কিংবদন্তিকে। অনেক কিছুই বলতে ইচ্ছা করছে, তবে এখন প্রার্থনা করি, ঈশ্বর ওঁর পরিবারকে এই শোক সামলে ওঠার শক্তি দিন। কোনও এক দিন আকাশের বুকে আমরা একসঙ্গে ফুটবল খেলব।' লিওনেল মেসির প্রতিক্রিয়া, 'আর্জেন্টিনা এবং ফুটবলের পক্ষে আজকের দিনটা খুব খারাপ। উনি আমাদের ছেড়ে গিয়েও কিন্তু ছেড়ে যাননি। কারণ দিয়েগো তো অবিনশ্বর। ওঁর সঙ্গে কাটানো সুন্দর মুহূর্তগুলো সযত্নে নিজের কাছে রেখে দিলাম।' ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর টুইট, 'আজ আমি পরম বন্ধু এবং গোটা বিশ্ব এক বিস্ময় প্রতিভাকে চিরকালের জন্য বিদায় জানাল। খুব তাড়াতাড়ি আপনি চলে গেলেন। এই শূন্যতা কোনও দিন ভরাট হবে না।' তিন দিনের জাতীয় শোক ঘোষণা করেন প্রেসিডেন্ট আলবার্তো ফার্নান্ডেজ। ফুটবলের রাজপুত্রের প্রয়াণে সিজার মেনোত্তি, গ্যারি লিনেকার, রুড খুলিট, নেইমার থেকে শুরু করে সচিন তেন্ডুলকর, সৌরভ গঙ্গোপাধ্যায়, বিরাট কোহলি শোক জানান। বুয়েনস আইরেসের বাইরে বেইয়া বিস্তা গোরস্থানে সমাহিত করা হয় মারাদোনাকে।

১৯৬০-এর ৩০ অক্টোবর বুয়েনস আইরেসে জন্ম দিয়েগো মারাদোনার। শৈশব কেটেছে প্রবল দারিদ্রে, কিন্তু তখন থেকেই দেখা গিয়েছে প্রতিভার স্ফূরণ। ছোটবেলার

দল লস সেবোলিটাসকে টানা ১৩৮টি ম্যাচ অপরাজিত রেখেছিলেন তিনি। মাত্র ১৬ বছর ১২০ দিন বয়সে আন্তর্জাতিক ফুটবলে নীল-সাদা জার্সিতে অভিষেক ঘটে তাঁর, প্রতিপক্ষ হাঙ্গেরি। স্কিল, ড্রিবল, ক্ষিপ্রতা, অসাধারণ বল কন্ট্রোল, দুরন্ত পাসিং—সব ক্ষেত্রেই তাঁর দক্ষতা ছিল সীমাহীন। উচ্চতা মাত্র পাঁচ ফুট পাঁচ ইঞ্চি হলেও শক্তপোক্ত শরীরের গড়ন, মেধা আর শিল্প মিশে তাঁকে অপ্রতিরোধ্য করে তুলেছিল। আর্জেন্টিনার হয়ে ৯১ ম্যাচে ৩৪ গোল করেছেন মারাদোনা। কিন্তু নিছক গোলসংখ্যার বিচারে তাঁর প্রভাব যাচাই করা যাবে না। ১৯৮৬-তে কার্যত একার কৃতিত্বে মেক্সিকোতে বিশ্বকাপ জিতিয়েছিলেন দেশকে। চার বছর পর দলকে ফাইনালে তুলেও পারেননি ফের কাপ জিততে।

১৯৮৬-র বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে ইংল্যান্ডের বিরুদ্ধে তাঁর 'হ্যান্ড অব গড' গোল চিহ্নিত হয়ে রয়েছে ক্রীড়া-দুনিয়ার অন্যতম বিতর্কিত ঘটনা হিসেবে। ম্যাচের আগে থেকেই ফকল্যান্ড যুদ্ধকে কেন্দ্র করে ইংল্যান্ড ও আর্জেন্টিনার সম্পর্ক উত্তপ্ত হয়ে ছিল। ম্যাচের ৫১ মিনিটে ইংল্যান্ডের গোলকিপার পিটার শিলটনের মাথার উপরে লাফিয়ে মুষ্টিবদ্ধ হাতের ব্যবহারে গোল করে যান মারাদোনা। ম্যাচের পরে তাঁর মন্তব্য— 'কিছুটা মারাদোনার মাথা আর কিছুটা ঈশ্বরের হাত মিশিয়ে গোলটা হয়েছিল।'— বিখ্যাত হয়ে যায়। তারপরই সে গোলের নামকরণ হয়ে যায় 'হ্যান্ড অব গড গোল'। যদিও ম্যাচের মীমাংসা ওই বিতর্কিত গোলে হয়নি। চার মিনিট পরই ফুটবল ইতিহাসের অন্যতম 'বিস্ময় গোল' বিশ্ববাসীকে উপহার দেন তিনি। নিজেদের অর্ধে বল ধরে স্বপ্নের দৌড়ে একের পর এক ইংরেজ ফুটবলারকে ধরাশায়ী করে শিলটনকে পর্যুদস্ত করে গোল করেন।

১৯৭৬-এ মারাদোনা প্রথম যে-ক্লাবে যোগ দেন তার নাম আর্জেন্টিনোজ জুনিয়র্স (১৬৭ ম্যাচে ১১৬ গোল)। ১৯৮১-তে বোকা জুনিয়র্স (৪০ ম্যাচে ২৮ গোল) হয়ে পরের বছর যান বার্সেলোনায় (৩৬ ম্যাচে ২২ গোল)। ১৯৮৪ সালে রেকর্ড ট্রান্সফার ফিয়ের বিনিময়ে ইতালির নাপোলিতে (১৮৮ ম্যাচে ৮১ গোল) যোগ দেন তিনি। পেলের যেমন ছিল কসমস, তেমনই মারাদোনার নাপোলি। ইতালিতেই তিনি ক্লাব জীবনের সেরা ফুটবল খেলেন। ১৯৮৭ এবং ১৯৯০-তে তিনি ইতালি লিগে চ্যাম্পিয়ন করেন নাপোলিকে। ১৯৮৯-এ জেতেন উয়েফা কাপ। ১৯৯২-এ সেভিয়া (২৬ ম্যাচে ৫ গোল) এবং ১৯৯৫-এ ফের বোকা জুনিয়র্সে (৩০ ম্যাচে ৭ গোল) যোগ দেন তিনি।

নাপোলি-উত্তর জীবনেই মাদক আসক্তি এবং অসংযমী জীবনযাপন ক্রমশ গ্রাস করতে থাকে তাঁকে। ১৯৯০-তে ইতালিতে বিশ্বকাপ ফাইনালে জার্মানির কাছে ০-১ ফলে হেরে যায় তাঁর দল। পরের বছর ডোপ পরীক্ষায় ব্যর্থ হয়ে ১৫ মাসের জন্য নির্বাসিত হন তিনি। ১৯৯৪-এর বিশ্বকাপে তাঁর প্রত্যাবর্তন ঘটে। গ্রিসের বিরুদ্ধে গোল করেন, নাইজিরিয়ার বিরুদ্ধে গোল করান। এটিই তাঁর শেষ ম্যাচ। নাইজিরিয়া ম্যাচের শেষে, এফিড্রিন নামক নিষিদ্ধ ওষুধ নেওয়ার কারণে ডোপ টেস্টে উতরোতে ব্যর্থ হওয়ায় বহিষ্কৃত হন। ৩৭তম জন্মদিনে ফুটবল থেকে অবসর নেন মারাদোনা।

বি জ্ঞা ন

এলনের ট্যাক্সিতে মহাকাশ-পাড়ি

চার নভশ্চরকে মহাকাশে পাঠাল এলন মাস্কের সংস্থা স্পেসএক্স। গন্তব্য আন্তর্জাতিক মহাকাশ স্টেশন (আই এস এস)।

১৫ নভেম্বর রাতে কেনেডি স্পেস সেন্টার থেকে রওনা দেয় স্পেসএক্সের ফ্যালকন রকেট। এর মাথায় ড্রাগন ক্যাপসুলে রয়েছেন চার যাত্রী। ২৭ ঘণ্টার যাত্রা। 'মৃদু কোভিড' উপসর্গ থাকায় এলন নিজে হাজির থাকতে পারেননি মহাকাশ ট্যাক্সির প্রথম বাণিজ্যিক ও পেশাদার উড়ান শুরুর সময়। দূর থেকে দেখেছেন ভার্চুয়াল মাধ্যমে। গত মে মাসেও এলনের সংস্থার রকেটে দুই মার্কিন নভশ্চর আই এস এসে গিয়েছেন। সে যাত্রা ছিল আমেরিকার মহাকাশ গবেষণা সংস্থা নাসার সঙ্গে যৌথ উদ্যোগ। পরীক্ষামূলক সেই যাত্রার নাম ছিল 'ক্রু-ডেমো-২'।

নাসার কাছ থেকে পরিকাঠামোগত সুবিধা ও ছাড়পত্র পেলেও এ বারের যাত্রা পুরোপুরি স্পেসএক্সের ট্যাক্সি উড়ান। উবের, ওলার মতো অ্যাপ ক্যাব ভাড়া করে যেমন গন্তব্যে পৌঁছনো যায়, এ-ও ঠিক তেমনই। শুধু গন্তব্যটি একটু দূরে, পৃথিবী থেকে ২৫০ মাইল দূরের এক কক্ষপথ। স্পেসএক্স এই যাত্রার নাম দিয়েছে 'ক্রু-১ মিশন'। অভিযাত্রীরা হলেন মিশন স্পেশ্যালিস্ট শ্যানন ওয়াকার, ভেহিক্যল পাইলট ভিক্টর গ্লোভার, কমান্ডার মাইক হপকিনস এবং মিশন স্পেশ্যালিস্ট সোইচি নোগুচি। প্রথম তিন জন আমেরিকার, তথা নাসার। চতুর্থ জন জাপানের এরোস্পেস এক্সপ্লোরেশন এজেন্সির। আন্তর্জাতিক স্পেস স্টেশনে এঁরা থাকবেন ছ'মাস। স্পেসএক্সের পরের যাত্রা মার্চ মাসে। এ বারের অভিযাত্রীরা ফিরবেন এপ্রিলে।

কে কী বললেন *

ক্ষমতায় বসার আগেই জো বাইডেনের মতো একসঙ্গে এত চ্যালেঞ্জের মুখোমুখি কখনও কোনও প্রেসিডেন্ট হননি। প্রেসিডেন্ট হওয়ার জন্য সব যোগ্যতাই ওঁর আছে।

বারাক ওবামা, *প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট*

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে জো বাইডেনের জয়লাভের পর

প্রেসিডেন্ট হিসেবে প্রতিটি মানুষের জন্য কাজ করব। সে আমাকে ভোট দিক বা না দিক। কারণ আমরা কেউ কারও শত্রু নই। আমরা সকলেই মার্কিন নাগরিক।

জো বাইডেন

নব-নির্বাচিত মার্কিন প্রেসিডেন্ট

আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনে জয়লাভের পর

কৃষকদের কাছে আমি, আমরা সর্বতোভাবে ঋণী। আমি আজ যা, তা শুধুমাত্র তাঁদের জন্যই। কেন্দ্রের সিদ্ধান্তে চূড়ান্তভাবে অপমানিত হয়েছেন দেশের কৃষক-সমাজ। কৃষকদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হচ্ছে। পদ্মবিভূষণ সম্মান রেখে দেওয়ার কোনও যুক্তি দেখছি না।

প্রকাশ সিং বাদল, *পাঞ্জাবের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও শিরোমণি অকালি দলের নেতা*

কৃষি আইন নিয়ে চাষিদের সঙ্গে মোদী সরকারের বিশ্বাসঘাতকতার প্রতিবাদে, পদ্মবিভূষণ সম্মান ফিরিয়ে দিয়ে

ভারত থেকে চাষিদের প্রতিবাদের খবর আসছে। পরিস্থিতি উদ্বেগজনক এবং অনেকেই পরিবার ও বন্ধুদের জন্য চিন্তিত।

জাস্টিন ট্রুডো, *কানাডার প্রধানমন্ত্রী*

ভারতে নতুন কৃষি আইনের প্রতিবাদে কৃষক বিক্ষোভকে সমর্থন জানিয়ে

সরকারের এই লিখিত প্রস্তাব কৃষকদের অপমান। আমরা ভেবেছিলাম, অমিত শাহের মতো ব্যক্তি যখন বৈঠকে থাকছেন, তখন নতুন কিছু প্রস্তাব আসবে। লিখিত প্রস্তাবে দেখা গেল, চর্বিতচর্বণ।

হান্নান মোল্লা, *কৃষক সভার নেতা*

তিন কৃষি আইনে সংশোধন করার 'প্রস্তাব' কৃষক নেতাদের পক্ষ থেকে খারিজ করে দিয়ে

বাংলাদেশে (তৎকালীন পূর্ব-পাকিস্তান) নিজেদের যুদ্ধাপরাধ, মানবাধিকার লঙ্ঘন ও জঘন্য কুকীর্তি লুকোতে ১৯৭১ সালের যুদ্ধ পশ্চিম সীমান্তেও শুরু করেছিল পাকিস্তান। কিন্তু ওদের মতো ওদের ছকও ভেস্তে গিয়েছিল।

নরেন্দ্র মোদী, *ভারতের প্রধানমন্ত্রী*

'৭১-এর ভারত-পাক যুদ্ধের অন্যতম মাইলফলক জয়সলমেরের ঐতিহাসিক লাঙ্গেওয়ালা সেনা পোস্টের সেনা ছাউনি থেকে পাকিস্তানকে হুঁশিয়ারি দিয়ে

কোভিড প্রভাব কাটিয়ে উঠতে অর্থনীতির যত সময় লাগবে বলে আমরা আগে অনুমান করেছিলাম, তার চেয়ে অনেক দ্রুত সেরে ওঠার ইঙ্গিত এখন স্পষ্ট। আমাদের অনুমান, ২০২০-২১ অর্থবছরে ভারতীয় অর্থনীতি ৭.৫ শতাংশ সঙ্কুচিত হবে।

শক্তিকান্ত দাস, *রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর*

দেশের অর্থনীতি দ্রুত স্বাভাবিক হওয়ার ইঙ্গিত দিয়ে

কৃষকরাই ভারত। তাদের কেউ পিছু হটাতে পারবে না। সরকার যেন এই বিভ্রান্তিতে না-থাকে যে কৃষকরা সমঝোতা করে নেবেন। কারণ তাঁরা বুঝেছেন, একবার যদি এই আইন মেনে নেওয়া হয়, তা হলে তাঁদের ভবিষ্যৎ অন্ধকার।

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*

বিরোধী রাজনৈতিক দলগুলির শীর্ষস্থানীয় নেতাদের সঙ্গে নিয়ে তিন কৃষি আইন প্রত্যাহারের দাবিতে রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি জমা দিয়ে

শান্তিপূর্ণ আন্দোলনে যে ভাবে পুলিশ লাঠি, কাঁদানে গ্যাস ব্যবহার করল, তাতেই প্রমাণিত এ রাজ্যে গণতন্ত্র বলে কিছু অবশিষ্ট নেই। আমরা রাষ্ট্রপতি শাসন জারির দাবি জানাচ্ছি।

কৈলাস বিজয়বর্গীয়

রাজ্য বিজেপির কেন্দ্রীয় পর্যবেক্ষক

দলের উত্তরকন্যা অভিযান ঘিরে অশান্তি এবং এক ব্যক্তির মৃত্যুর প্রেক্ষিতে

অবশ্যই একদিন আকাশে একটা বলে আমরা একসঙ্গে কিক করব। প্রিয় বন্ধুকে হারালাম। বিশ্ব হারাল কিংবদন্তি।

পেলে, *ফুটবল কিংবদন্তি*

ফুটবলের রাজপুত্র দিয়েগো মারাদোনার অকাল প্রয়াণে

সংবাদ নিবন্ধ

নতুন* কৃষি-আইন এবং কৃষক আন্দোলন

কৌশিক বন্দ্যোপাধ্যায়

নভেম্বরের শেষ সপ্তাহ থেকে, যখন উত্তর ভারতে জাঁকিয়ে বসেছে শীত, দেশের প্রায় পাঁচশ কৃষক ইউনিয়নের দিল্লি চলো-র ডাকে সাড়া দিয়ে পাঞ্জাব এবং হরিয়ানা থেকে বেরিয়ে পড়েছিলেন যে-কৃষকরা, তাঁরা বর্তমানে দিল্লি সীমান্তে জাতীয় সড়কের উপর অবস্থান করছেন। তাঁরা যাতে দিল্লি অবধি পৌঁছতে না পারেন, সেজন্য জলকামান চালানো থেকে রাস্তা কাটা পর্যন্ত কোনও অহিংস পথই বাদ রাখেনি দিল্লি-সংলগ্ন রাজ্যগুলির পুলিশ, বিশেষত যেখানে কেন্দ্রের শাসক দলের সরকার। কিন্তু এখনও পর্যন্ত কৃষকদের আশ্বস্ত করে বাড়ি পাঠানোর প্রশ্নে বাধা হয়ে দাঁড়িয়ে আছে তাঁদের দাবির প্রতি কেন্দ্রের অনমনীয় মনোভাব। কেন্দ্রের এ ধরনের মনোভাব প্রদর্শনে সামনে থেকে নেতৃত্ব দিচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একবারের জন্যও প্রায় ৩ লক্ষ অবস্থানকারী কৃষকের মুখোমুখি না হয়েও, অন্যত্র সমাবেশে তিনি ইঙ্গিত দিয়ে চলেছেন, কৃষকদের দাবি মানার কোনও প্রশ্ন নেই। কারণ, কেন্দ্রের নতুন যে-কৃষি আইন প্রত্যাহারের দাবিতে তাঁরা অনড়, তা আসলে কৃষকদের ভালোর জন্যই আনা। তাঁরা নেহাত সে কথা বুঝতে পারছেন না, কারণ তাঁদের ভুল বোঝাচ্ছে বিরোধীরা। অতীতে অন্যান্য সমতুল আন্দোলনের ক্ষেত্রে যেমন দেখা গিয়েছে, এখানেও ঠিক তেমন ভাবেই মাওবাদী ও শহুরে নকশালদের ইন্ধনের অভিযোগ উঠে এসেছে শাসকদলের নেতা-মন্ত্রীদের মুখে। ধর্নায় বসা কৃষকরা সকলেই অত্যন্ত ধনী কৃষক, ফলে তাঁদের কায়েমি স্বার্থের সঙ্গে দেশের ৮৬ শতাংশ গরিব চাষি, যাদের প্রত্যেকের জমির পরিমাণ ২ একরের নীচে—তাঁদের বৃহত্তর স্বার্থ মিলবে না, এভাবেও শ্রেণিগত বিভাজনের নিরন্তর প্রয়াস চলেছে। বিরোধীদের রাজনৈতিক উসকানির অভিযোগ তো আগাগোড়াই আছে, তার সঙ্গে অতীতে নেতাদের বচনে উঠে আসা 'টুকরে টুকরে গ্যাং'ও আরেকবার প্রচারের আলোয় এসেছে। যদিও আন্দোলনকারী কৃষকেরা এখনও অনড় তাঁদের দাবিতে, তা

হল, নতুন কৃষি-আইন বাতিল করতে হবে, সংশোধন বা সংযোজন নয়, সরাসরি বাতিল, কেন না এই আইন কৃষক-স্বার্থ বিরোধী, তলিয়ে ভাবতে গেলে দেশের খাদ্য নিরাপত্তাও ভবিষ্যতে এর ফলে বিপন্নতার মুখে পড়তে পারে।

ইতিমধ্যেই প্রবল শীতে, অসুস্থতার কারণে ষোলোজন সহ-আন্দোলনকারীকে হারিয়েছেন অবস্থানকারী কৃষকরা। আত্মঘাতী হয়েছেন হরিয়ানার করনালের এক সন্ত, রাম সিংহ, যাঁর অনুগামীর সংখ্যা নেহাত কম নয়। চিরকুটে তিনি লিখে গিয়েছেন, 'কৃষকদের উপর জুলুমের এটাই আমার প্রতিবাদ। কেউ নিজের পুরস্কার ত্যাগ করেছে। আমি নিজের জীবন ত্যাগ করলাম।' ইতিমধ্যে রাজস্থান, মহারাষ্ট্র থেকেও বহু প্রতিবাদী কৃষক এসে যোগ দিয়েছেন আন্দোলনে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি শরদ অরবিন্দ বোবডেও সম্প্রতি মন্তব্য করেছেন, 'কৃষকদের প্রতিবাদ খুব শীঘ্রই জাতীয় বিষয় হয়ে উঠবে।' যদিও ঢের আগে থেকেই দিল্লির কৃষক আন্দোলন আন্তর্জাতিক স্তরে নজর কেড়েছে। কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ইতিমধ্যেই কৃষক আন্দোলনের পক্ষে মত প্রকাশ করে ভারতের সঙ্গে সে-দেশের কূটনৈতিক সম্পর্ককে ঘোরালো করে তুলেছেন। তবে বহির্ভারতে এ ক্ষেত্রে তিনি একা প্রতিবাদী নন। ব্রিটেনের সংসদরা, এমনকী রাষ্ট্রপুঞ্জও মুখ খুলেছে।

কথা হল, নতুন কৃষি আইন নিয়ে কৃষকরা এত প্রতিবাদীই বা কেন হলেন আর কেন্দ্রীয় সরকারই বা কেন এত স্পর্শকাতরতা দেখাচ্ছে? কী আছে এই আইনে, যা দেশের কৃষকদের সরাসরি আঘাত করবে বলে তাঁরা মনে করছেন?

গত সেপ্টেম্বরে লোকসভায় কেন্দ্রীয় সরকার তিনটি কৃষি বিল পেশ করে, যার উদ্দেশ্য ছিল, সরকারি বয়ান অনুযায়ী 'দেশে কৃষির রূপান্তরকরণ এবং কৃষকের আয় বৃদ্ধি'। পৃথক ভাবে তিনটি বিলের শিরোনাম যথাক্রমে, অত্যাবশ্যকীয় পণ্য (সংশোধনী) বিল, কৃষক (সশক্তিকরণ ও নিরাপত্তা) মূল্য-নিশ্চয়তা চুক্তি এবং কৃষি-পরিষেবা বিল, কৃষি-পণ্যের বাণিজ্য ও বিপণন বিল।

১৯৫৫ সালে তৈরি অত্যাবশ্যকীয় পণ্য আইন ছিল এক অর্থে এ দেশের ইতিহাসে বারেবারেই দেখতে পাওয়া মন্বন্তর ও খাদ্যাভাবকে রোখার হাতিয়ার। বাজারে খাদ্যপণ্যের কৃত্রিম অভাব তৈরি করে এক শ্রেণির অসাধু ব্যবসায়ীর কালোবাজারির জন্য অন্নাভাবে মানুষ মরতে দেখেছে এই দেশ। খাদ্যপণ্যের মজুত, বিপণন এবং বাণিজ্যের উপর সরকারি নিয়ন্ত্রণ রাখতেই তৈরি হয়েছিল এই আইন। গত কয়েক প্রজন্ম যে তেমন ভাবে খাদ্যাভাব দেখেনি, তার একটা বড় কারণ এই আইনের নিয়ন্ত্রণ। বর্তমান সংশোধনীতে তুলে দেওয়া হল সরকারি সেই নিয়ন্ত্রণটাই। নতুন আইনে বলা হল, সরকার যখন সঙ্গত মনে করবে একমাত্র তখনই নিয়ন্ত্রণহীন মজুতদারি এবং দামবৃদ্ধির ক্ষেত্রে হস্তক্ষেপ করবে। খরা, বন্যার মতো প্রাকৃতিক বিপর্যয়, যুদ্ধের প্রয়োজনে এবং বাগিচা-ফসলের দাম ১০০ শতাংশ ও অপচনশীল শস্যের দাম ৫০ শতাংশ বেড়ে গেলে তবেই একমাত্র নিয়ন্ত্রকের ভূমিকায় দেখা যেতে পারে কেন্দ্রীয় সরকারকে।

ইতিহাসের সঙ্গে মিলিয়ে দেখলে, অত্যাবশ্যকীয় পণ্য (সংশোধনী) আইন থেকে সম্ভাব্য সুবিধাপ্রাপ্তদের চিহ্নিত করতে অসুবিধা হওয়ার কথা নয়। শোনা যাচ্ছে, দেশের নির্দিষ্ট দুয়েকটি কর্পোরেট হাউসের তরফে হিমঘর তৈরির প্রক্রিয়াও জোরকদমে শুরু হয়ে গিয়েছে। কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্য নিয়েও এখানে প্রশ্ন তোলার অবকাশ নেই, কেন না, এই বিল পেশ করে তৎকালীন কৃষিমন্ত্রী, সদ্যপ্রয়াত রামবিলাস পাসোয়ান জানিয়েছিলেন, মজুতদারি এবং দামের উপর থেকে নিয়ন্ত্রণ তুলে নেওয়ায় কৃষি-পণ্য বিপণন এবং সামগ্রিক পরিকাঠামোয় বেসরকারি লগ্নি বাড়বে। যদিও এই বিপুল সংগঠিত পরিকাঠামোর মধ্যে ছোট চাষি বাণিজ্য বা হিমঘরের সুবিধা না পেয়ে আরও বেশি ঋণগ্রস্ত ও অসহায় হয়ে পড়বেন না বা নামমাত্র মূল্যে ক্ষতি স্বীকার করেও রাঘব বোয়ালদের কাছে ফসল বেচে দিতে বাধ্য হবেন না— এমন নিশ্চয়তা কোথায়? দামের উপর নিয়ন্ত্রণ না থাকায় বাজারে অংশগ্রহণকারী সাধারণ ক্রেতার অবস্থাই বা কী দাঁড়াবে? উত্তর নেই, আশঙ্কা রয়েছে।

বাকি দু'টি কৃষি আইন নিয়েও আশঙ্কার ক্ষেত্রটি একই রকম তীব্র। স্বাধীন ভাবে চাষাবাদ করা কৃষকের উপর বাইরে থেকে বোঝা চাপিয়ে দেওয়ার প্রবণতাটি সেখানেও খুব স্পষ্ট। এবং এক্ষেত্রেও যে বেসরকারি লগ্নিকারীকে দেশের কৃষিক্ষেত্র থেকে লাভ করার অপার সুযোগ করে দেওয়া হচ্ছে, তাতেও কোনও সন্দেহ নেই, অন্তত এমনই বক্তব্য কৃষক-সংগঠনগুলির। এর মধ্যে কৃষি-পণ্যের বাণিজ্য ও বিপণন আইনটি কৃষককে স্বাধীন ভাবে তার পণ্য বিক্রির 'সুবিধা' করে দিয়েছে। বিভিন্ন রাজ্যে যে-কৃষিপণ্য মার্কেটিং কমিটি (এপিএমসি) আইন আছে, যে-আইনে কৃষক মান্ডিগুলিকে নিয়ন্ত্রণ করে রাজ্য সরকার, তাকে অগ্রাহ্য করে কৃষককে স্বাধীন ভাবে ফসলের ক্রেতার সঙ্গে দরদাম করে পণ্য বিক্রির অধিকার দিয়েছে নতুন আইন। অর্থাৎ

১৯৫৫ সালে তৈরি অত্যাবশ্যকীয় পণ্য আইন ছিল এক অর্থে এ দেশের ইতিহাসে বারেবারেই দেখতে পাওয়া মন্বন্তর ও খাদ্যাভাবকে রোখার হাতিয়ার। বাজারে খাদ্যপণ্যের কৃত্রিম অভাব তৈরি করে এক শ্রেণির অসাধু ব্যবসায়ীর কালোবাজারির জন্য অন্নাভাবে মানুষ মরতে দেখেছে এই দেশ। খাদ্যপণ্যের মজুত, বিপণন এবং বাণিজ্যের উপর সরকারি নিয়ন্ত্রণ রাখতেই তৈরি হয়েছিল এই আইন। গত কয়েক প্রজন্ম যে তেমন ভাবে খাদ্যাভাব দেখেনি, তার একটা বড় কারণ এই আইনের নিয়ন্ত্রণ। বর্তমান সংশোধনীতে তুলে দেওয়া হল সরকারি সেই নিয়ন্ত্রণটাই।

কৃষকের আর এপিএমসি-নির্দিষ্ট বাজারে পণ্য বিক্রির বাধ্যবাধকতা থাকল না। তিনি সেই রাজ্যের বা রাজ্যের বাইরের অন্য কোনও ব্যক্তি বা সংস্থাকে আপসরফা হওয়া দামে ফসল বিক্রি করতে পারবেন, সরাসরি খেত থেকে বা হিমঘর থেকে। রাজ্য সরকার বা এপিএমসি কৃষকদের কাছ থেকে কোনও ফি বা লেভি বা সেস নিতে পারবে না। অর্থাৎ কৃষকের পণ্য বিক্রি ও দাম পাওয়ার ক্ষেত্রে যে-স্থানীয় সরকারি নিরাপত্তা এত দিন ছিল, কৃষককে পূর্ণ স্বাধীনতা দানের নামে প্রকারান্তরে তা কেড়ে নেওয়া হল।

এর আশু ফলাফলের সঙ্গে ক্ষীণ সম্পর্ক থেকে গেল তৃতীয় কৃষি-সংক্রান্ত আইনটির।

কৃষক (সশক্তিকরণ ও নিরাপত্তা) মূল্য-নিশ্চয়তা চুক্তি এবং কৃষি-পরিষেবা আইনটি আসলে চুক্তি চাষ সংক্রান্ত আইন। এই আইনের বলে, জমি তৈরির আগেই সর্বনিম্ন এক চাষ-মরসুম (পশুপালনের ক্ষেত্রে একটি প্রোডাকশন সাইকেল) বা সর্বাধিক পাঁচটি চাষ-মরসুমের জন্য কোনও ব্যক্তি বা কোম্পানির সঙ্গে নির্দিষ্ট ফসল ফলানোর জন্য চুক্তিবদ্ধ হতে পারেন কৃষক। ফসলের বিক্রয়মূল্যও আগেই আপস রফার মাধ্যমে নির্দিষ্ট হবে এবং চুক্তিতে উল্লেখ করা থাকবে। ফসল কাটার পর সেই ফসল চুক্তিতে উল্লিখিত দামে কিনে নেবেন ওই ব্যক্তি বা কোম্পানি।

এখন একজন ছোট চাষি কতটা স্বাধীন ভাবে ফসলের মূল্যের বিষয়ে সংগঠিত ও প্রভাবশালী কর্পোরেট কর্তাদের সঙ্গে রফা করতে পারবেন, বেসরকারি সংস্থা বা গোষ্ঠীর চাপ তাঁকে বঞ্চনার শিকার হতে বাধ্য করবে কিনা, কার্যত এই প্রক্রিয়ায় ইংরেজ-কোম্পানির আমলের নীলকররাই নয়া ধরাচূড়া পরে উদয় হবে কিনা এসব সংশয় থাকছেই। আমরা যদি ধরেও নিই আমাদের দেশের কৃষকরা খোলাবাজারে নিয়ন্ত্রণহীন ভাবে ব্যবসাপাতি চালাতে সম্পূর্ণ ভাবে সক্ষম, তাহলেও এই আইনের কয়েকটা মারাত্মক দিক এড়ানো যাবে না, যাকে কৃষকরা বলছেন, কর্পোরেট ক্রেতাদের সহায়ক। কী সেই দিকগুলি?

কৃষক ও কোম্পানির মধ্যে ফসলের দাম নিয়ে যে-রফা হবে, তা কীসের ভিত্তিতে, কোন মাপকাঠিতে হবে, তার কোনও দিশা নেই এই আইনে। আমাদের দেশের কৃষিবাজারে ন্যূনতম সহায়ক মূল্য নামে একটি বিষয় রয়েছে। অর্থাৎ যে-দামে সরকার চাষির ফসল কেনে। সাধারণ ভাবে ন্যূনতম সহায়ক মূল্য বাজারচলতি দামের থেকে বেশিই হয়। নতুন আইনে ন্যূনতম সহায়ক মূল্যের কোনও উল্লেখই নেই। তাহলে ফসলের দাম কীভাবে নির্ধারিত হবে, সেটার পাশে প্রশ্নচিহ্ন থেকেই যাচ্ছে। পাশাপাশি এর আরও এক অর্থ, সচেতন ভাবে কৃষক ও কোম্পানির মধ্য থেকে সরকার নিজের অস্তিত্ব মুছে দিতে চায়। আন্দোলনকারী কৃষকদের প্রধান আপত্তি এইখানে। এ দেশে ফলন এখনও অনেকটাই প্রকৃতির মর্জির উপর নির্ভরশীল। কোনও মরসুমে বেশি ফলন হলে অতিরিক্ত ফসলের পরিণতি কী হবে জানা নেই। চুক্তি-র সমপরিমাণ ফসল না ফললে সরকারের অনুপস্থিতি কৃষকের বিপদ বাড়াবে কিনা তাও অজানা। মনে রাখতে হবে, এপিএমসি আইনের এক্তিয়ার না থাকায় স্থানীয় বা রাজ্য সরকারের ভূমিকা আগেই খারিজ করা হয়েছে। তার চেয়েও বড় বিপদের কথা লেখা আছে এই আইনে। তা হল, ক্রেতার সঙ্গে মতান্তর বা চুক্তিভঙ্গ দেখা দিলে কৃষক সরাসরি আদালতের চৌকাঠে যেতে পারবেন— এমন কথা স্পষ্ট ভাবে বলা নেই। সমস্যা মেটানো হবে তিন পর্বে— সালিশি সভা, মহকুমা শাসক এবং আপিল কর্তৃপক্ষের মাধ্যমে।

কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর, বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েল এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে একাধিক আলোচনায় কৃষি আইনের এমনই একাধিক নেতিবাচক দিক তুলে ধরে আইনটিই প্রত্যাহারের দাবি জানিয়েছেন কৃষক আন্দোলনের নেতারা। সংশোধন বা সংযোজনের ইঙ্গিত দিলেও আইন প্রত্যাহার যে সম্ভব নয়, তা বুঝিয়ে দিয়েছে কেন্দ্র। কিন্তু প্রশ্ন হল, যে-বিল আইন হয়ে যাওয়ার কিছুদিনের মধ্যেই সংশোধনের প্রয়োজন পড়ে, তার সামগ্রিক নীতি ও উদ্দেশ্য বিষয়েই সংশয় তৈরি হতে বাধ্য। কৃষক আন্দোলন দানা না বাঁধলে আইনের নেতিবাচক দিকগুলি প্রকাশ্যেই আসত না এবং এ জায়গা থেকেও সরকারের উদ্দেশ্য নিয়ে সংশয় তৈরি হয়।

কৃষি আইন প্রত্যাহারের দাবিতে অনড় কৃষকরা ২ মাসের রসদ নিয়ে অপেক্ষা করছেন দিল্লির দুয়ারে। যাঁরা দেশকে অন্ন জোগান, তাঁরা বেঘর হয়ে, কঠোর শীতের রাতে, ব্যস্ত সড়কে মাইলের পর মাইল জুড়ে ছড়িয়ে থাকা ট্রাক্টরে বা ছোট ছাউনিতে রাত কাটাচ্ছেন। এখনও পর্যন্ত যা পরিস্থিতি, তাতে প্রতিদিনই সরকারের উপর চাপ বাড়ছে, তাতে সন্দেহ নেই। চাপ কাটাতে প্রধানমন্ত্রী যতই জোরগলায় বলতে থাকুন, কৃষকের ভালোর জন্যই এই আইন, ততই প্রশ্ন উঠতে থাকবে, খোদ কৃষকদের থেকে কৃষকদের ভালো আর কে বুঝবে?

এ দেশে ফলন এখনও অনেকটাই প্রকৃতির মর্জির উপর নির্ভরশীল। কোনও মরসুমে বেশি ফলন হলে অতিরিক্ত ফসলের পরিণতি কী হবে জানা নেই। চুক্তি-র সমপরিমাণ ফসল না ফললে সরকারের অনুপস্থিতি কৃষকের বিপদ বাড়াবে কিনা তাও অজানা। তার চেয়েও বড় বিপদের কথা লেখা আছে এই আইনে। তা হল, ক্রেতার সঙ্গে মতান্তর বা চুক্তিভঙ্গ দেখা দিলে কৃষক সরাসরি আদালতের চৌকাঠে যেতে পারবেন— এমন কথা স্পষ্ট ভাবে বলা নেই।

মজুরি * নিম্নগামী, মুনাফা ঊর্ধ্বগামী, কর্মহীনতা ক্রমবর্ধমান

ডঃ দেবব্রত দত্ত

বিগত কয়েকটি লেখায় আমরা দেখেছিলাম যে, ভারতীয় অর্থনীতিতে আয় এবং সম্পদবৈষম্য কী ভাবে গত কয়েক বছরে বেড়ে গিয়েছে। আমরা এও দেখেছিলাম যে, গত কয়েক বছরের সরকার-অনুসৃত নীতি কী ভাবে এই বৈষম্যকে বাড়িয়ে তুলেছে। এ ব্যাপারে এখন আরও যা তথ্য পাওয়া যাচ্ছে, তাতে দেখা যাচ্ছে, এই অতিমারির সময়ে কী ভাবে বিভিন্ন কোম্পানির আয়ে মজুরির ভাগ কমেছে এবং মুনাফার অংশ বেড়েছে। জাতীয় আয়ে মজুরির অংশ কমে যাওয়ার অর্থ স্বল্প ও মধ্যম বর্গের মানুষের আয়ের পরিমাণে হ্রাস এবং উচ্চ বর্গের মানুষের আয়ের পরিমাণ বৃদ্ধি— অর্থাৎ অসাম্য। অতিমারির মতো পরিস্থিতি সব সময়েই শ্রমিক শ্রেণি ও স্বল্প আয়ের মানুষকে অর্থনৈতিক ভাবে দুর্বল করে এবং এই কারণেই এই সব সময়ে গণতান্ত্রিক সরকার সাধারণ মানুষের পাশে দাঁড়ায়। অত্যন্ত দুর্ভাগ্যজনক যে, ভারতে অতিমারির সময়ে সরকার আর্থিক সংস্কারের নামে যে-শ্রম আইন, কৃষি আইন ইত্যাদির সংশোধন-নীতি গ্রহণ করলেন, 'সেই পথে সংখ্যাগরিষ্ঠ মানুষের লোকসান, লাভ কেবল তাঁদের, যাঁরা অর্থনীতির সিংহভাগ নিজেদের দখলে রেখেছেন এবং সিংহতর ভাগ দখল করাই যাঁদের একমাত্র সাধনা' (অনির্বাণ চট্টোপাধ্যায়, আনন্দবাজার পত্রিকা, ১১ ডিসেম্বর, ২০২০)।

এই অভিমতেরই সমর্থন পাওয়া যাচ্ছে অতিমারি কালে স্টক এক্সচেঞ্জে পঞ্জীভূত কোম্পানিগুলির প্রদত্ত মুনাফার পরিমাণ থেকে। তাতে দেখা যাচ্ছে যে, গত ত্রৈমাসিকে এই কোম্পানিগুলির প্রকৃত মুনাফার পরিমাণ বেড়েছে ২৫%। এই মুনাফা এই কোম্পানিগুলির বিক্রয়লব্ধ আয় কমা সত্ত্বেও অর্জিত হয়েছে, যার অর্থ এই কোম্পানিগুলি খরচ কমিয়েছে। এই খরচ কমানোর বড় অংশ এসেছে মজুরি ক্ষেত্রে সঞ্চয়ের মাধ্যমে। ৬০০টি পঞ্জীকৃত কোম্পানির হিসাব থেকে দেখা যাচ্ছে যে এদের মজুরির জন্য ব্যয় বর্তমান ত্রৈমাসিকে গত দশটি ত্রৈমাসিকের মধ্যে সর্বনিম্ন। যখন আয় কমছে কিন্তু মুনাফা বাড়ছে, তখন এর একটাই অর্থ— মজুরি, চাকরি এবং ছোট ছোট শিল্পের সঙ্কোচন।

লকডাউনের ঠিক অব্যবহিত পরেই দেশে ১২ কোটি মানুষ কাজ হারায়, যার মধ্যে সংগঠিত এবং অসংগঠিত উভয় ক্ষেত্রেরই কর্মীরা ছিল। পরবর্তী সময়ে যখন ধীরে ধীরে অর্থনীতিকে স্বাভাবিক করার প্রক্রিয়া শুরু হয়, তখন অসংগঠিত ক্ষেত্রের কর্মহীনেরা যে-কোনও কাজ গ্রহণ করতে বাধ্য হয়, অনেকে মহাত্মা গান্ধী কর্মসংস্থান প্রকল্পেও যোগদান করে। কিন্তু সংগঠিত ক্ষেত্রের কর্মীদের পক্ষে এত সহজে স্থায়ী কাজ পাওয়া সম্ভব নয়। এর ফলে সংগঠিত ক্ষেত্রে বেকারি প্রায় দু'কোটিতে পৌঁছেছে। ভারতীয় অর্থনীতি নিরীক্ষা কেন্দ্রের সাম্প্রতিক সমীক্ষায় দেখা যাচ্ছে, সেপ্টেম্বর এবং অক্টোবর, এই দু'মাসের পর নভেম্বর মাসে আবার বেকারি বাড়তে শুরু করেছে এবং দেশে কর্মে নিযুক্ত মোট মানুষের সংখ্যা ৩৫ লক্ষ কমে গেছে।

কেবল অতিমারি এবং অপরিকল্পিত লকডাউনের জন্যই শ্রমিকরা দুর্বল হয়েছে, এমন নয়। এই অতিমারি কালে সরকার শ্রম আইনে যেসব সংস্কার নিয়ে আসে, সেগুলি শ্রমিক এবং মালিকের দর-কষাকষিতে শ্রমিককে দুর্বল করে এবং মালিক পক্ষকে শক্তিশালী করে। এই আইনের সংস্কারগুলি পরিষ্কার ভাবে দেখায় যে, সরকারের অর্থনৈতিক নীতির অভিমুখ মালিক পক্ষকে মুনাফা বাড়ানোর সুযোগ করে দিয়ে অর্থনৈতিক উন্নয়ন ঘটানোর চেষ্টা করা। পূর্বতন সরকারগুলি বিভিন্ন আইনের মাধ্যমে শ্রমিকদের কিছুটা কাজের নিরাপত্তা দেওয়ার চেষ্টা করেছিল। যদিও এই সব আইনের সুযোগ-সুবিধা সংগঠিত শ্রমিকদেরই বেশি উপকৃত করেছিল, তবুও ওই সময়ে সামগ্রিক ভাবে শ্রমিকদের নিজেদের দুর্বল ভাবার কোনও কারণ ছিল না। কিন্তু সেই পরিস্থিতি অতিমারি কালে আইন সংশোধনের মাধ্যমে সম্পূর্ণ ভাবে পরিবর্তিত হয়েছে।

পূর্বতন সরকারগুলি বিভিন্ন আইনের মাধ্যমে শ্রমিকদের কিছুটা কাজের নিরাপত্তা দেওয়ার চেষ্টা করেছিল। যদিও এই সব আইনের সুযোগ-সুবিধা সংগঠিত শ্রমিকদেরই বেশি উপকৃত করেছিল, তবুও ওই সময়ে সামগ্রিক ভাবে শ্রমিকদের নিজেদের দুর্বল ভাবার কোনও কারণ ছিল না। কিন্তু সেই পরিস্থিতি অতিমারি কালে আইন সংশোধনের মাধ্যমে সম্পূর্ণ ভাবে পরিবর্তিত হয়েছে।

শ্রমিক আইনে পরিবর্তনের পর্ব শুরু হয় শ্রম আইন সংশোধনে উত্তরপ্রদেশ সরকারের অর্ডিন্যান্স জারির মাধ্যমে। এই অর্ডিন্যান্সে উত্তরপ্রদেশের প্রায় সমস্ত শ্রম আইন তিন বছরের জন্য রদ করা হয়। কাজের সময় সম্পর্কে বলা হয় যে, কোনও শ্রমিককে একটানা ১১ ঘণ্টার বেশি কাজ করানো যাবে না। এই সময়সীমা আগে ৮ ঘণ্টা ছিল। পুরনো শ্রম আইন রদ হওয়ার ফলে স্থায়ী কর্মীকে ছাঁটাই করে চুক্তিতে নতুন কর্মী নিয়োগ সম্ভব। উত্তরপ্রদেশের পর গুজরাত, হরিয়ানা, মধ্যপ্রদেশ, অসম, গোয়া ইত্যাদি রাজ্যও শ্রম আইনে একই ধরনের পরিবর্তনের কথা ঘোষণা করে।

রাজ্যের পর কেন্দ্রীয় সরকার এ বছরের সেপ্টেম্বর মাসে ২৪টি কেন্দ্রীয় শ্রম আইনকে একত্রিত করে তিনটি শ্রম-নিয়ম লোকসভা এবং রাজ্যসভায় পাশ করে। এই তিনটি শ্রম-নিয়ম হল বৃত্তিগত নিরাপত্তা, স্বাস্থ্য ও কাজের শর্তের নিয়ম, ২০২০, শিল্প সম্পর্ক নিয়ম, ২০২০ এবং সামাজিক নিরাপত্তা নিয়ম, ২০২০। শিল্প সম্পর্ক নিয়ম, ২০২০ প্রকৃতপক্ষে মালিকের ইচ্ছা মাফিক কর্মী ছাঁটাই নীতিকে আইনি নিশ্চয়তা দেওয়ার ব্যবস্থা করে। যেসব প্রতিষ্ঠানে কর্মীসংখ্যা ৩০০-র কম, বর্তমান নিয়মে কোনও সরকারি অনুমোদন ছাড়াই সেখানে কর্মী ছাঁটাই করা যাবে, এমনকী প্রতিষ্ঠান কোনও অনুমোদন ছাড়াই বন্ধ করা যাবে। কর্মীসংখ্যা ৩০০-র বেশি হলে সরকারি অনুমোদন লাগবে, কিন্তু সরকারের কাছ থেকে কোনও অনুমোদন-সংক্রান্ত পত্র না পাওয়া গেলেও কর্মী ছাঁটাই করায় কোনও বাধা থাকবে না। আগে কোনও শ্রমিককে ছাঁটাই করতে গেলে ৩০ থেকে ৯০ দিনের নোটিস দেওয়া বাধ্যতামূলক ছিল। সেই নিয়ম আর বলবৎ থাকছে না।

নতুন শিল্প সম্পর্ক নিয়ম অনুযায়ী শ্রমিকরা কোনও ধর্মঘট করতে গেলে তাদের পক্ষ থেকে অন্তত ৬০ দিনের নোটিস দেওয়া বাধ্যতামূলক। যদি শিল্প-বিরোধের বিষয়টি ট্রাইবুনালে গিয়ে থাকে, তাহলে ট্রাইবুনালের রায়ের পরে ৬০ দিনের মধ্যে কোনও ধর্মঘটের ডাক দেওয়া যাবে না।

বোঝাই যাচ্ছে যে, আইনে এই ধরনের সংশোধনের পর শ্রমিকদের দর-কষাকষির কোনও জায়গা থাকে না। আশা এই যে, এর ফলে শিল্পপতিরা আরও শিল্প স্থাপন করবে এবং নিয়োগ বাড়াবে। কিন্তু শিল্পদ্রব্য বিক্রয়ের জন্য বাজারে চাহিদার প্রয়োজন হয়। শ্রমিকশ্রেণির আয় কম থাকলে এই চাহিদাও কম থাকবে, সুতরাং শিল্প স্থাপন করতেও শিল্পপতিরা আগ্রহী হবে না। ভারতীয় অর্থনীতির বর্তমান অবস্থা একই ধরনের, যেখানে ভোগব্যয় বাড়ছে না বলে বিনিয়োগও বাড়ছে না। বিনিয়োগ না বাড়ার ফলে উৎপাদন বা উন্নয়ন-হার বাড়ছে না। এই ধরনের অন্তর্দেশীয় চাহিদার অভাবের ক্ষেত্রে একমাত্র উপায় রপ্তানি বাড়ানো, কিন্তু এ ব্যাপারেও ভারতের সাফল্য এ যাবৎ হতাশাব্যঞ্জক। সুতরাং, বর্তমানে অনুসৃত অর্থনৈতিক মডেল বেশ কিছু প্রশ্ন ও আশঙ্কা জাগিয়ে রাখছে।

লেখক গাজিয়াবাদের আই এম টি-র প্রফেসর

*বাংলা ব্যাকরণ

প্রতিযোগিতামূলক পরীক্ষায়, বিশেষত স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় প্রয়োজনীয় ব্যাকরণাংশ নিয়ে আলোচনা করছেন যাদবপুর বিদ্যাপীঠের প্রাক্তন শিক্ষক **শিশিরকুমার আচার্য।**

শব্দগঠনে ধাতুর ব্যবহার

▶ **√অম্ব্- শব্দ করা: অম্বতি, অম্বতে ইত্যাদি।**

● √অম্ব্ +অচ্ = অম্ব [অর্থ হল— পিতা, অর্থাৎ যিনি ডাকেন; শব্দ; গতিশীল অর্থাৎ জল, চোখ যথা ত্র্যম্বক ইত্যাদি]

● √অম্ব্ +অঙ্ + আ/√অম্ব্ +অচ্ + আ = অম্বা [অর্থ হল —মাতা]

● √অম্ব্ +উ (কু) = অম্বু [যা প্রবাহিত হয় অর্থাৎ জল]

● অম্ব্ + √রা +ক = অম্বর [অর্থ হল— যা শব্দ গ্রহণ করে অর্থাৎ আকাশ; শূন্য; বস্ত্র ইত্যাদি]

● √অম্ব্ +ঈষন্ (নিপাতনে উনাদি) = অম্বরীষ [অর্থ হল: ভর্জনপত্র অর্থাৎ যাতে ভাজা হয়; যুদ্ধ; সূর্য, সূর্যবংশীয় নৃপতি— নহুষের পিতা।]

● উদম্বু > যে জল উপরের দিকে ছিটিয়ে দেওয়া হচ্ছে। সমম্বু = সম্পূর্ণ জল।

অপাম্বু > দূষিত জল। নিরম্বু = জলহীন। উপাম্বু = জলের কাছে। ইত্যাদি।

▶ **√অভ্র্-যাওয়া/পরিক্রমা করা: অভ্রতি, অভ্রত:, অভ্রন্তি ইত্যাদি।**

● √অভ্র্ +অচ্ = অভ্র— যে পরিক্রমা করে/মেঘ

• √অভ্র্ +যৎ = অভ্র্য (পরিক্রমণের যোগ্য)।

● অভ্র + কন্ (স্বার্থে) = অভ্রক (মেঘ)

• অভ্র + বতুপ্ (বৎ) = অভ্রবৎ > অভ্রবান্ (মেঘময়/মেঘযুক্ত/মেঘের মতো।)

• অভ্র + ময়ট্ = অভ্রময় (মেঘময়/ মেঘে ছেয়ে যাওয়া)।

• অভ্র + আলুচ্ (আলু) = অভ্রালু (অভ্রাচ্ছন্ন)।

• অভ্র + তসিল্ (তস্) = অভ্রতঃ (মেঘ থেকে)।

• অভ্র + ষ্ণ = আভ্র (অভ্রসম্বন্ধীয়) ইত্যাদি।

● প্র-√অভ্র্ +অচ্ = প্রাভ্র (প্রকৃষ্ট মেঘ)

অপ-√অভ্র্ +অচ্ = অপাভ্র (ক্ষতিকর মেঘ)

সম্-√অভ্র্ +অচ্ = সমভ্র (পরিপূর্ণ মেঘ)

নিঃ-√অভ্র্ +অচ্ = নিরভ্র (মেঘহীন)

দুঃ-√অভ্র্ +অচ্ = দুরভ্র (ক্ষতিকর মেঘ)

উদ্-√অভ্র্ +অচ্ = উদভ্র (ঊর্ধ্বগামী মেঘ)

অতি-√অভ্র্ +অচ্ = অত্যভ্র (অতিশয় মেঘ) ইত্যাদি।

বিশেষ দ্রষ্টব্য: এভাবে অনেক নতুন নতুন ব্যাকরণসম্মত কিন্তু অপ্রচলিত শব্দ গঠন করা যায়।

▶ **অম্ভ্+অসুন্ (অস্) [উনাদি] = অম্ভস্ [যা শব্দ করে/ জল]।**

● অম্ভস্ + ময়ট্ = অম্ভোময় (জলময়) [অম্ভঃ + ময় = অম্ভোময়]

● অম্ভস্ + ষ্ণীয় = অম্ভসীয় (জলসম্বন্ধীয়)।

● অম্ভস্ + ষ্ণ = আম্ভস (জলসম্বন্ধীয়)।

● অম্ভস্ + বতুপ্ = অম্ভোবৎ > অম্ভোবান্ (জলযুক্ত/জলের মতো।)

● অম্ভস্ + ইমন্ = অম্ভসিমা (মেঘের ভাব)।

● প্র-√অম্ভ্ +অসুন্ = প্রাম্ভঃ (উষ্ণ জলযুক্ত)।

অপ-√অম্ভ্ +অসুন্ = অপাম্ভঃ (নোংরা জল)।

দুঃ-√অম্ভ্ +অসুন্ = দুরম্ভঃ (নোংরা জল)

নিঃ-√অম্ভ্ +অসুন্ = নিরম্ভঃ (জলহীন)।

উদ্-√অম্ভ্ +অসুন্ = উদম্ভঃ (উৎক্ষিপ্ত জল)।

পরি-√অম্ভ্ +অসুন্ = পর্যম্ভঃ (বিক্ষিপ্ত জলরাশি)।

উপ-√অম্ভ্ +অসুন্ = উপাম্ভঃ (জলের কাছে)। ইত্যাদি।

● অম্ভস্ +√দা +ক = অম্ভোদ (জল দান করে যা অর্থাৎ মেঘ)

অম্ভস্ +√ধৃ +অচ্ = অম্ভোধর (জল ধারণ করে যা অর্থাৎ মেঘ)

অম্ভস্ +√ধা +কি = অম্ভোধি (সমুদ্র)

অম্ভস্ +√রুহ্ +ক্বিপ্ = অম্ভোরুহ্ > অম্ভোরুহ (পদ্ম)

অম্ভস্ + √ধা +ক = অম্ভোধ (সমুদ্র)

অম্ভস্ + √জন্ +উ = অম্ভোজ (জলজাত/চন্দ্রদেব)

● অম্ভোজ + ইন্ +ঈ (স্ত্রী) = অম্ভোজিনী (পদ্মসমূহ) /পদ্মযুক্ত জলাশয় অর্থাৎ দিঘি)

অম্ভোজ + ইমন্ = অম্ভোজিমন্ > অম্ভোজিমা (চন্দ্রিমা)।

অম্ভোজ + বতুপ্ = অম্ভোজবান্ (দিঘি)

অম্ভোজ + √দা +ক = অম্ভোজদ (দিঘি)

▶ **√অয়্ (যাওয়া): (ধাতুর রূপ: অয়তে, অয়েতে, অয়ন্তে ইত্যাদি)।**

● √অয়্ +অনট্ = অয়ন (গতি বা গমন: যথা— উত্তরায়ণ, দক্ষিণায়ন ইত্যাদি)।

√অয়্ +অসুন্ (অস্) [উনাদি] = অয়স্ > অয়: (লোহা: অয়স্পিণ্ড, অয়ঃশূল ইত্যাদি)।

√অয়্ +ত (ক্ত) = অয়িত (গতঃ যথা: দক্ষিণায়িত ইত্যাদি)।

√অয়্ +ঘঞ্ = আয় (গমন, প্রাপ্তি ইত্যাদি: আয়কর, আয়ব্যয় ইত্যাদি)।

√অয়্ +অপ্ = অয় (গমন, প্রাপ্তি ইত্যাদি: ব্যয়, ব্যত্যয় ইত্যাদি)।

● প্র-√অয়্ +অনট্ = প্রায়ণ (প্রকৃষ্টরূপে গমন)।
পরা-√অয়্ +অনট্ = পরায়ণ (তন্নিষ্ঠ)।
অপ-√অয়্ +অনট্ = অপায়ন (নিকৃষ্টভাবে গমন)।
প্রতি-√অয়্* +অনট্ = প্রত্যয়ন (প্রতিগমন)।
অনু-√অয়্ +অনট্ = অন্বয়ন (অনুগমন)।
অধি-√অয়্ +অনট্ = অধ্যয়ন (পাঠ)।
পরি-√অয়্ +অনট্ = পর্যয়ণ (পরিক্রমা)।
উপ-√অয়্ +অনট্ = উপায়ন (নিকটে গমন) ইত্যাদি।
● পরায়ণ > দয়াপরায়ণ, সেবাপরায়ণ ইত্যাদি
● উপায়ন > দেবোপায়ন (দেবতার নিকটে গমন); নৃপোপায়ন (রাজার কাছে যাওয়া)
●অধ্যয়ন > বেদাধ্যয়ন, শাস্ত্রাধ্যয়ন ইত্যাদি।
●অয় (√অয়্ +অচ্) > অয়ান্বিত (শুভ্র দৈবান্বিত)

▶√অর্ঘ্ (কেনা, পূজা করা)ঃ অর্ঘতি, অর্ঘতঃ, অর্ঘন্তি ইত্যাদি।

● √অর্ঘ্ +ঘঞ্ (অ) = অর্ঘ (মূল্য, পূজা ইত্যাদি)।
√অর্ঘ্ +যৎ = অর্ঘ্য (মূল্য, পূজা ইত্যাদি)।
√অর্ঘ্ +অনীয় = অর্ঘনীয় (পূজনীয়)।
√অর্ঘ্ +তব্য = অর্ঘিতব্য (পূজনীয়)।
√অর্ঘ্ +ণ্যৎ = আর্ঘ্য (পূজনীয়)।
● প্র-√অর্ঘ্ +ঘঞ্ (অ) = প্রার্ঘ (প্রকৃষ্টরূপে পূজা)
অপ-√অর্ঘ্ +ঘঞ্ = অপার্ঘ (হেলাফেলা করে পূজা)
সম্-√অর্ঘ্ +ঘঞ্ = সমর্ঘ (যত্ন করে পূজা)
নিঃ-√অর্ঘ্ +ঘঞ্ = নিরর্ঘ (পূজাহীনতা)
দুঃ-√অর্ঘ্ +ঘঞ্ = দুরর্ঘ (হেলাফেলা করে পূজা)
উদ্-√অর্ঘ্ +ঘঞ্ = উদর্ঘ (উৎক্ষিপ্ত ক'রে পূজা অর্থাৎ দূর থেকে পুষ্প ইত্যাদি দেবপদে নিক্ষেপ করে পূজা)।
উপ-√অর্ঘ্ +ঘঞ্ = উপার্ঘ (নিকটে গিয়ে পূজা)।
● অর্ঘ + ষ্ণায়ন = অর্ঘায়ণ (মূল্যায়ন)।
অর্ঘ + ষ্ণ = আর্ঘ (মূল্য [স্বার্থে]; মূল্যসম্বন্ধীয় (সম্বন্ধার্থে)]
অর্ঘ + ষ্ণেয় = অর্ঘেয় (পূজার উপযুক্ত/পূজনীয়)
অর্ঘ +ষ্ণিক = আর্ঘিক (পূজাসম্বন্ধীয়)
অর্ঘ + বতুপ্ = অর্ঘবৎ (পূজার তুল্য)/(মূল্য আছে যার)।
অর্ঘ + ইলচ্ = অর্ঘিল (পূজাময়-ফুল, ধূপ, চন্দন ইত্যাদি সাজিয়ে নিয়ে সুন্দর পূজার পরিবেশ)।
অর্ঘ +ইন্ = অর্ঘিন্ > অর্ঘী (মূল্য আছে যার)।
অর্ঘ + শালিন্ = অর্ঘশালিন্ > অর্ঘশালী (মূল্যবান্)
অর্ঘ + ষ্ণীয় = অর্ঘীয় (অর্ঘসম্বন্ধীয়)।
অর্ঘ + যৎ = অর্ঘ্য (অর্ঘসম্বন্ধীয়)।

বিশেষ দ্রষ্টব্য: 'যৎ' প্রত্যয়টি কৃৎ এবং তদ্ধিত-দুপ্রকারেরই হতে পারে। যথা: √গম্ +যৎ = গম্য (এটি কৃৎ 'যৎ')। আবার শরণ + যৎ = শরণ্য (এটি তদ্ধিত 'যৎ)
অর্ঘ = তসিল্ = অর্ঘত: (অর্ঘ/পূজা থেকে)।
অর্ঘ + কন্ = অর্ঘক (অল্পমূল্য)।
● মহৎ অর্ঘ যায়/যাতে = মহার্ঘ। যথা: মহার্ঘ ভাতা/অর্ঘ থেকে জাত = অর্ঘ + জন্ + ড = অর্ঘজ (অনেক পূজায় যা পাওয়া যায়)।
[এখানে অর্ঘ। অর্ঘ্য দুটি বানানই ব্যাকরণসম্মত ও সমার্থক। সুতরাং 'মহার্ঘ্য ভাতা'ও বলা চলে]।
অল্প অর্ঘ যার/যাতে = অল্পার্ঘ।
দেহরূপ অর্ঘ = দেহার্ঘ।
প্রাণের অর্ঘ = প্রাণার্ঘ।
শ্রদ্ধায় সমর্পিত অর্ঘ = শ্রদ্ধার্ঘ।
সেবার জন্য সমর্পিত অর্ঘ = সেবার্ঘ।
[মনে রাখতে হবে 'অর্ঘ' বানানটি সর্বত্র 'অর্ঘ্য' হতে পারে।]

▶ √অর্চ্ (অর্চনা করা): অর্চতি/অর্চতে/অর্চয়তি; অর্চত:, /অর্চেতে/অর্চয়ত: ইত্যাদি।

● √অর্চ্ +অনট্ = অর্চন;
√অর্চ্ +অনট্ + আ (স্ত্রী) = অর্চনা [পূজা]
√অর্চ্ +ত (ক্ত) = অর্চিত (পূজিত)
√অর্চ্ +তব্য = অর্চিতব্য (পূজনীয়/পূজার যোগ্য)
√অর্চ্ +অনীয় = অর্চনীয় (পূজনীয়)
√অর্চ্ +ইন্ (ই) = অর্চি (জ্যোতি:, শিখা, কিরণ ইত্যাদি)
√অর্চ্ +ইসি (ইস্) [উনাদি] = অর্চিস্ > অর্চিঃ

বিশেষ দ্রষ্টব্য: √অর্চ্ = √অর্চ্চ্। ['র্' রেফ হয়ে ব্যঞ্জনের মাথায় বসলে অনেক সময় সেই ব্যঞ্জন দ্বিত্ব হয়। যথা: ধর্ম্ম, কর্ম্ম ইত্যাদি]।
√অর্চ্ +অচ্ = অর্চ (পূজা)
√অর্চ্ +ণক = অর্চক (পূজক)
√অর্চ্ +শতৃ (অৎ) = অর্চৎ (পূজা করে/করছে এমন) [অর্চন্ বালক > পূজা করছে এমন বালক]।
√অর্চ্ +যৎ = অর্চ্য (পূজার যোগ্য)। [অর্চ্য দেবতা অর্থাৎ পূজনীয় দেবতা]।
√অর্চ্ +ণ্যৎ = আর্চ্য (পূজার যোগ্য)।
● প্র-√অর্চ্ +অনট্ + আ (স্ত্রী) = প্রার্চনা (প্রকৃষ্টরূপে অর্চনা)।
অপ-√অর্চ্ +অনট্ + আ = অপার্চনা (নিকৃষ্টরূপ অর্চনা অর্থাৎ যে পূজায় নিয়মকানুন কিছু মানা হয় না বা শ্রদ্ধার সঙ্গে পূজা করা হয় না)।
● সম্-√অর্চ্ +অনট্ + আ = সমর্চনা (সম্যগ্‌রূপে পূজা অর্থাৎ সব কিছু মেনে সার্থকভাবে পূজা)।
অনু-√অর্চ্ +অনট্ + অ = অন্বর্চনা (নিকটে গিয়ে পূজা/শ্রদ্ধাজ্ঞাপন)।
অব-√অর্চ্ +অনট্ + আ = অবর্চনা (নিকৃষ্ট পূজা)।
দুঃ-√অর্চ্ +অনট্ + আ = দুরর্চনা (নিকৃষ্ট পূজা)।
নিঃ-√অর্চ্ +অনট্ + আ = নিরর্চন/নিরর্চনা (পূজা ইত্যাদি না করা)।
উপ-√অর্চ্ +অনট্ + আ = উপার্চনা (নিকটে গিয়ে পূজা)।
অভি-√অর্চ্ +অনট্ + আ = অভ্যর্চনা (পূজার দিকে গমন)।
● অর্চিস্ + মতুপ্ = অর্চিষ্মৎ > অর্চিষ্মান্।
মহৎ+ √অর্চ্ +অনট্ + আ = মহদর্চনা (মহৎব্যক্তির পূজা)।
মহৎ + √অর্চ্ +অনট্ + আ (স্ত্রী) = মহার্চনা (ঘটা ক'রে পূজা)।
বৃহৎ +√অর্চ্ +অনট্ + আ = বৃহদর্চনা (বড় পূজো)।
শুদ্ধ +√অর্চ্ +অনট্ + আ = শুদ্ধার্চনা ⎤ শুদ্ধ বা বিশুদ্ধ-
বি + শুদ্ধ + √অর্চ্ +অনট্ + আ = বিশুদ্ধার্চনা ⎦ ভাবে পূজা
শ্রদ্ধা + √অর্চ্ +অনট্ + আ = শ্রদ্ধার্চনা।
নৃপ + √অর্চ্ +অনট্ + আ = নৃপার্চনা।
দেব + √অর্চ্ +অনট্ + আ = দেবার্চনা।

ইংরেজি শিক্ষার আসর

জেনারেল ইংলিশ

অধিকাংশ প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাধারণ ইংরেজি থেকে প্রশ্ন আসে। চাকরির পরীক্ষায় যে-ধরনের ইংরেজির প্রশ্ন আসে, এখানে তেমনই কিছু নমুনা প্রশ্ন সাজিয়ে দেওয়া হল। নিয়মিত চর্চা করলে ক্রমশ ইংরেজিতে দক্ষ হয়ে উঠবেন। প্রস্তুত করছেন **কমলেশ কুমার**।

Choose the correct One Word Substitution:

1. The patient was cheered _____ by the news.
(a) on (b) up (c) out (d) down

2. The thieves had driven ten miles before the police caught ____ them.
(a) on with (b) upon (c) up to (d) up with

3. The way he is currying favour ____ his rich neighbour is sickening.
(a) of (b) with (c) for (d) to

4. Because of his distrust _____ every one, he could never gain any good friend.
(a) by (b) of (c) with (d) in

5. The new Twenty Point Programme is designed to be a renewed assault ____ poverty.
(a) for (b) into (c) on (d) upon

6. If you have a good project but are lacking___ finance, you should enter into partnership ____ an affluent person.
(a) of, with (b) for, with (c) in, with (d) in, of

7. He was operated ______ an abscess in his leg.
(a) for (b) against (c) on for (d) on against

8. Living a simple life _____ one's own resources is preferable ____ leading a luxurious life on borrowed funds.
(a) with, than (b) within, to (c) on, from (d) within, against

9. I doubt whether the accommodation in that place is adequate ____ our needs.
(a) according to (b) with (c) against (d) for

10. The teacher warned the students to desist ____ making noise.
(a) from (b) about (c) with (d) by

11. As soon as the visitor's dishonest purpose was discovered he was _____ the door.
(a) shown (b) show with (c) shown to (d) shown out of

12. As soon as my attention was ____ the dangerous state of the staircase, I got it repaired.
(a) drawn for (b) drawn upon (c) drawn near (d) drawn to

13. I wish my brother ____ here to listen to his entertaining lecture.
(a) would be (b) has been (c) is (d) were

14. Did you think you ____ somewhere before?
(a) have seen me (b) saw me (c) had seen me (d) would see me

15. Do not force me to ____ you on this issue, I am not at all convinced.
(a) join over (b) agree upon (c) concur with (d) None of these

16. If I were you, I ___ be careful with my words.
(a) will (b) would (c) shall (d) should

17. Of the two assistants we employed last month, I find Raman ___ hard working.
(a) most (b) more (c) least (d) only

18. It is earth's gravity which ___ people their weight.
(a) gives (b) give (c) giving (d) given

19. He was frightened ___.
(a) to be killed (b) to being killed (c) for being killed (d) of being killed

20. Capitalist society ____ profit as a valued goal.
(a) which regards (b) regarding (c) regrads (d) was regraded

21. The impact of two vehicles can cause a lot of_____ to both.
(a) damage (b) damages (c) damaging (d) damagings

22. _____ the reactions of people with amnesia, scientists are learning about the process of memory of the brain.
(a) By studying (b) To study (c) They study (d) They are studying

23. After the election _____ a new stage.
(a) the entering nation (b) the nation will enter (c) to enter the nation (d) will the nation enter

24. I hope she ______.
(a) must come (b) should come (c) will come (d) must be coming

25. _____ as President, a candidate must win a majority of votes.
(a) Elected (b) To be elected (c) Having elected (d) Electing

26. If only I _____ his address, I would most certainly have told you.
(a) know (b) knew (c) had known (d) off

27. She expects me to type the letter in five minutes________ is impossible.
(a) that (b) which (c) what (d) but

28. List of headings of the business to be placed at a meeting:
(a) Schedule (b) Agenda (c) Proceedings (d) Excerpts

29. Through which light cannot pass:
(a) Dull (b) Dark (c) Obscure (d) Opaque

30. Constant effort to achieve something:
(a) Perseverance (b) Attempt (c) Enthusiasm (d)

Vigour
31. One who acquires a bad name is:
(a) famous (b) evil (c) notorious (d) infamous
32. One who leaves his country for another is:
(a) a traitor (b) a refugee (c) an emigrant (d) an immigrant
33. That which is not permissible is:
(a) wrong (b) prohibited (c) evil (d) impermanent
34. A dwelling in which soldiers live:
(a) Camp (b) Barracks (c) Tents (d) Cottage
35. A seller of cakes:
(a) Baker (b) Salesman (c) Cake-seller (d) Confectioner
36. A child who has lost both his parents is known as:
(a) Unlucky (b) A founding (c) An orphan (d) A street child
37. My friend was apt to act suddenly without thinking.
(a) courageously (b) excitedly (c) thoughtlessly (d) impulsively
38. One who knows all is called:
(a) Scholarly (b) Omniscient (c) Learned (d) Erudite
39. A government of the richest class is called:
(a) Monarchy (b) Aristocracy (c) Plutocracy (d) Oligarchy
40. A person out to destroy the government is known as:
(a) A terrorist (b) An anarchist (c) A militant (d) An extremist
41. An interpreter is involved with the task of:
(a) Inscription (b) Transcription (c) Translation (d) Transformation
42. A market where old and used goods are sold is called a:
(a) Grey market (b) Share market (c) Black market (d) Flea market
43. One who hates mankind:
(a) Man-hater (b) Cannibal (c) Demon (d) Misanthropist
44. Love for the whole world is called:
(a) Patriotism (b) Generousness (c) Philanthropy (d) Nobility
45. A person who makes his journey on foot is called:
(a) Pedestrian (b) Walker (c) Rambler (d) Wanderer
46. A pugilist is a:
(a) Boxer (b) Swimmer (c) Athlete (d) Weight-lifter
47. A man with an irrationally fixed idea is called:
(a) An eccentric (b) A maniac (c) A mankind (d) A phobic
48. A dissolute person is one who is:
(a) Debauched (b) Dishonest (c) Dissimilar (d) Discontent
49. Many camels together would be called a ____ of camels.
(a) Team (b) Troop (c) String (d) Pack
50. 'Thespian art' refers to:
(a) The art of tragedy (b) The art of History (c) The art of storytelling (d) Tribal art
51. The meat of deer is called:
(a) Mutton (b) Vension (c) Spoor (d) Tendil
52. 'Astronomy' means study of the:
(a) Moon (b) Star (c) Sky (d) Sun
53. An onmnivorous creature is one who:
(a) Eats both plants and animals (b) Omnipresent (c) Omniscient (d) Eats nothing
54. A person of outgoing nature is known as a/an ____.
(a) Stoic (b) Extrovert (c) Megalomaniac (d) Philanthropist
55. The word 'Pride' is also used to describe a group of:
(a) Tigers (b) Elephants (c) Lions (d) Hyenas
56. A/an endocrinologist deals with:
(a) Teeth (b) Glands (c) Epidemics (d) Heart
57. A stoic person can:
(a) Entice (b) Endure (c) Excite (d) Enable
58. An opthalmologist deals with:
(a) Kidney (b) Liver (c) Eyes (d) Heart
59. An orthopaedist deals with:
(a) Eyes (b) Lungs (c) Bones (d) Childbirth
60. An Epicurean is one:
(a) Endures (b) Suffers (c) enjoys pleasure (d) Loves
61. A manicurist takes care of:
(a) Foot (b) Ear (c) Nails (d) Mind
62. A 'Page' also means:
(a) A sweet dish (b) A chauffeur (c) A book (d) A servant
63. Ravi _____ Prakash are going to Kolkata.
(a) or (b) nor (c) but (d) and
64. Rice _____ curry is my usual breakfast.
(a) and (b) but (c) then (d) than
65. The ______animal was on the look out for food.
(a) uncivilized (b) wild (c) primitive (d) savage
66. The girl whom you met is the _____ sister of Ravi.
(a) eldest (b) elder (c) older (d) oldest
67. Questions will be answered by a _____ of experts.
(a) group (b) staff (c) band (d) panel
68. Every Shakespearean hero has an inherent____ in his character.
(a) fault (b) defect (c) flaw (d) weakness
69. There are various hobbies for us to _____ in our leisure hours.
(a) pursue (b) follow (c) absorb (d) contribute
70. You must ____ facts and not run away from the truth.
(a) realize (b) notice (c) face (d) know

Answers

1(b), 2(d), 3(b), 4(b), 5(c), 6(c), 7(c), 8(b), 9(d), 10(a), 11(c), 12(d), 13(d), 14(c), 15(a), 16(b), 17(b), 18(a), 19(d), 20(c), 21(a), 22(a), 23(b), 24(c), 25(b), 26(c), 27(b), 28(b), 29(d), 30(b), 31(c), 32(c), 33(b), 34(b), 35(d), 36(c), 37(d), 38(b), 39(c), 40(b), 41(c), 42(d), 43(d), 44(c), 45(a), 46(a), 47(a), 48(a), 49(c), 50(a), 51(b), 52(b), 53(a), 54(b), 55(c), 56(b), 57(b), 58(c), 59(c), 60(c), 61(c), 62(d), 63(d), 64(a), 65(b), 66(a), 67(d), 68(c), 69(a), 70(c).

বাংলায় ব্রিটিশ শক্তির ক্ষমতালাভ

যে-কোনও প্রথম সারির প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভারতের ইতিহাস থেকে প্রশ্ন আসে। সিরাজদ্দৌলার বিরুদ্ধে চক্রান্ত, পলাশীর যুদ্ধ এবং এ দেশে ইংরেজ কোম্পানির রাজনৈতিক শক্তি হয়ে ওঠার বিষয়ে বিশদে আলোচনা করছেন **ধীমান ঘোষ।**

সিরাজদ্দৌলা (1756-57)

● নবাব আলিবর্দি খাঁয়ের মৃত্যুর পর তাঁর দৌহিত্র সিরাজদ্দৌলা বাংলার মসনদে বসেন। এক্ষেত্রে একটি কথা স্মরণে রাখা উচিত যে, নবাব আলিবর্দি খাঁ-র কোনও পুত্রসন্তান ছিল না।

● সিরাজদ্দৌলার মায়ের নাম— আমিনা বেগম।

● সিরাজদ্দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হন ঘসেটি বেগম, সৌকৎ জঙ্গ এবং রাজবল্লভ।

● সিরাজের বিরুদ্ধে সমস্ত ষড়যন্ত্রের উৎসস্থল ছিল ঘসেটি বেগমের মতিঝিল প্রাসাদ।

● ইংরেজদের সঙ্গে সিরাজের বিরোধের পিছনে বিভিন্ন কারণ নিহিত ছিল। কারণগুলি নিম্নরূপ:

—সম্রাট সিরাজদ্দৌলা সিংহাসনে বসার পর ইংরেজরা কোনও উপঢৌকন প্রদান করেননি। এর ফলে সম্রাট ইংরেজদের প্রতি ভীষণ ক্ষুব্ধ হন।

—দুর্গ-নির্মাণ বিষয়ে নবাবের আদেশ পালন না করায় ইংরেজদের প্রতি নবাবের হৃদয়ে তীব্র ক্ষোভের সঞ্চার হয়।

— দস্তকের অপব্যবহারে নবাব অসন্তুষ্ট হন।

● ইংরেজদের ব্যবহারে ক্ষুব্ধ সিরাজ প্রথমে কাশিমবাজার কুঠি দখল করেন (1756 সালের 4 জুন)।

● 1756 সালের 16 জুন তিনি কলকাতা আক্রমণ করেন।

● সিরাজ কলকাতার নাম রাখেন 'আলিনগর' (আলিবর্দির নামানুসারে)।

● সিরাজের রাজত্বকালের অন্যতম গুরুত্বপূর্ণ ঘটনা হল— 'Black Hole Tragedy' বা 'অন্ধকূপ হত্যা'। ডঃ যদুনাথ সরকার, শ্রীমতী অ্যানি বেসান্ত প্রমুখ ঐতিহাসিকরা এই ঘটনার সত্যতা নেই বলেই মত প্রকাশ করেছেন।

● কলকাতা পুনরায় উদ্ধার করার জন্য আসেন কর্নেল রবার্ট ক্লাইভ এবং অ্যাডমিরাল ওয়াটসন।

● সিরাজ এবং ইংরেজদের মধ্যে আলিনগরের সন্ধি স্বাক্ষরিত হয় (1757 সালের 9 ফেব্রুয়ারি)।

● 1757 সালের 23 মার্চ ইংরেজরা বাংলার ফরাসি ঘাঁটি চন্দননগর দখল করে।

● সিরাজের অপরিণামদর্শী ও উদ্ধত আচার-আচরণে অতিষ্ঠ হয়ে সিরাজের বিরুদ্ধে চক্রান্ত করেন উমিচাঁদ, মিরজাফর, জগৎশেঠ, রায়দুর্লভ প্রমুখ মুর্শিদাবাদের বিশিষ্ট ব্যক্তিরা।

● এই চক্রান্তে যোগদান করেন ক্লাইভ। তাঁদের চক্রান্তের মূল উদ্দেশ্য হল সিরাজকে সিংহাসন থেকে উচ্ছেদ করে মিরজাফরকে সিংহাসনে বসানো।

● এই ষড়যন্ত্র এবং চক্রান্তের ফল পলাশির যুদ্ধ (1757 সালের 23 জুন)। ডঃ বিপানচন্দ্রের মতে, 'The battle of Plassey was of immense historical significance.' ঐতিহাসিক ম্যালেসন-এর মতে 'There never was a battle in which the consequences were so vast, so immediate and so permanent.'

● পলাশীর যুদ্ধের মধ্য দিয়ে ইংরেজ শক্তির প্রসার ঘটে বাংলায়।

● 1757 সালের 2 জুলাই মিরজাফরের পুত্র মিরনের কলাকৌশলে সিরাজদ্দৌলার মৃত্যু হয়।

● পলাশীর যুদ্ধের মাধ্যমে ভারতবর্ষে 'আধুনিক যুগের সূচনা হয়। পলাশীর যুদ্ধের ফলে কোম্পানি বাংলায় বিনা শুল্কে ব্যবসা করার অধিকার লাভ করে।

● ডঃ রমেশচন্দ্র মজুমদারের মতে, 'পলাশীর যুদ্ধ ফরাসিদের ভাগ্য নির্ধারণ করে।'

● সমগ্র ভারতবর্ষে ব্রিটিশ শক্তির প্রসার ঘটে।

গুরুত্বপূর্ণ তথ্য

● পলাশীর যুদ্ধে রবার্ট ক্লাইভের সহকারী সেনাপতি ছিলেন মেজর জেমস কার্কপ্যাট্রিক।

● সিরাজদ্দৌলার সমকালীন কলকাতার গভর্নর জেনারেল ছিলেন রজার ড্রেক।

● সিরাজদ্দৌলার পিতার নাম জৈনুদ্দিন আহমদ।

● বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজদ্দৌলার একজন গোলন্দাজ সেনাপতি ছিলেন। নাম ছিল— মিরমদন।

● মারাঠাদের বিরুদ্ধে যুদ্ধে (1746 সালে) আলিবর্দী খানের সঙ্গী হন সিরাজদ্দৌলা।

● অন্ধকূপ হত্যাকাণ্ডের বিবরণ দেন ইংরেজ কর্মচারী জন জেফানিয়াহ হলওয়েল।

● মিরকাশিমের সেনাপতি গুরগিন খাঁ'র প্রকৃত নাম গ্রেগরি।

● এলাহাবাদের দ্বিতীয় সন্ধি হয়েছিল 1765 সালের 12 অগস্ট।

● ছিয়াত্তরের মন্বন্তর বর্ণনা করা হয়েছে 'আনন্দমঠ' উপন্যাসে।

● বিদারার যুদ্ধে পরাজিত হয়েছিল ওলন্দাজরা।

● পলাশীর যুদ্ধের ফলস্বরূপ ভারতবর্ষের রাজনৈতিক শক্তিতে রূপান্তরিত হয় ব্রিটিশরা।

● কোম্পানি বাংলা-বিহার-ওড়িশার দেওয়ানি লাভ করে 1765 সালে।

● এলাহাবাদের প্রথম সন্ধি হয়েছিল কোম্পানির সঙ্গে অযোধ্যার নবাব সুজাউদ্দৌলার।

● মিরজাফরের মৃত্যু হয়— 1765 সালে।

● মিরকাশিমের মৃত্যু হয়— 1777 সালে।

● 1717 সালে জারি হয় ফারুখশিয়ারের ফরমান।

● কলকাতায় সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠিত হয়— 1774 সালে।

● মিরকাশিম মুর্শিদাবাদ থেকে রাজধানী স্থানান্তরিত করেন মুঙ্গেরে।

● অধীনতামূলক মিত্রতা নীতি প্রবর্তন করেন ওয়েলেসলি।

● সলবাই সন্ধি স্বাক্ষরিত হয় 1765 সালে।

● গিরিয়ার যুদ্ধ হয়েছিল— 1740 সালে।

● ভ্যান্সিটার্ট কলকাতার গভর্নর হন— 1760 সালে।

● বক্সারের যুদ্ধ হয়েছিল— 1764 সালের 22 অক্টোবর।

● জগৎ শেঠের প্রকৃত নাম ফতেচাঁদ।

● মিরজাফরের মৃত্যুর পর বাংলার নবাব হন— নজম-উদদ্দৌলা।

● 1802 সালে স্বাক্ষরিত হয়— বেসিনের সন্ধি।

● লর্ড ক্লাইভ প্রবর্তন করেন— বাংলার দ্বৈতশাসন।

জাতীয় কংগ্রেসের খুঁটিনাটি (1885–1947)

যে-কোনও প্রথম সারির প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভারতের জাতীয় আন্দোলন বিষয়ে প্রশ্ন আসে। ভারতের জাতীয় আন্দোলনের প্রতিটি পর্বের সঙ্গে জড়িয়ে আছে ভারতীয় জাতীয় কংগ্রেসের সক্রিয়তা। কংগ্রেসের ছয় দশকের কর্মকাণ্ড বিশদে আলোচনা করছেন **ধীমান ঘোষ।**

ভারতীয় জাতীয় কংগ্রেস

1885-1924

- 1885 সালের 28 ডিসেম্বর বোম্বেতে আনুষ্ঠানিক ভাবে কংগ্রেস প্রতিষ্ঠিত হয়।
- কংগ্রেসের প্রতিষ্ঠাতা— অ্যালান অক্টাভিয়ান হিউম।
- ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন— উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
- 1886 সাল— কলকাতায় কংগ্রেসের দ্বিতীয় অধিবেশনে সভাপতিত্ব করেন— দাদাভাই নওরোজি।
- 1897— কংগ্রেস নেতা বালগঙ্গাধর তিলক গ্রেপ্তার বরণ করেন।
- 19 জুলাই, 1905— বঙ্গভঙ্গের সিদ্ধান্ত ঘোষিত হয়। ওই বছরই কংগ্রেসের বেনারস অধিবেশনে গোপালকৃষ্ণ গোখলের সভাপতিত্বে স্বরাজ্য বা Self-Government-এর দাবি উত্থাপিত হয়।
- 1907— রাসবিহারী বসুর সভাপতিত্বে সুরাট অধিবেশনে কংগ্রেস নরমপন্থী ও চরমপন্থীদের মধ্যে বিভাজিত হয়।
- 1911— বঙ্গভঙ্গ রদের সিদ্ধান্ত ঘোষিত হয়। 1911 সালেই দেশের রাজধানী স্থানান্তরিত হয় কলকাতা থেকে দিল্লিতে।

1915-1924

- 1915 সাল— গান্ধীজি দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে প্রত্যাবর্তন করেন।
- 1916— অ্যানি বেসান্তের উদ্যোগে স্থাপিত হয় হোমরুল লিগ। পরে তিলক যোগ দেন।
- 1916— কংগ্রেস এবং অল ইন্ডিয়া মুসলিম লিগের মধ্যে লখনউ চুক্তি স্বাক্ষরিত হয়।
- 1918— মন্টেগু চেমসফোর্ডের প্রস্তাবগুলি বিবেচনার জন্য হাসান ইমামের সভাপতিত্বে জাতীয় কংগ্রেসের বিশেষ অধিবেশন আহ্বান করা হয়।
- 1919— জারি হয় রাউলাট আইন। এই আইন অনুযায়ী জনসভায় যোগদান নিষিদ্ধ ছিল।
- 13 এপ্রিল, 1919— ডঃ সত্য পাল এবং সৈফুদ্দিন কিচলু নামে দুই ব্যক্তির গ্রেপ্তারির ঘটনার প্রতিবাদ জানাতে অমৃতসরের জনগণ জালিয়ানওয়ালা বাগে একটি শান্তিপূর্ণ জনসভায় যোগদান করেন। এই জনসভার উপর নির্বিচারে গুলি বর্ষণের আদেশ দেন জেনারেল ডায়ার। পুলিশের গুলিতে বহু মানুষের মৃত্যু হয়। এই ঘটনাটি জালিয়ানওয়ালা বাগের হত্যাকাণ্ড নামে ইতিহাসে পরিচিত। এই ঘটনার প্রতিবাদে রবীন্দ্রনাথ ঠাকুর ব্রিটিশ প্রদত্ত 'নাইট' উপাধি এবং গান্ধীজি তাঁর 'কাইজার-ই-হিন্দ' খেতাব পরিত্যাগ করেন। ঘটনার তদন্তের জন্য হান্টার কমিশনকে নিয়োগ করা হয়।
- 28 মে, 1920— হান্টার কমিশন তাদের রিপোর্ট জমা দেয়। রিপোর্ট অনুযায়ী ডায়ারকে চাকরি থেকে বরখাস্ত করা হয়।
- 1920— মৌলানা আজাদ এবং আলি ভ্রাতৃদ্বয়ের নেতৃত্বে শুরু হয় খিলাফৎ আন্দোলন। খিলাফৎ আন্দোলন ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের প্রেক্ষাপটে হিন্দু-মুসলিম ঐক্য স্থাপনের এক অভিনব সুযোগ এনে দেয়। এই সুযোগ কাজে লাগাতে 1920 সালের 1-3 জুন এলাহাবাদে অনুষ্ঠিত কেন্দ্রীয় খিলাফৎ কমিটির সভায় গান্ধীজি যোগ দেন। সেখানেই অসহযোগ আন্দোলনের পরিকল্পনা ঘোষিত হয়।
- 5 ফেব্রুয়ারি, 1922— গোরখপুর জেলার চৌরিচৌরায় উত্তেজিত জনতা পুলিশ স্টেশনে আগুন লাগালে 22 জন পুলিশকর্মী অগ্নিদগ্ধ হয়ে প্রাণ হারান। অসহযোগ আন্দোলন তাঁর অহিংস নীতি পরিত্যাগ করায় গান্ধীজি ক্ষুব্ধ হন।
- 25 ফেব্রুয়ারি, 1922— অসহযোগ প্রত্যাহার করে নেয় নিখিল ভারত কংগ্রেস কমিটি।
- 10 মার্চ, 1922— গান্ধীজিকে গ্রেপ্তার করে 6 বছরের কারাদণ্ড দেওয়া হয়।
- 1923— চিত্তরঞ্জন দাশ ও মোতিলাল নেহরুর যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত হয় 'স্বরাজ্য পার্টি'। এই দল গঠনের মূল উদ্দেশ্য ছিল নির্বাচনে অংশগ্রহণ করা এবং কাউন্সিলে প্রবেশ করা।
- 5 ফেব্রুয়ারি, 1924— গান্ধীজির ভগ্নস্বাস্থ্যের কথা বিবেচনা করে ব্রিটিশ সরকার তাঁকে মুক্তি দেয়। 1924 সালের ডিসেম্বর মাসে গান্ধীজির সভাপতিত্বে কংগ্রেসের বেলগাঁও অধিবেশনে স্বরাজ্য পার্টিকে কংগ্রেসের অবিচ্ছেদ্য অংশ রূপে স্বীকৃতি জানানো হয়।

1925-1934

- 8 নভেম্বর, 1927— সম্পূর্ণ রূপে ব্রিটিশদের নিয়ে 'সাইমন কমিশন' গঠনের সিদ্ধান্ত ঘোষিত হয়। ওই বছরই ভাইসরয় আরউইন দিল্লি প্রস্তাবের ঘোষণা করেন।
- 1928— মোতিলাল নেহরু ও তেজবাহাদুর সাপ্রু

ভারতের জন্য ডোমিনিয়ান স্টেটাস সংবিধানের খসড়া রচনা করেন, যা ভারতের ইতিহাসে 'নেহরু রিপোর্ট' নামে পরিচিত।

● 1928— কংগ্রেস নেতা বল্লভভাই পটেল গুজরাতের বারদৌলির কৃষকদের নিয়ে 'বারদৌলি সত্যাগ্রহ' পরিচালনা করেন।

● 3 ফেব্রুয়ারি, 1928— সাইমন কমিশন ভারতে এলে কমিশনে কোনও ভারতীয় সদস্য না থাকার জন্য ভারতের জনগণ দেশজুড়ে বিক্ষোভে ফেটে পড়েন।

● 31 অক্টোবর, 1929—'আরউইন প্রস্তাব' ঘোষিত হয়।

● 1929— লাহোর অধিবেশনে জওহরলাল নেহরুর নেতৃত্বে 'পূর্ণ স্বরাজ'-এর দাবি গৃহীত হয়। এই অধিবেশনেই সিদ্ধান্ত নেওয়া হয় যে, 1930 সালের 26 জানুয়ারি তারিখটিকে কংগ্রেস স্বাধীনতা দিবস হিসেবে উদযাপন করবে।

● 12 মার্চ, 1930— গান্ধীজি সবরমতী আশ্রম থেকে সরোজিনী নাইডু-সহ 78 জন সত্যাগ্রহীকে নিয়ে ডান্ডি মার্চ শুরু করেন। ডান্ডি যাত্রার উদ্দেশ্য ছিল লবণ আইন ভঙ্গের মাধ্যমে আইন অমান্য আন্দোলনের সূচনা করা। আন্দোলন চলাকালীন বল্লভভাই পটেল, জওহরলাল নেহরু এবং গান্ধীজি গ্রেপ্তার হন।

● 12 নভেম্বর, 1930— লন্ডনে ইংল্যান্ডের প্রধানমন্ত্রী র‍্যামসে ম্যাকডোনাল্ডের সভাপতিত্বে প্রথম গোলটেবিল বৈঠক বসে। কংগ্রেস বয়কট করায় এটি ব্যর্থ হয়।

● 5 মার্চ, 1931— গান্ধী-আরউইন চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি অনুযায়ী গান্ধীজি দ্বিতীয় গোলটেবিল বৈঠকে যোগ দিতে রাজি হন। বিনিময়ে ব্রিটিশ সরকার হিংসাত্মক কর্মকাণ্ডে যুক্ত নয় এরকম সমস্ত রাজনৈতিক বন্দিকে অবিলম্বে মুক্তি দিতে, গৃহীত হয়নি এমন বকেয়া মকুব করতে, পদত্যাগ করা সমস্ত সরকারি কর্মচারীকে সসম্মানে পুনর্নিয়োগ করতে, উপকূল অঞ্চলে নিজেদের ব্যবহারের জন্য লবণ তৈরির অনুমতি দিতে রাজি হয়। তবে ইংরেজ সরকার ভগৎ সিং এবং তাঁর সঙ্গীদের মৃত্যুদণ্ড মকুব করতে অস্বীকার করায় কংগ্রেস নেতাদের মধ্যে অসন্তোষ তীব্রতর হয়।

● 7-11 ডিসেম্বর, 1931— দ্বিতীয় গোলটেবিল বৈঠকে কংগ্রেসের একমাত্র প্রতিনিধি ও ভারতীয় মহিলাদের প্রতিনিধি হিসেবে সরোজিনী নাইডু যোগদান করেন। সাম্প্রদায়িক বিষয়ে ঐকমত্য না হওয়ায় দ্বিতীয় গোলটেবিল বৈঠকও ব্যর্থ হয়।

● 29 মার্চ, 1931— কংগ্রেসের করাচি অধিবেশনে মৌলিক অধিকারের প্রস্তাব এবং জাতীয় অর্থনৈতিক প্রকল্পের পরিকল্পনা গৃহীত হয়। এই বছরেই গান্ধীজির উদ্যোগে খান আবদুল গফফর খান (সীমান্ত গান্ধী) ও তাঁর অনুগামী 'খোদা-ই-খিদমতগার'-এর সদস্যরা কংগ্রেসে যোগদান করেন।

● 1932— তৃতীয় গোলটেবিল বৈঠক বয়কট করে কংগ্রেস।

● 1932— তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী র‍্যামসে ম্যাকডোনাল্ডের সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতি ঘোষিত হয়। এর বিরুদ্ধে 20 সেপ্টেম্বর গান্ধীজি ওয়ার্ধা জেলে আমরণ অনশনের কথা ঘোষণা করেন। ডঃ বি আর আম্বেদকর ও গান্ধীজির মধ্যে 'পুণা চুক্তি' স্বাক্ষরিত হয়। গান্ধীজি হরিজনদের জন্য সংরক্ষণ-সহ জয়েন্ট ইলেক্টোরেটের প্রস্তাব মেনে নেন।

● 8 মে, 1934— ভারতীয় জাতীয় কংগ্রেস আনুষ্ঠানিক ভাবে আইন অমান্য আন্দোলন প্রত্যাহার করে নেয়। ওই বছরই কংগ্রেসের সদস্যপদ ত্যাগ করেন মহাত্মা গান্ধী।

1935-1944

● 19 ফেব্রুয়ারি, 1938— গুজরাতের হরিপুরায় আয়োজিত কংগ্রেস অধিবেশনে সুভাষচন্দ্র বসু বিনা প্রতিদ্বন্দ্বিতায় কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন।

● 8-12 মার্চ, 1939— কংগ্রেসের ত্রিপুরি অধিবেশনে আয়োজিত সভাপতি নির্বাচনে গান্ধীজির সমর্থিত প্রার্থী পট্টভি সীতারামাইয়াকে পরাজিত করেন সুভাষচন্দ্র বসু। যদিও সুভাষচন্দ্র বসু কংগ্রেসের সভাপতির পদ থেকে পদত্যাগ করতে বাধ্য হন।

● 3 মে, 1939— সুভাষচন্দ্র বসু 'ফরওয়ার্ড ব্লক' প্রতিষ্ঠা করেন।

● 9 জুলাই, 1939— সুভাষচন্দ্র বসু ইংরেজ সরকারের বিরুদ্ধে ভারত জুড়ে প্রতিবাদ দিবস পালনের ডাক দেন। এই ঘটনার জন্য সুভাষচন্দ্রকে শৃঙ্খলাভঙ্গের দায়ে প্রদেশ কংগ্রেসের সভাপতির পদ থেকে বহিষ্কার করা হয়।

● ভাইসরয় লিনলিথগো কংগ্রেসের সঙ্গে কোনও আলোচনা না করে ভারতের নাম জার্মানির সঙ্গে যুদ্ধরত দেশ হিসেবে ঘোষণা করলে 1939 সালের 15 নভেম্বরের মধ্যে কংগ্রেস কার্যনির্বাহী সমিতি মন্ত্রিসভাগুলিকে (প্রদেশ কংগ্রেসের) পদত্যাগের নির্দেশ দেয়।

● 11 অক্টোবর, 1940— কংগ্রেস ওয়ার্কিং কমিটি কংগ্রেসের সদস্যদের ব্যক্তিগত আইন অমান্য বা ব্যক্তিগত সত্যাগ্রহ কর্মসূচিতে নেতৃত্ব দানের অনুমতি দেয়। সত্যাগ্রহীদের মধ্যে প্রথম কারাবরণ করেন বিনোবা ভাবে। তারপর গ্রেপ্তার হন নেহরু ও পটেল।

● 1940 সালের 8 অগস্ট— ভাইসরয় লিনলিথগো 'অগস্ট প্রস্তাব' [August Offer] ঘোষণা করে ভারতকে 'ডোমিনিয়ান স্টেটাস' দেওয়ার ইচ্ছা প্রকাশ করে। ভারতের ভবিষ্যৎ সংবিধান রচনায় ভারতবর্ষের জনগণের দায়িত্ব ও অধিকারকে স্বীকৃতি জানানো হয়। কংগ্রেসের তদনীন্তন সভাপতি মৌলানা আবুল কালাম আজাদ কংগ্রেসকে দ্বিতীয় বিশ্বযুদ্ধে জড়িয়ে ফেলার উদ্দেশ্যে রচিত অগস্ট প্রস্তাবকে প্রত্যাখ্যান করেন।

● 23 মার্চ, 1942— স্যার স্টাফোর্ড ক্রিপস-এর নেতৃত্বে ক্রিপস মিশন দিল্লিতে আসে। ক্ষমতা হস্তান্তরের বিষয়ে কংগ্রেসের সঙ্গে ঐকমত্য না হওয়ায় ক্রিপস মিশন ব্যর্থ হয়।

● 14 জুলাই, 1942— ক্রিপস মিশন-এর ব্যর্থতার পর কংগ্রেস কার্যনির্বাহী সমিতি 'ভারত ছাড়ো' আন্দোলনের প্রস্তাব গ্রহণ করে। গান্ধীজি-সহ কংগ্রেসের শীর্ষ নেতাদের গ্রেপ্তার করা হয়। আন্দোলন সারা ভারতে ব্যাপক আকার ধারণ করে।

1945-1947

● 14 জুন, 1945— লন্ডন ও দিল্লিতে একসঙ্গে ঘোষিত হয় 'ওয়াভেল পরিকল্পনা'। সিমলা বৈঠকে জিন্না দাবি করেন যে, এক্সিকিউটিভ কাউন্সিলের সমস্ত মুসলিম সদস্যকে মুসলিম লিগ থেকে নিতে হবে। জিন্নার অন্যায্য দাবি মেনে নিতে কংগ্রেস অস্বীকার করায় ওয়াভেল পরিকল্পনা ব্যর্থ হয়।

● 18 ফেব্রুয়ারি, 1946— ভারতবর্ষে ব্রিটিশ নৌবাহিনীর ভারতীয় সদস্যরা অ্যাডমিরাল গডফ্রের বিরোধিতা করে ধর্মঘট শুরু করলে নৌ-বিদ্রোহের সূচনা হয়।

● 24 মার্চ, 1946— ক্যাবিনেট মিশন দিল্লি আসে। ক্যাবিনেট মিশনের সদস্যদের [পেথিক লরেন্স, স্ট্যাফোর্ড ক্রিপস এবং ভি আলেকজান্ডার] সঙ্গে কংগ্রেস ও মুসলিম লিগের নেতাদের আলোচনায় ঐকমত্য অর্জনের চেষ্টা ব্যর্থ হয়। তখন তাঁরা ভারতের ভবিষ্যৎ রূপরেখা নির্ধারণের জন্য যে-পরিকল্পনা রচনা করেন তা ক্যাবিনেট মিশন পরিকল্পনা নামে খ্যাত। ভারতের সংবিধান রচনার লক্ষ্যে একটি গণপরিষদ গঠনের প্রস্তাব দেয় ক্যাবিনেট মিশন।

● প্রাদেশিক আইনসভা দ্বারা নির্বাচিত 389 জন সদস্যকে নিয়ে গণপরিষদ গঠিত হয়। 1946 সালের 9 ডিসেম্বর গণপরিষদের প্রথম সভায় ডঃ সচ্চিদানন্দ সিনহাকে কার্যনির্বাহী সভাপতি নির্বাচিত করা হয়। 1946 সালের 11 ডিসেম্বর গণপরিষদের দ্বিতীয় সভায় গণপরিষদের স্থায়ী চেয়ারম্যান নির্বাচিত হন ডঃ রাজেন্দ্র প্রসাদ। মুসলিম লিগের সদস্যরা গণপরিষদ থেকে নিজেদের সদস্যপদ প্রত্যাহার করায় গণপরিষদের সদস্যসংখ্যা হয় 299, যার মধ্যে 70 জন ছিলেন রাজ্যের প্রতিনিধি এবং 229 জন ছিলেন প্রদেশের প্রতিনিধি। এই গণপরিষদই ভারতের সংবিধান রচনা করে।

● লর্ড মাউন্টব্যাটেনকে ভারতের নতুন ভাইসরয় নিয়োগ করা হয়।

● 3 জুন, 1947— ঘোষিত হয় মাউন্টব্যাটেন পরিকল্পনা। কংগ্রেস ও মুসলিম লিগ এই পরিকল্পনা মেনে নিতে সম্মত হয়। এই বছরেরই ১৮ জুলাই ভারতের স্বাধীনতা বিল রাজ-সম্মতি লাভের পর ভারতশাসন আইনে পরিণত হয়।

● 15 অগস্ট, 1947— ভারত স্বাধীনতা লাভ করে।

● ভারত-পাক সীমান্তের রূপরেখা তৈরি করেন— স্যার সিরিল র‍্যাডক্লিফ।

● ভারত-চিন সীমান্তের রূপরেখা তৈরি করেন—স্যার হেনরি ম্যাকমাহন।

● ভারতের স্বাধীনতা লাভের সময় ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ছিলেন ক্লিমেন্ট অ্যাটলি, ভারতসচিব ছিলেন পেথিক লরেন্স এবং ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি ছিলেন— জে বি কৃপালনী।

● পরাধীন ভারতের শেষ ভাইসরয় ছিলেন লর্ড মাউন্টব্যাটেন।

● ভারতের প্রথম গভর্নর জেনারেল মাউন্টব্যাটেন এবং প্রধানমন্ত্রী হন জওহরলাল নেহরু। ভারতের শেষ গভর্নর জেনারেল চক্রবর্তী রাজাগোপালাচারী।

3 জুন, 1947— ঘোষিত হয় মাউন্টব্যাটেন পরিকল্পনা। কংগ্রেস ও মুসলিম লিগ এই পরিকল্পনা মেনে নিতে সম্মত হয়। এই বছরেরই ১৮ জুলাই ভারতের স্বাধীনতা বিল রাজ-সম্মতি লাভের পর ভারতশাসন আইনে পরিণত হয়। 15 অগস্ট, 1947— ভারত স্বাধীনতা লাভ করে।

ভারতীয় জাতীয় কংগ্রেসের নেতৃবৃন্দ

● প্রথম সভাপতি: উমেশচন্দ্র বন্দোপাধ্যায়।

● প্রথম মুসলিম সভাপতি: বদরুদ্দীন তৈয়াবজি।

● প্রথম মহিলা সভাপতি: অ্যানি বেসান্ত।

● প্রথম ভারতীয় মহিলা সভাপতি: সরোজিনী নাইডু।

● পরাধীন ভারতের শেষ এবং স্বাধীন ভারতের প্রথম কংগ্রেস সভাপতি: জে বি কৃপালনী।

কংগ্রেসের বিভিন্ন অধিবেশনে গৃহীত সিদ্ধান্ত

● সুরাট অধিবেশন (1907): চরমপন্থী ও নরমপন্থীদের মধ্যে বিভাজন।

● লাহোর অধিবেশন (1929): পূর্ণ স্বরাজের দাবি।

● করাচি অধিবেশন (1930): মৌলিক অধিকারের প্রস্তাব।

● বোম্বে অধিবেশন (1942): ভারত ছাড়ো প্রস্তাব গ্রহণ।

অন্য নামে পরিচিত বিশিষ্ট ব্যক্তিত্ব

● 'উজ্জ্বল বিফলতার জনক' বলা হয় লর্ড লিটনকে।

● 'কাকাসাহেব' নামে পরিচিত ছিলেন জি ভি যোশী।

● 'ভারতীয় বিপ্লবের জননী' বলা হয় মাদাম ভিকাজি কামাকে।

● 'ভারতের মেকিয়াভেলি' বলা হয় নানা ফড়নবিশকে।

● 'দ্বিজাতি তত্ত্বের জনক' ছিলেন স্যার সৈয়দ আহমেদ খান।

সংবাদপত্র

● নীল বিদ্রোহের কথা তুলে ধরেছিল হিন্দু প্যাট্রিয়ট পত্রিকা। সম্পাদক ছিলেন হরিশচন্দ্র মুখোপাধ্যায়।

● বারীন্দ্র ঘোষ ছিলেন 'যুগান্তর'পত্রিকার প্রথম সম্পাদক।

● দেশীয় ভাষায় সংবাদপত্র আইন পাশ করেন লর্ড লিটন। (1878 সাল)

● 'আল-হিলাল' পত্রিকা প্রকাশ করেন আবুল কালাম আজাদ।

প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠাতা

● 1936 সালে প্রতিষ্ঠিত হয় 'সারা ভারত কিষাণ সভা'।

● 1817 সালে স্কুল বুক সোসাইটি প্রতিষ্ঠা করেন ডেভিড হেয়ার।

● 1897 সালে প্রতিষ্ঠিত হয় রামকৃষ্ণ মিশন।

● 'সর্বভারতীয় মুসলিম লিগ' প্রতিষ্ঠিত হয় 1906 সালে।

● 1916 সালে হোমরুল লিগ স্থাপন করেছিলেন বাল গঙ্গাধর তিলক এবং অ্যানি বেসান্ত।

সাধারণ মানসিক দক্ষতা

1. নীচের সিরিজের শেষ সংখ্যাটি বসিয়ে সিরিজটি সম্পূর্ণ করুন।
4, 16, 36, 64, ______
(a) 121 (b) 81 (c) 96 (d) 100

2. বিকাশের ভাই আকাশ। আকাশের মা হল মল্লিকা। মল্লিকার স্বামী বিজয়। তবে বিজয় বিকাশের কে হবে?
(a) দাদা (b) মামা (c) বাবা (d) কাকা

3. যদি কোনও নির্দিষ্ট কোডে NAME = 4, ADDRESS = 7 লেখা হয়, তবে DESIGNATION-কী লেখা হবে?
(a) 11 (b) 9 (c) 12 (d) 14

4. নীচের ছবিটিতে কতগুলি ত্রিভুজ আছে?

(a) 18 (b) 10 (c) 16 (d) 12

5. কোন শব্দজোড়াটি সঠিক নয়?
(a) গগনেন্দ্রনাথ ঠাকুর : চিত্রশিল্পী (b) গুরুসদয় দত্ত : ব্রতচারী (c) গিরিশচন্দ্র ঘোষ : নাটক (d) মহেন্দ্রলাল সরকার : সাহিত্যিক

6. যদি 'a' মানে যোগ, 'b' মানে বিয়োগ, 'c' মানে গুণ এবং 'd' মানে ভাগ হয়। তবে 3 a 4 b 1 c 6 d 2 = কত হবে?
(a) 9 (b) 7 (c) 4 (d) 5

7. অভিধান অনুযায়ী শব্দগুলিকে প্রথম থেকে শেষে সঠিক ক্রমে সাজান:
1. Gradiation 2. Graduator 3. Graceful 4. Gravitation 5. Grammatical
(a) 4, 3, 5, 2, 1 (b) 3, 4, 1, 2, 5 (d) 5, 2, 1, 4, 3 (d) 3, 1, 2, 5, 4

8. একদিন রাজকুমার স্কুল থেকে উত্তরদিকে 15 কিলোমিটার যাওয়ার পর ডানদিকে 12 কিলোমিটার যায় তারপর বাঁদিকে 7 কিলোমিটার যায় এরপর আবার বাঁদিকে 12 কিলোমিটার যায়, রাজকুমার স্কুল থেকে কতদূরে আছে?
(a) 25 কিমি (b) 22 কিমি (c) 15 কিমি (d) 20 কিমি

9. NIGERSOAP শব্দটির অক্ষরগুলি সাজালে একটি দেশের নাম পাওয়া যায়। প্রথম ও শেষ অক্ষর দু'টি কী কী হবে?
(a) OA (b) AN (c) RS (d) SE

10. যদি ACTION = 783246 লেখা হয়, তবে CANTON কী লেখা হবে?
(a) 863746 (b) 867346 (c) 836746 (d) 876346

11. নীচের কাগজের টুকরোকে ভাঁজ করা হল এবং নীচের চিত্রের নির্দেশ অনুযায়ী কাটা হল। যখন একটি খোলা হবে তখন কীরকম দেখাবে?

(a) (b) (c) (d)

12. অমিল বিকল্পটি খুঁজে বের করুন:
(a) আয়তক্ষেত্র (b) বর্গক্ষেত্র (c) ত্রিভুজ (d) ঘনক

13. দুপুর 12টা 5 মিনিট থেকে 4টে পর্যন্ত সময়ের মধ্যে একটি ঘড়ির মিনিটের কাঁটা ঘণ্টার কাঁটাকে কতবার অতিক্রম করবে?
(a) 1 বার (b) 2 বার (c) 3 বার (d) 4 বার

14. ফাঁকা ঘরে কোন বিকল্পটি বসবে?
I_1JKL, MN_2OP, ______, $UVWX_4$
(a) $QRST_3$ (b) QRS_3T (c) QR_3ST (d) Q_3RST

15. নীচের সংখ্যার সেটটি সম্পূর্ণ করুন।
60, 59, 57, 54, 50, ?
(a) 48 (b) 45 (c) 47 (d) 46

16. ফাঁকা ঘরে কোন বর্ণটি বসবে?

3	D	1
1	C	2
4	M	5
6	?	2

(a) K (b) H (c) Q (d) N

17. নীচের কোন ভেনচিত্রটি পৃথিবী, সূর্য ও চাঁদ নির্দেশ করছে?

(a) (b) (c) (d)

18. একটি ঘড়িতে যখন 9টা তখন মিনিটের কাঁটা উত্তরদিকে অবস্থান করলে, তখন ঘণ্টার কাঁটা ঠিক কোনদিকে থাকবে?
(a) দক্ষিণ (b) পশ্চিম (c) উত্তর (d) পূর্ব

19. 2021-এর প্রথম দিন শুক্রবার হলে, জানুয়ারি মাসের শেষদিন কী বার হবে?
(a) মঙ্গলবার (b) রবিবার (c) বৃহস্পতিবার (d) সোমবার

20. A + B মানে A হল B-এর ভাই, A × B মানে A হল B-এর বাবা, তাহলে M + N × O হলে নীচের কোন বিকল্পটি ঠিক হবে?
(a) N ও O দুই ভাই (b) M হল N-এর বাবা (c) O হল M-এর মেয়ে (d) N হল O-এর বাবা

21. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

(a) 50 (b) 78 (c) 84 (d) 75

22. নীচের কোনটি আলাদা?

(a) Pagemaker (b) Excel (c) Word (d) Access

23. সঠিক* বিকল্পটি বসান:

AND DQG GTJ ?

(a) OPT (b) JWM (c) KVN (d) SVX

24. সুরেশ, রমেশ ও দীনেশ তিনজনের মোট বয়স 110 বছর হলে 5 বছর আগে তাদের মোট বয়স কত ছিল?

(a) 80 বছর (b) 100 বছর (c) 85 বছর (d) 105 বছর

25. একটি নির্বাচন করুন সেটি অন্যগুলির থেকে আলাদা?

26. যদি কোনও বিশেষ ভাষায় nitm means book, jitm means month, bitm means year হয় তবে yearbook = কী হবে?

(a) bitmjits (b) jitmnits (c) nitmbitm (d) bitmnitm

নির্দেশ (27 and 28): *M, N, O, P, এবং Q 5 জন বন্ধু একটি বৃত্তাকার টেবিলে কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। O আর M দু'জনের মাঝখানে P বসেছে। Q-র ডানদিকে N এবং বাঁদিকে M বসেছে।*

27. নীচের কোন তথ্যটি ঠিক নয়:

(a) M-র ডানদিকে Q বসেছে (b) N-র বাঁদিকে O বসেছে (c) Q আর O দু'জনের মাঝখানে N বসেছে (d) P-র বাঁদিকে O বসেছে

28. M ঠিক কোথায় বসেছে?

(a) N -র ডানদিকে (b) O-র বাঁদিকে P (c) Q আর P এর মাঝখানে (d) P-র বাঁদিকে

29. নীচের কোন জোড়াটি সঠিক নয়?

(a) অভিনব বিন্দ্রা-শুটিং (b) শিবা থাপা-রেসলিং (c) রোহন বোপান্না-টেনিস (d) চেতন আনন্দ-ব্যাডমিন্টন

30. ক্যালেন্ডার অনুসারে সঠিকভাবে সাজান:

1. শিশু দিবস 2. শিক্ষক দিবস 3. চিকিৎসক দিবস 4. স্বাধীনতা দিবস 5. যুব দিবস

(a) 2, 1, 3, 5, 4 (b) 5, 3, 4, 2, 1 (c) 4, 3, 1, 2, 4 (d) 1, 3, 4, 2, 5

31. একটি 10″ × 8″ কাগজের শীটকে সমান 8 ভাগে কাটলে, সবচেয়ে ছোট অংশটির সাইজ কত হবে?

(a) 5″ × 2″ (b) 6″ × 3″ (c) 4″ × 2″ (d) 3″ × 2″

32. নীচের দু'টি ঘনকের অবস্থান দেখে 'T'-এর বিপরীতে কোন বর্ণটি আছে?

(a) R (b) T (c) H (d) C

33. একটি লাইনে 50 জন ছাত্রের মধ্যে A বাঁদিক থেকে 21তম স্থানে এবং C ডানদিক থেকে 12তম স্থানে দাঁড়িয়ে আছে, A ও C-র ঠিক মাঝখানে B দাঁড়িয়ে আছে। বাঁদিক থেকে B কততম স্থানে আছে?

(a) 25 (b) 28 (c) 32 (d) 30

34. DISTRIBUTION শব্দটির মধ্যে যে বর্ণগুলি আছে সেগুলি ব্যবহার করে নীচের কোন শব্দটি লেখা যাবে না?

(a) TRIBUTE (b) TUITION (c) DUSTBIN (d) BURST

35. যদি কোনও বিশেষ কোডে BADMINTON = BXDMXNTXN, CRICKET = CRXCKXT হয়, তবে FOOTBALL = কী হবে?

(a) FXTXTBXTX (b) FXTXBXLS (c) FXXTBXLX (d) FXXTBXLL

36. নীচের কোন বিকল্পটি আলাদা?

(a) 144 – 122 (b) 177 – 155 (c) 333 – 311 (d) 544 – 533

37. কোন সিরিজটি মিসিং আছে?

bd __ wxy __ dmwx __ bdm __ xybdmw __ yb __ mwxy

(a) ybwxdm (b) ymbwxd (c) mbywxd (d) bmywxd

38. যদি 27 @ 11 = 16, 29 @ 13 = 16, 31 @ 15 = 16 হয়, তবে 33 @ 21 = কী হবে?

39. নীচের সিরিজের সংখ্যাগুলির প্রথম ও তৃতীয় সংখ্যাদু'টি যদি অদলবদল করা হয়, কোন সংখ্যাটি সর্বোচ্চ হবে?

675 243 451 328 893

(a) 675 (b) 243 (c) 328 (d) 893

40. মিস্টার বসাক দক্ষিণদিকে 8 মিনিটে 8 কিলোমিটার হাঁটার পর বাঁদিকে বেঁকে আরও 8 কিলোমিটার হাঁটেন। তারপর আবার ডানদিকে বেঁকে 8 কিলোমিটার পথ হাঁটেন। অবশেষে ডানদিকে বেঁকে 8 কিলোমিটার যান। তিনি এখন কোনদিকে মুখ করে আছেন?

(a) পূর্ব (b) পশ্চিম (c) দক্ষিণ (d) উত্তর

41. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

(a) 125 (b) 114 (c) 200 (d) 100

42. সঠিক সম্পর্কযুক্ত বিকল্পটি নির্বাচন করুন:

BB22 : DD24 : MM33 : TT35, UU44 : ?

(a) WW46 (b) VV54 (c) ZZ : 56 (c) YY : 54

43. নীচের চারটি ঠিকানার তিনটি একই আছে। কোন ঠিকানাটি আলাদা?

(a) Head Office # 95B, 2nd Floor, Siddamsetty Complex, Securnderabad-3 (b) Head Office # 95B, 2nd Floor, Siddamsetty Complex, Securnderabad-3 (c) Head Office # 95B, 2nd Floor, Siddamestty Complex, Securnderabad-3 (d) Head Office # 95B, 2nd Floor, Siddamsetty Complex, Securnderabad-3

44. আইফেল টাওয়ারের সঙ্গে ফ্রান্সের যে সম্পর্ক পিসার হেলানো টাওয়ারের সঙ্গে নীচের কোন দেশের সম্পর্ক হবে?

(a) স্পেন (b) তুরস্ক (c) আমেরিকা (d) ইতালি

45. নীচের সেটটি থেকে কতগুলি WHAT পাওয়া যাবে?

TWHATTHATBUTWHATWHENTWHATHENWHENATWHYWHATEHAT

(a) 2 (b) 5 (c) 3 (d) 4

46. সংখ্যা লেখা কাগজটি ভাঁজ করে একটি ঘনক তৈরি করা হলে α এর বিপরীতে কী থাকবে?

	α		
β	Ω	γ	∅
	£		

(a) £ (b) β (c) γ (d) ∅

47. A-র উত্তরদিকে C এবং দক্ষিণদিকে B অবস্থান করছে। C-এর পূর্বদিকে D এবং B-এর পশ্চিম দিকে E অবস্থান করছে। A-র ঠিক কোনদিকে D অবস্থান করছে?

(a) দক্ষিণ-পূর্ব (b) দক্ষিণ-পশ্চিম (c) উত্তর-পশ্চিম (d) উত্তর-পূর্ব

48. '?' স্থানে সঠিক বর্ণটি বসান:

M N P S ?

(a) Y (b) V (c) W (d) R

49. নির্দেশ কোন শব্দজোড়াগুলি সঠিক নয়?

(a) সমতার অধিকার: 14-18 নম্বর ধারা (b) স্বাধীনতার অধিকার: 19-22 নম্বর ধারা (c) সাংবিধানিক প্রতিবিধানের অধিকার: 32 -35 নম্বর ধারা (d) ধর্মের অধিকার: 23-24 নম্বর ধারা

50. METROPOLITAN শব্দটির মধ্যে কতগুলি বর্ণ দু'বার এসেছে?

(a) 1টি (b) 2টি (c) 4টি (d) 3টি

51. A হল B-র স্বামী। C হল A-এর মেয়ে। D হল C-এর স্বামী। E হল D-এর মেয়ে। E সম্পর্কে A-এর কে হবে?

(a) মাসি (b) মেয়ে (c) নাতনি (d) ভাগনি

52. নীচের ছবিটিতে কতগুলি বর্গক্ষেত্র আছে?

(a) 24 (b) 12 (c) 15 (d) 18

53. '?' স্থানে সঠিক বিকল্পটি নির্বাচন করুন:

COMMUNITY : YTINUMMOC : : MUNICIPALITY :

(a) YITLAPICINUM (b) YTILAPCINIUM (c) YTILAPICNIUM (d) YTILAPICINUM

54. ডঃ সেন গাড়ি নিয়ে হাসপাতাল থেকে সোজা পশ্চিমদিকে 12 কিলোমিটার দূরে বাড়ি যান। তারপর বাঁদিকে 12 কিমি গাড়ি চালিয়ে নিজের চেম্বারে যান। হাসপাতালের ঠিক কোনদিকে তার চেম্বার অবস্থিত?

(a) দক্ষিণ-পশ্চিম (b) উত্তর-পশ্চিম (c) দক্ষিণ-পূর্ব (d) উত্তর-পূর্ব

55. নীচের বাক্যে কোন Vowelটি বেশিবার এসেছে?

Care is no cure, but rather a corrosive for things that are not to be remedied.

(a) o (b) u (c) e (d) a

56. সঠিক সেটটি বসান:

bd __ qh __ b __ pqhg __dp __ hgbdpq __ g.

(a) pgqbdh (b) pgdhqh (c) pdbgqh (d) pdgbqh

57. নীচের শব্দ ও সংখ্যা দিয়ে তৈরি সেটটিকে কোনও দেওয়ালের উল্টোদিকে থাকা আয়নার মধ্য দিয়ে যদি দেখা যায় তাহলে কোন বিকল্পটি দেখা যাবে?

BBAA987WWOK

(a)ꓘOWW98ᒣAABB (b) ꓘOWWᒣ89AABB (c) BBAA987WWOK (d) ꓘOWW8ᒣ9AABB

58. নীচের ছবিকে একটি ঘনক তৈরি করা হলে 2-এর বিপরীতে কোন সংখ্যাটি থাকবে?

(a) 3 (b) 4 (c) 5 (d) 6

59. জানুয়ারি মাসের প্রথমদিন রবিবার হলে ওই মাসের কতগুলি সোমবার থাকবে?

(a) 4টি (b) 3টি (c) 6টি (d) 5টি

60. নীচের কোন ভেনচিত্রটি বাংলাদেশ, কলকাতা, ঢাকার মধ্যে সম্পর্ক নির্দেশ করছে?

(a) (b) (c) (d)

61. ফাঁকা স্থানে সঠিক বিকল্পটি বসান:

Hamlet : Denmark : Shakespeare : Macbeth : ____ : Shakespeare.

(a) Alexandria (b) Scotland (c) Verona (d) Rome

62. '?' স্থানে সঠিক সম্পর্কযুক্ত সংখ্যা বসান।

543	445	345
443	345	245
343	245	145
243	145	?

(a) 100 (b) 45 (c) 234 (d) 445

63. যদি কোনও বিশেষ কোডে PUBLIC = QVCMJD লেখা হয় তবে SERVICE-এর কোড কী লেখা হবে?

(a) TFSWJDF (b) TFSWJDF (c) TFSWJDF (d) TFSWJDF

উত্তর

1(d), 2(c), 3(b), 4(c), 5(d), 6(c), 7(d), 8(b), 9(d), 10(d), 11(a), 12(d), 13(c), 14(b), 15(b), 16(b), 17(a), 18(b), 19(b), 20(d), 21(b), 22(a), 23(b), 24(c), 25(d), 26(d), 27(b), 28(c), 29(b), 30(b), 31(a), 32(d), 33(d), 34(a), 35(d), 36(d), 37(c), 38(d), 39(c), 40(b), 41(b), 42(a), 43(c), 44(d), 45(d), 46(b), 47(d), 48(c), 49(d), 50(b), 51(c), 52(c), 53(d), 54(a), 55(c), 56(b), 57(b), 58(b), 59(d), 60(a), 61(b), 62(b), 63(d).

সমাধান

1(d): $4 \times 1^2 = 4$, $4 \times 2^2 = 16$, $4 \times 3^2 = 36$, $4 \times 4^2 = 64$, $4 \times 5^2 = 100$.

2(c):

∴ বিজয় বিকাশের বাবা।

3(b) NAME = 4 words = 4
ADDRESS = 7 words = 7 লেখা হয়েছে
DESIGNATION = 11 words
অতএব, 11 লেখা হবে।

5(d): মহেন্দ্রলাল সরকার: সাহিত্যিক নন।
মহেন্দ্রলাল সরকার একজন চিকিৎসক ছিলেন।

6(c): 3 a 4 b 1 c 6 d 2 = 3 + 4 –1 × 6 ÷ 2
= 3 + 4 – 1 × 3 = 3 + 4 – 3 = 7 – 3 = 4.

8(b):
∴ রাজকুমার স্কুল থেকে 22 কিলোমিটার দূরে আছে।

9(d): [S] I N G A P O R [E]

10(d):

A	C	T	I	O	N
↓	↓	↓	↓	↓	↓
7	8	3	2	4	6
C	A	N	T	O	N
↓	↓	↓	↓	↓	↓
8	7	6	3	4	6

11(a):

12(d): ঘনক হল ত্রিমাত্রিক (3 Dimension) বাকিগুলো নয়।

13(c): দুপুর 12টা 5 মিনিটের পর আবার দুপুর 1টা 5, 2 টো 10 এবং 3টে 15 মিনিটে পরস্পরকে অতিক্রম করবে।

14(b): QRS,T এখানে অক্ষরগুলি একই আছে শুধু সংখ্যাগুলি পরপর এসেছে।

15(b): 60 59 57 54 50 45
–1 –2 –3 –4 –5

16(b): দু'পাশের দু'টি ঘরের সংখ্যার যোগফল মাঝে ইংরেজি বর্ণের নম্বর বা বর্ণটি হবে।
6 + 2 = 8 নম্বর বর্ণটি হল H।

17(a):
এখানে পৃথিবী, সূর্য ও চাঁদ তিনটি আলাদা।

18(b): উত্তর, পশ্চিম, পূর্ব, দক্ষিণ (ঘড়ির চিত্র)

∴ ঘণ্টার কাঁটা পশ্চিমদিকে থাকবে।

19(b): 2021-এর প্রথম দিন শুক্রবার অর্থাৎ 1, 8, 15, 22 ও 29 তারিখ শুক্রবার
অতএব, 29 + 2 = 31 তারিখ রবিবার হবে।

20(d): এখানে '+' মানে ভাই, '×' বাবা

∴ N হল O-এর বাবা।

21(b): 1 + 2 + 3 + 4 + 2 + 4 + 6 + 8 = 30
Similarly, 5 + 16 + 14 + 12 + 10 + 8 + 7 + 6 = 78.

22(a): Excel, Word, Access তিনটি Microsoft Office -র অন্তর্গত Pagemaker Adobe-র।

23(b): A →(+3) D →(+3) G →(+3) [J]
N →(+3) Q →(+3) T →(+3) [W]
D →(+3) G →(+3) J →(+3) [M]

24(c): (110 – 5 × 5) = 110 – 25 = 85.

25(d): এখানে প্রতিটি ইমোজির ওয়াটার ইমেজ নীচে পড়েছে।
কিন্তু (d)-এর ক্ষেত্রে এটি সঠিক নেই। সঠিক ইমেজটি হল:

(27 and 28):

27(b): N -র বাঁদিকে O বসেছে।

28(c): Q আর P দু'জনের মাঝখানে।

29(b): শিবা থাপা— রেসলিং নয়
শিবা থাপা— বক্সিং খেলার সঙ্গে যুক্ত।

30(b): 5. যুবদিবস— 12 জানুয়ারি
3. চিকিৎসা দিবস— 1 জুলাই
4. স্বাধীনতা দিবস— 15 অগস্ট
2. শিক্ষক দিবস— 5 সেপ্টেম্বর
1. শিশু দিবস— 14 নভেম্বর।

31(a): সবচেয়ে ছোট অংশটির সাইজ হবে 5″ × 2″.

32(d): এখানে প্রথম ঘনকটির ওপরে T পরিবর্তন হয়ে দ্বিতীয় ঘনকটি E হয়েছে এবং ওই স্থানে C এসেছে। কিন্তু H -এর অবস্থানের কোনও পরিবর্তন হয়নি। অতএব এই পরিবর্তন দেখে স্পষ্ট বোঝা যায় C-এর বিপরীতে T বর্ণটি আছে।

33(d):
B = 21 + 12 = 33, 50 – 33 = 17
A ও C ঠিক মাঝখানে 17 জন দাঁড়িয়ে আছে
17 সংখ্যা মাঝের সংখ্যার হল 9
অতএব, B-এর অবস্থান হল 21+ 9 = 30.

34(a) TRIBUTE শব্দটি লেখা যাবে না কারণ মূল শব্দে 'E' নেই।

35(d): FXXTBXLL এখানে vowel গুলি X কোড হয়েছে।

36(d): প্রতিটির বিয়োগ 22
কিন্তু (d) বিয়োগফল আঁলাদা।
144 – 122 = 22, 177 – 155 = 22, 333 – 311 = 22
544 – 533 = 11.

37(c): bd _m_ wxy/_b_dmwx_y_/bdm _w_ xy/bdmw _x_ y/b _d_ mwxy.

38(d): 27 – 11 = 16, 29 – 13 = 16, 31 – 15 = 16
Similarly, 33 – 21 = 12.

39(c): 675 243 451 328 893
576 342 154 823 398

40(b):

41(b): 7 × 4 + 6 × 5 = 28 + 30 = 58
2 × 1 + 7 × 3 = 23
Same as 6 × 7 + 8 × 9 = 42 + 72 = 114.

42(a):

43(c): Head Office # 95B, 2nd Floor, Siddamestty Complex, Securnderabad-3

44(d): ইতালি।

45(d): T WHAT THAT BUT WHAT WHEN T WHAT HEN WHEN A T WHY WHAT EH A T
∴ WHAT সেটটি 4 বার পাওয়া যাবে।

46(b): γ -এর তৃতীয় ঘরে β আছে। অতএব β হবে।

47(d):

∴ A-এর উত্তর-পূর্বদিকে D অবস্থান করছে।

48(c): M $\xrightarrow{+1}$ N $\xrightarrow{+2}$ P $\xrightarrow{+3}$ S $\xrightarrow{+4}$ W.

49(d): ধর্মের অধিকার: 25-28 নম্বর ধারা হবে।

50(b): ME _TR_O_P_O_LI_T_AN
∴ T, O বর্ণ দু'টি দুবার এসেছে।

51(c):

∴ A-এর নাতনি E.

52(c):

এখানে প্রতিটি বর্গক্ষেত্রের ব্লকে 5টি করে বর্গক্ষেত্র আছে। অতএব, 3টি ব্লকে মোট 3 × 5 = 15টি বর্গক্ষেত্র আছে। ছবিতে তিনটি ব্লকে বর্গক্ষেত্র 5 + 5 + 5 মোট 15টি।

53(d): YTILAPICINUM
রিভার্স অর্ডারে এসেছে।

54(a):

∴ হাসপাতালের দক্ষিণ-পশ্চিমদিকে চেম্বার অবস্থিত।

55(c): Car_e_ is no cur_e_, but rath_e_r a corrosiv_e_ for things that ar_e_ not to b_e_ r_e_m_e_di_e_d.
∴ e vowelটি 9 বার এসেছে।

56(b): bd _p_ qh _g_/ b _d_ pqhg/_b_dp _q_ hg/bdpq _h_ g.

57(b): BBAA98TWWOK (mirrored)

58(b): ঘনক তৈরি করা হলে 2-এর তৃতীয় ঘরে থাকা 4 সংখ্যাটি 2-এর বিপরীতে থাকবে।

59(d): 31 দিনের জানুয়ারি মাসের প্রথমদিন রবিবার 1 তারিখ অর্থাৎ, 2, 9, 16, 23, 30 তারিখগুলি সোমবার হবে। অতএব, মোট 5 টি সোমবার থাকবে।

60(a):

61(b): SCOTLAND

62(b):

+100	543	445	345	+100
+100	443	345	245	+100
+100	343	245	145	+100
	243	145	45	

63(d): P U B L I C
↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1
Q V C M J D

Same as, S E R V I C E
↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1
T F S W J D F

প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল

নিমেষে অঙ্ক

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নপত্র থেকে অঙ্ক সংগ্রহ করে এখানে সহজ ও সংক্ষিপ্ত পদ্ধতিতে সমাধান করা হয়েছে যাতে পরীক্ষার্থীরা অল্প সময়ে সঠিক উত্তর নির্বাচন করে সফল হতে পারেন। এসব পরীক্ষায় ভুল উত্তর দিলে নম্বর কাটা (Negative marking) যায়।

প্রস্তুত করেছেন **চঞ্চল ঘোষ।**

বীজগণিত

অনুশীলনী

সূত্র: 1

$(a+b)^2 = a^2 + 2ab + b^2 = (a-b)^2 + 4ab$

অনুসিদ্ধান্ত: $a^2 + b^2 = (a+b)^2 - 2ab$.

1. $(1003)^2$-এর মান কত?

(a) 106009 (b) 1006009 (c) 1009009 (d) 1090009

2. $0.75 \times 0.75 + 0.25 \times 0.75 \times 2 + 0.25 \times 0.25$-এর মান কত?

(a) 1 (b) 2 (c) $\frac{1}{2}$ (d) $\frac{1}{4}$

3. $2.57 \times 2.57 + 2.57 \times 7.43 \times 2 + 7.43 \times 7.43$-এর মান কত?

(a) 10 (b) 100 (c) 200.59 (d) 1000

4. যদি $x^2 + \frac{1}{x^2} = 23$ হয় তবে $x + \frac{1}{x}$-এর মান কত?

(a) 2 (b) 3 (c) 4 (d) 5

5. যদি $x + \frac{1}{x} = 3$ হয়, তবে $x^2 + \frac{1}{x^2}$ -এর মান কত?

(a) 9 (b) 10 (c) 27 (d) 7

6. $37 \times 37 + 63 \times 63 + 2 \times 37 \times 63$-এর মান কত?

(a) 10 (b) 100 (c) 1000 (d) 10000

7. $3.75 \times 3.75 + 6.25 \times 6.25 + 2 \times 3.75 \times 6.25$-এর মান কত?

(a) 1 (b) 10 (c) 100 (d) 1000

7(A): $\left(\sqrt{2} + \frac{1}{\sqrt{2}}\right)^2$ -এর মান কত?

(a) $2\frac{1}{2}$ (b) $3\frac{1}{2}$ (c) $4\frac{1}{2}$ (d) $5\frac{1}{2}$

সূত্র: 2

$(a-b)^2 = a^2 - 2ab + b^2 = (a+b)^2 - 4ab$

অনুসিদ্ধান্ত: (i) $a^2 + b^2 = (a-b)^2 + 2ab$

(ii) $(a+b)^2 = (a-b)^2 + 4ab$.

8. $3.75 \times 3.75 + 0.75 \times 0.75 - 2 \times 3.75 \times 0.75$ -এর মান কত?

(a) 3 (b) 9 (c) 27 (d) 81

9. $1.66 \times 1.66 + 0.66 \times 0.66 - 132 \times 1.66$-এর মান কত?

(a) 1 (b) 4 (c) 9 (d) 298

10. $1.43 \times 1.43 + 0.43 \times 0.43 - 0.86 \times 1.43$-এর মান কত?

(a) 0 (b) 1 (c) 2 (d) 4

11. $\frac{0.47 \times 0.47 + 0.35 \times 0.35 - 2 \times 0.47 \times 0.35}{0.12}$

(a) 0.1 (b) 0.2 (c) 0.3 (d) 0.12

12. $\frac{6.36 \times 6.36 + 2.36 \times 2.36 - 4.72 \times 6.36}{3.36 \times 3.36 + 0.64 \times 0.64 + 1.28 \times 3.36}$

(a) 16 (b) 9 (c) 1 (d) 4

13. যদি $x - \frac{1}{x} = 2$ হলে, $x^4 + \frac{1}{x^4}$ -এর মান কত?

(a) 4 (b) 8 (c) 12 (d) 34

14. $(5.3 + 3.5)^2 + (5.3 - 3.5)^2$-এর মান কত?

(a) 40.34 (b) 80.68 (c) 40 (d) 80

15. $\frac{(63+36)^2 + (63-36)^2}{63^2 + 36^2}$ -এর মান কত?

(a) 1 (b) 2 (c) 3 (d) 6

সূত্র: 3

$(a^2 - b^2) = (a+b)(a-b)$

16. $(175)^2 - (75)^2$-এর মান কত?

(a) 25000 (b) 20000 (c) 40000 (d) 50000

17. $\frac{(4.44)^2 - (0.56)^2}{5}$ -এর মান কত?

(a) 3.28 (b) 5 (c) 3.88 (d) 4

18. $\frac{(1.73)^2 - (0.27)^2}{1.73 - 0.27}$ -এর মান কত?

(a) 1 (b) 2 (c) 4 (d) 0.2

19. $\frac{(28)^2 - (12)^2}{2.8 \times 2.8 + 1.2 \times 1.2 + 5.6 \times 1.2}$ -এর মান কত?

(a) 0.5 (b) 0.25 (c) 1.6 (d) 0.4

20. $\frac{\frac{4}{7} \times \frac{4}{7} - \frac{3}{7} \times \frac{3}{7}}{\frac{4}{7} - \frac{3}{7}}$ -এর মান কত?

(a) 1 (b) 0 (c) 2 (d) তথ্য অসম্পূর্ণ

21. $(7+\sqrt{2})(7-\sqrt{2})$-এর মান কত?

(a) 49 (b) 47 (c) – 49 (d) – 47

22. যদি $\frac{(x-y)^2}{x^2 - y^2} = 9$ হলে, $\frac{x+y}{x-y}$ -এর মান কত?

(a) 3 (b) 9 (c) $\frac{1}{3}$ (d) $\frac{1}{9}$

সূত্র: 4

$a^2 + b^2 = (a+b)^2 - 2ab = (a-b)^2 + 2ab$

$= \frac{1}{2}[(a+b)^2 + (a-b)^2]$

অনুসিদ্ধান্ত: $2(a^2 + b^2) = (a+b)^2 + (a-b)^2$

23. যদি $a^2 + b^2 = 117$ এবং $ab = 54$ হয়, তবে $\frac{a+b}{a-b}$ -এর মান কত?

(a) 3 (b) 5 (c) 6 (d) এর কোনওটিই নয়

24. যদি $x + y = 5$, এবং $xy = 6$ হয়, তবে $x^2 + y^2$-এর মান কত?

(a) 11 (b) 13 (c) 30 (d) 41

25. $(400 + 50)^2 + (400 - 50)^2$-এর মান কত?

(a) 162500 (b) 16250 (c) 325000 (d) 32500

26. $\frac{(0.46+0.64)^2+(0.18)^2}{(0.64)^2+(0.46)^2}$-এর মান কত?

(a) 1 (b) 2 (c) 4 (d) 8

27. যদি $5a+\frac{1}{a}=6$ হয়, তবে $25a^2+\frac{1}{a^2}$-এর মান কত?

(a) 36 (b) 22 (c) 26 (d) 32

28. $x^2 - 6x + 1 = 0$ হলে $x^2+\frac{1}{x^2}$-এর মান কত?

(a) 34 (b) 36 (c) 38 (d) 42

সূত্র: 5

(i) $4ab = (a + b)^2 - (a - b)^2$

(ii) $ab = \frac{(a+b)^2-(a-b)^2}{4} = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

সুতরাং, দু'টি সংখ্যার গুণফল

$= (\frac{\text{সংখ্যাদুটির সমষ্টি}}{2})^2 - (\frac{\text{সংখ্যাদুটির অন্তর}}{2})^2$

29. $(100 + 25)^2 - (100 - 25)^2$-এর মান কত?

(a) 1000 (b) 100 (c) 40000 (d) 10000

30. $\frac{(250+50)^2-(250-50)^2}{100\times125}$

(a) 4 (b) 2 (c) 1 (d) 8

31. $\frac{(1125+143)^2-(1125-143)^2}{4\times1125\times143}$-এর মান কত?

(a) 4 (b) 1 (c) 0 (d) অসম্ভব

32. $a + b = 6$ এবং $a - b = 2$ হলে, ab-এর মান কত?

(a) 9 (b) 6 (c) 7 (d) 8

33. $\frac{(6.25+5.25)^2+(6.25-5-0.25)^2}{6.25\times21}$-এর মান কত?

(a) 1 (b) 4 (c) 2 (d) 8

সূত্র: 6, 7, 8, 9 এবং 10

6. $(a + b + c)^2 = a^2 + b^2 + c^2 + 2ab + 2bc + 2ca$
$= a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca)$

7. $(a + b + c)^2 - (a^2 + b^2 + c^2) = 2ab + 2bc + 2ca$
$= 2(ab + bc + ca)$

8. $a^2 + b^2 + c^2 - (ab + bc + ca) = \frac{1}{2}\{(a - b)^2 + (b - c)^2 + (c - a)^2\}$

9. $ab + bc + ca = \frac{1}{2}\{(a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)\}$

10. $(a^2 + ab + b^2)(a^2 - ab + b^2) = a^4 + a^2b^2 + b^4$

34. যদি $a + b + c = 0$ হয়, তবে $\frac{a^2+b^2+c^2}{(bc+ca+ab)}$-এর মান কত?

(a) 2 (b) –2 (c) 4 (d) – 4

35. $\frac{(0.05)^2+(0.41)^2+(0.73)^2}{(0.005)^2+(0.041)^2+(0.073)^2}$-এর মান কত?

(a) 100 (b) 10 (c) 1000 (d) এর কোনওটিই নয়

36. যদি $x + y + z = 10$ এবং $x^2 + y^2 + z^2 = 40$ হয়, তবে $(xy + yz + zx)$-এর মান কত?

(a) 60 (b) 30 (c) 40 (d) 20

37. $\frac{x^2+y^2+z^2-64}{xy-yz-zx} = -2$ এবং $x + y = 3z$ হলে, z-এর মান কত?

(a) 2 (b) 3 (c) 4 (d) এর কোনওটিই নয়

38. যদি $a + b + c = 13$, $a^2 + b^2 + c^2 = 69$ হলে, $ab + bc + ca$-এর মান কত?

(a) – 50 (b) 75 (c) 69 (d) 50

39. যদি $x^2 + y^2 + z^2 = 8$ এবং $xy + yz + zx = 4$ হয়, তবে $(x + y + z)$-এর মান কত?

(a) 4 (b) 3 (c) 5 (d) 6

সূত্র: 11

$(a + b)^3 = a^3 + b^3 + 3ab(a + b) = a^3 + b^3 + 3a^2b + 3ab^2$

40. $0.7 \times 0.7 \times 0.7 + 0.3 \times 0.3 \times 0.3 + 6.3$-এর মান কত?

(a) 1 (b) 3 (c) 4 (d) 2

41. $1.4 \times 1.4 \times 1.4 + 3 \times 1.4 \times 1.4 \times 1.6 + 3 \times 1.4 \times 1.6 \times 1.6 + (1.6)^3$

(a) 1 (b) 8 (c) 27 (d) 64

42. যদি $x^2+\frac{1}{x^2}=7$ হয়, তবে $x^3+\frac{1}{x^3}$-এর মান কত?

(a) ± 3 (b) ± 18 (c) $\pm 7\sqrt{7}$ (d) ± 27

43. $x = 9$ হলে, $x(x^2 + 3x + 3)$-এর মান কত?

(a) 9 (b) 99 (c) 999 (d) 9999

44. $ab(a + b) = 1$ হলে, $a^3 + b^3 - \frac{1}{a^3b^3}$-এর মান কত?

(a) 3 (b) –3 (c) 4 (d) – 4

45. $2a + 3b = 5$ হলে, $8a^3 + 27b^3 + 90ab$-এর মান কত?

(a) 25 (b) 50 (c) 125 (d) 625

সূত্র: 12

$(a - b)^3 = a^3 - 3a^2b + 3ab^2 - b^3 = a^3 - b^3 - 3ab(a - b)$

46. $\frac{(5.35)^2\times5.35-3\times(5.35)^2\times(0.35)+3\times(5.35)\times(0.35)^2-(0.35)^3}{25}$-এর মান কত?

(a) 1 (b) 5 (c) 25 (d) 125

47. $(1.25)^3 - 2.25 \times (1.25)^2 + 3.75 \times (0.75)^2 - (0.75)^3$-এর মান কত?

(a) 1 (b) $\frac{1}{2}$ (c) $\frac{1}{4}$ (d) $\frac{1}{8}$

48. যদি $x - y = 1$ হয়, তবে $x^3 - y^3 - 3xy$-এর মান কত?

(a) 1 (b) –1 (c) 3 (d) – 3

49. যদি $2a - 3b = 4$ হয়, তবে $8a^3 - 27b^3 - 72ab$-এর মান কত?

(a) 16 (b) 64 (c) 128 (d) 256

50. যদি $x - y = \frac{1}{3}$ হয়, তবে $x^3y^3 - xy$-এর মান কত?

(a) $\frac{1}{3}$ (b) $\frac{1}{9}$ (c) $\frac{1}{27}$ (d) $\frac{1}{81}$

51. $\frac{(1.25)^3-(0.25)^3-0.75\times1.25}{(1.25)^2+(0.25)^2-0.5\times1.25}$-এর মান কত?

(a) 1 (b) 1.5 (c) 2 (d) 4

52. $\frac{(4.8-2.5)^3-(3\times4.8\times2.5\times2.5-3\times4.8\times4.8\times2.5)}{4.8\times4.8+2.5\times2.5+4.8\times2.5}$-এর মান কত?

(a) 2.3 (b) 7.3 (c) 14.4 (d) 7.5

নিমেষে অঙ্ক

সূত্র: 13

$a^3 + b^3 = (a+b)^3 - 3ab(a+b) = (a+b)(a^2 - ab + b^2)$

53. $\frac{147 \times 147 \times 147 + 123 \times 123 \times 123}{147 \times 147 - 147 \times 123 + 123 \times 123}$-এর মান কত?
(a) 160 (b) 270 (c) 140 (d) 123

54. $(0.6)^3 + (0.4)^3 + 3 \times 0.6 \times 0.4$-এর মান কত?
(a) 1 (b) 2 (c) 1.5 (d) 0.5

55. $\frac{0.125 + 0.027}{(0.5)^2 + 0.15 + (0.3)^2}$
(a) 0.4 (b) 0.7 (c) 0.8 (d) 0.5

56. যদি $\left(1 + \frac{1}{p}\right)^2 = 3$ হয়, তবে $p^3 + \frac{1}{p^3}$-এর মান কত?
(a) 0 (b) 1 (c) 2 (d) 6

57. যদি $x + \frac{1}{x} = 2$ হয় তবে $x^3 + \frac{1}{x^3}$-এর মান কত?
(a) 8 (b) 6 (c) 4 (d) 2

58. যদি $x + \frac{1}{x} = 5$ হয়, তবে $x^3 + \frac{1}{x^3}$-এর মান কত?
(a) 125 (b) 110 (c) 45 (d) 75

59. $\frac{(0.5)^3 + (0.6)^3}{(0.5)^2 - (0.3) + (0.6)^2}$-এর মান কত?
(a) 0.1 (b) 1.1 (c) 0.3 (d) 0.61

60. $\frac{(4.7)^3 + 0.027}{(4.7)^2 - 1.41 + 0.09}$-এর মান কত?
(a) 4.7 (b) 1.41 (c) 5 (d) 6

61. যদি $x + y = 6$ এবং $xy = 8$ হয়, তবে $x^3 + y^3$-এর মান কত?
(a) 27 (b) 48 (c) 72 (d) 102

62. $\frac{8(3.75)^3 + 1}{(7.5)^2 - 6.5}$-এর মান কত?
(a) 2.75 (b) $\frac{9}{5}$ (c) 4.75 (d) 8.5

63. যদি $a^4 + \frac{1}{a^4} = 1154$ হয়, তবে $a^3 + \frac{1}{a^3}$-এর মান কত?
(a) 198 (b) 216 (c) 200 (d) এর কোনওটিই নয়

64. যদি $(a + b)(a^2 - ab + b^2)$-এর মান কত?
(a) $a^3 + b^3$ (b) $a^3 - b^3$ (c) $(a + b)^3$ (d) $(a - b)^3$

65. যদি $\left(x + \frac{1}{x}\right) = 3$ হয়, তবে $x^6 + \frac{1}{x^6}$-এর মান কত?
(a) 927 (b) 414 (c) 364 (d) 322

সূত্র: 14

$a^3 - b^3 = (a-b)^3 + 3ab(a-b) = (a-b)(a^2 + ab + b^2)$

66. $(5.5)^3 - (4.5)^3$-এর মান কত?
(a) 1 (b) 75 (c) 74.25 (d) 75.25

67. $\frac{(2.3)^3 - 0.027}{(2.3)^2 + 0.69 + 0.09}$-এর মান কত?
(a) 3 (b) 2 (c) 1 (d) তথ্য অসম্পূর্ণ

68. যদি $x - \frac{1}{x} = m$ হয়, তবে $x^3 - \frac{1}{x^3}$-এর মান কত?
(a) $m^3 + 3m$ (b) $m^3 - 3m$ (c) m^3 (d) $m^2 + 3$

69. $\frac{(3.06)^3 - (1.98)^3}{(3.06)^2 + 3.06 \times 1.98 + (1.98)^2}$-এর মান কত?
(a) 5.04 (b) 1.08 (c) 2.16 (d) 1.92

70. $\frac{0.05 \times 0.05 \times 0.05 - 0.04 \times 0.04 \times 0.04}{0.05 \times 0.05 + 0.002 + 0.04 \times 0.04}$-এর মান কত?
(a) 1 (b) 0.1 (c) 0.01 (c) 0.001

71. যদি $a + b = 2$ এবং $ab = 15$ হয়, তবে $a^3 - b^3$-এর মান কত?
(a) 30 (b) 45 (c) 98 (d) 108

72. $\frac{(0.25)^3 - (0.12)^3}{(0.25)^2 + 0.03 + (0.12)^2}$-এর মান কত?
(a) 0.13 (b) 0.24 (c) 0.27 (d) 0.37

73. $\left(\sqrt[3]{4.8} - \sqrt[3]{1.2}\right)\left\{\left(\sqrt[3]{4.8}\right)^2 + \sqrt[3]{5.76} + \left(\sqrt[3]{1.2}\right)^2\right\}$-এর মান কত?
(a) 3.5 (b) 3.6 (c) 3.7 (d) 3.8

সূত্র: 15

(i) $a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca) = \frac{1}{2}(a+b+c)\{(a-b)^2 + (b-c)^2 + (c-a)^2\}$
(ii) $a + b + c = 0$ হলে $a^3 + b^3 + c^3 = 3abc$ হবে।
(iii) $a + b + c = 0$ হলে $a^3 + b^3 + c^3 - 3abc = 0$ হবে।

74. যদি $a = 1.2$, $b = 2.1$ এবং $c = 3.3$ হয় তবে $a^3 + b^3 + c^3 - 3abc$-এর মান কত?
(a) 1 (b) 2 (c) 3 (d) 0

75. যদি $a = 3.71$, $b = 0.64$, $c = -4.35$ হয়, তবে $a^3 + b^3 + c^3 - 3abc$-এর মান কত?
(a) 8.70 (b) 1 (c) 0 (d) 4.35

76. যদি $a + b + c = 11$ এবং $ab + bc + ca = 20$ হয়, তবে $a^3 + b^3 + c^3 - 3abc$-এর মান কত?
(a) 121 (b) 341 (c) 671 (d) 781

উত্তর

1(b), 2(a), 3(b), 4(d), 5(d), 6(d), 7(c), 7A(c), 8(b), 9(a), 10(b), 11(d), 12(c), 13(d), 14(b), 15(b), 16(a), 17(c), 18(b), 19(d), 20(a), 21(b), 22(d), 23(b), 24(b), 25(c), 26(b), 27(c), 28(a), 29(d), 30(a), 31(b), 32(d), 33(a), 34(b), 35(a), 36(b), 37(c), 38(d), 39(a), 40(a), 41(c), 42(b), 43(c), 44(b), 45(c), 46(b), 47(d), 48(a), 49(b), 50(c), 51(a), 52(a), 53(b), 54(a), 55(c), 56(a), 57(d), 58(b), 59(b), 60(c), 61(c), 62(d), 63(a), 64(a), 65(d), 66(d), 67(b), 68(a), 69(b), 70(c), 71(c), 72(a), 73(b), 74(d), 75(c), 76(c).

সমাধান:

1(b): $(1003)^2 = (1000 + 3)^2 = (1000)^2 + (3)^2 + 2 \times 1000 \times 3 = 1006009$

[$AOOB^2 = A^2/2AB/B^2$, 1003-এর এখানে $A = 1, B = 3$
$\therefore 1003^2 = 1^2/2 \times 1 \times 3/3^2 = 1/6/9 = 1006009$
কারণ $2AB = 2 \times 1 \times 3 = 6$ কিন্তু তিন অঙ্কের বসাতে হবে $= 006$ এবং $B^2 = 3^2 = 9$ এবং এক্ষেত্রে তিন অঙ্কের বসাতে হবে $= 009$]

2(a): $0.75 \times 0.75 + 0.25 \times 0.75 \times 2 + 0.25 \times 0.25$
$0.75 = a$ এবং $0.25 = b$

$\therefore a^2 + 2ab + b^2 = (a + b)^2 = (0.75 + 0.25)^2$
$= (1.00)^2 = 1.$
3(b): $a = 2.75$, $b = 7.43$
$\therefore (a + b)^2 = (2.57 + 7.43)^2 = (10)^2 = 100.$
4(d): $\left(x+\frac{1}{x}\right)^2 = x^2 + \frac{1}{x^2} + 2 = (23 + 2) = 25$
$\therefore \left(x+\frac{1}{x}\right) = \sqrt{25} = 5.$
5(d): $\left(x+\frac{1}{x}\right)^2 = (3)^2 = 9$
$x^2 + \frac{1}{x^2} + 2 = 9$, $x^2 + \frac{1}{x^2} = 7.$
6(d): 37 = a, 63 = b হলে, $a^2 + b^2 + 2ab = (a + b)^2$
$= (37 + 63)^2 = (100)^2 = 10000.$
7(c): 3.75 = a এবং 6.25 = b হলে
$\therefore a^2 + b^2 + 2ab = (a + b)^2 = (3.75 + 6.25)^2$
$= (10)^2 = 100.$
7A(c): $\left(\sqrt{2}\right)^2 + \left(\frac{1}{\sqrt{2}}\right)^2 + 2 = 2 + \frac{1}{2} + 2 = 4\frac{1}{2}.$
8(b): 3.75 = a এবং 0.75 = b হলে,
$a^2 + b^2 - 2ab = (a - b)^2 = (3.75 - 0.75)^2 = (3)^2 = 9.$
9(a): $1.66 \times 1.66 + 0.66 \times 0.66 - 1.32 \times 1.66$
$= 1.66 \times 1.66 + 0.66 + 0.66 - 2 \times 0.66 \times 1.66$
1.66 = a এবং 0.66 = b হলে, $a^2 + b^2 - 2ab = (a - b)^2$
$= (1.66 - 0.66)^2 = (1)^2 = 1.$
10(b): $1.43 \times 1.43 + 0.43 \times 0.43 - 0.86 \times 1.43$
$= 1.43 \times 1.43 + 0.43 \times 0.43 - 2 \times 0.43 \times 1.43$
1.43 = a, 0.43 = b হলে,
$a^2 + b^2 - 2ab = (a - b)^2 = (1.43 - 0.43)^2 = (1)^2 = 1.$
11(d): 0.47 = a এবং 0.35 = b হলে,
$\frac{a^2+b^2-2ab}{0.12} = \frac{(a-b)^2}{0.12} = \frac{(0.47-0.35)^2}{0.12} = \frac{(0.12)^2}{0.12}$
$= 0.12.$
12(c): $\frac{6.36\times6.36+2.36\times2.36-2\times2.36\times6.36}{3.36\times3.36+0.64\times0.64+2\times0.64\times3.36}$
6.36 = a এবং 2.36 = b এবং 3.36 = x ও 0.64 = y হলে,
$\frac{a^2+b^2-2ab}{x^2+y^2+2xy} = \frac{(a-b)^2}{(x+y)^2} = \frac{(6.36-2.36)^2}{(3.36+0.64)^2} = \frac{(4)^2}{(4)^2} = 1.$
13(d): $\left(x-\frac{1}{x}\right) = 2$ বা, $\left(x-\frac{1}{x}\right)^2 = 4$
বা, $x^2 + \frac{1}{x^2} - 2 = 4$
$x^2 + \frac{1}{x^2} = 6$, $\left(x^2+\frac{1}{x^2}\right)^2 = 36$, $x^4 + \frac{1}{x^4} - 2 = 36$
বা, $x^4 + \frac{1}{x^4} = 34.$
14(b): 5.3 = a এবং 3.5 = b হলে,
$(a + b)^2 + (a - b)^2 = 2(a^2 + b^2) = 2\{(5.3)^2 + (3.5)^2\}$
$= 2(28.09 + 12.25) = 2 \times 40.34 = 80.68.$
15(b): 63 = a এবং 36 = b হলে,
$\frac{(a+b)^2+(a-b)^2}{a^2+b^2} = \frac{2(a^2+b^2)}{(a^2+b^2)} = 2.$
16(a): 175 = a এবং 75 = b হলে,
$a^2 - b^2 = (a + b)(a - b) = (175 + 75)(175 - 75)$
$= 250 \times 100 = 25000.$
17(c): 4.44 = a এবং 0.56 = b হলে,
$\frac{a^2-b^2}{5} = \frac{(a+b)(a-b)}{5} = \frac{(4.44+0.56)(4.44-0.56)}{5}$
$= \frac{5\times3.88}{5} = 3.88.$
18(b): 1.73 = a এবং 0.27 = b হলে,
$\frac{a^2-b^2}{a-b} = \frac{(a+b)(a-b)}{(a-b)} = (a+b) = (1.73+0.27) = 2.$
19(d): $\frac{(2.8)^2-(1.2)^2}{2.8\times2.8+1.2\times1.2+2\times2.8\times1.2}$
2.8 = a এবং 1.2 = b হলে,
$\frac{a^2-b^2}{a^2+b^2+2ab} = \frac{(a+b)(a-b)}{(a+b)^2} = \frac{(a-b)}{(a+b)}$
$= \frac{(2.8-1.2)}{(2.8+1.2)} = \frac{1.6}{4} = 0.4.$
20(a): $\frac{4}{7}$ = a এবং $\frac{3}{7}$ = b হলে,
$\frac{a^2-b^2}{a-b} = \frac{(a+b)(a-b)}{(a-b)} = (a+b) = \left(\frac{4}{7}+\frac{3}{7}\right) = \left(\frac{7}{7}\right)$
$= 1.$
21(b): 7 = a এবং $\sqrt{2}$ = b হলে,
$(a + b)(a - b) = (a)^2 - (b)^2 = (7)^2 - \left(\sqrt{2}\right)^2 = 49 - 2$
$= 47.$
22(d): $\frac{(x-y)^2}{x^2-y^2} = \frac{(x-y)^2}{(x+y)(x-y)} = \frac{x-y}{x+y} = 9$
$\therefore \frac{x+y}{x-y} = \frac{1}{9}.$
23(b): $a^2 + b^2 = 117$ এবং $(a - b)^2 + 2ab = 117$
বা, $(a + b)^2 - 2ab = 117$ বা $(a - b)^2 = 9$
বা, $(a + b)^2 = 225$ বা, $a - b = 3$
বা, $a + b = 15$
$\therefore \frac{a+b}{a-b} = \frac{15}{3} = 5.$
24(b): $x^2 + y^2 = (x + y)^2 - 2xy = (5)^2 - 2 \times 6 = 13.$
25(c): $(a + b)^2 + (a - b)^2 = 2(a^2 + b^2)$
$(400 + 50)^2 + (400 - 50)^2 = 2\{(400)^2 + (50)^2\}$
$= 2(160000 + 2500) = 2 \times 162500 = 325000.$
26(b): $\frac{(0.64+0.46)^2+(0.64-0.46)^2}{(0.64)^2+(0.46)^2}$
$= \frac{2\{(0.64)^2+(0.46)^2\}}{\{(0.64)^2+(0.46)^2\}} = 2.$
27(c): $25a^2 + \frac{1}{a^2} = \left(5a+\frac{1}{a}\right)^2 - 2.5a.\frac{1}{a} = (6)^2 - 10$
$= 26.$
28(a): $x^2 - 6x + 1 = 0$
$\therefore x^2 + 1 = 6x$ বা, $x + \frac{1}{x} = 6$
$\therefore x^2 + \frac{1}{x^2} = \left(x+\frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x} = (6)^2 - 2 = 34.$
29(d): $(a + b)^2 - (a - b)^2 = 4ab$
$(100 + 25)^2 - (100 - 25)^2 = 4 \times 100 \times 25 = 10000.$

30(a): $\frac{(250+50)^2-(250-50)^2}{100\times125}=\frac{4\times250\times50}{100\times125}=4.$

31(b): $\frac{(1125+143)^2-(1125-143)^2}{4\times125\times143}$

$=\frac{4\times1125\times143}{4\times1125\times143}=1.$

32(d): $ab=\left(\frac{a+b}{2}\right)^2-\left(\frac{a-b}{2}\right)^2=\left(\frac{6}{2}\right)^2-\left(\frac{2}{2}\right)^2$

$=9-1=8.$

33(a): $\frac{(6.25+5.25)^2+(6.25-5.25)^2}{6.25\times21}$

$=\frac{4\times6.25\times5.25}{6.25\times21}=\frac{6.25\times21}{6.25\times21}=1.$

34(b): $(a+b+c)^2=0,\ a^2+b^2+c^2+2ab+2bc+2ca=0$

$\therefore a^2+b^2+c^2=-2(ab+bc+ca)$

$\therefore \frac{a^2+b^2+c^2}{bc+ca+ab}=\frac{-2(ab+bc+ca)}{(bc+ca+ab)}=-2.$

35(a): $0.05=a,\ 0.41=b,\ 0.73=c$ হলে,

$\frac{a^2+b^2+c^2}{\left(\frac{a}{10}\right)^2+\left(\frac{b}{10}\right)^2+\left(\frac{c}{10}\right)^2}=\frac{(a^2+b^2+c^2)\times100}{(a^2+b^2+c^2)}=100.$

36(b): $(x+y+z)^2=(10)^2$

$x^2+y^2+z^2+2(xy+yz+xz)=100$

$\therefore 40+2(xy+yz+xz)=100$

$(xy+yz+xz)=\frac{100-40}{2}=30.$

37(c): $\frac{x^2+y^2+z^2-64}{xy-yz-zx}=-2$

বা, $x^2+y^2+z^2=-2xy+2yz+2zx+64$

$(x+y+z)^2=x^2+y^2+z^2+2xy+2yz+2zx$

$(4z)^2=-2xy+2yz+2zx+64+2xy+2yz+2zx$

$16z^2=4yz+4zx+64=4z(y+x)+64$

বা, $16z^2=4z\times3z+64$

বা, $16z^2=12z^2+64$ বা, $4z^2=64$

বা, $z^2=16\ \therefore z=4.$

38(d): $(a+b+c)^2=a^2+b^2+c^2+2(ab+bc+ca)$

$\therefore ab+bc+ca=\frac{1}{2}\{(a+b+c)^2-a^2+b^2+c^2\}=\frac{1}{2}\{(13)^2-69\}=\frac{1}{2}(169-69)=\frac{1}{2}\times100=50.$

39(a): $(x+y+z)^2=x^2+y^2+z^2+2(xy+yz+zx)$

$=8+2\times4=16$

$\therefore x+y+z=\sqrt{16}=\pm4.$

40(a): $0.7\times0.7\times0.7+0.3\times0.3\times0.3+3\times0.7\times0.3\,(0.7+0.3)=(0.7+0.3)^3=(1.0)^3=1.$

41(c): $1.4\times1.4\times1.4+3\times1.4\times1.4\times1.6+3\times1.4\times1.6\times1.6+(1.6)^3=(1.4)^3+3\times(1.4)^2\times1.6+3\times1.4\times(1.6)^2+(1.6)^3=(1.4+1.6)^3=(3)^3=27.$

42(b) $x^2+\frac{1}{x^2}=7$ বা, $\left(x+\frac{1}{x}\right)^2-2=7$

বা, $\left(x+\frac{1}{x}\right)^2=9$ বা, $x+\frac{1}{x}=\pm3$

বা, $\left(x+\frac{1}{x}\right)^3=\pm27$ বা, $x^3+\frac{1}{x^3}+3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=\pm27$

বা, $x^3+\frac{1}{x^3}+3\times(\pm3)=\pm27$ বা, $=x^3+\frac{1}{x^3}=\pm18.$

43(c): $x(x^2+3x+3)=(x^3+3x^2+3x+1)-1$

$=(x+1)^3-1=(9+1)^3-1$

$=10^3-1=1000-1=999.$

44(b): $ab(a+b)=1,\ (a+b)^3=\left(\frac{1}{ab}\right)^3$

(a) লন্ডন (b) বার্লিন (c) ওয়াশিংটন (d) প্যারিস
35. অশ্ব অক্ষাংশ শব্দটি কোন জায়গার ক্ষেত্রে ব্যবহার করা হয়?
(a) মেরুবৃত্ত (b) 30° – 40° উত্তর ও দক্ষিণ অক্ষাংশ (c) 40° – 60° উত্তর এবং দক্ষিণ অক্ষাংশ (d) 0° – 20° উত্তর ও দক্ষিণ অক্ষাংশ
36. মরিশাসের রাজধানীর নাম কী?
(a) নাইবেরি (b) মাপুটো (c) পোর্ট এলিজাবেথ (d) পোর্টলুই
37. বৈতরণী কোন নদীর উপনদী?
(a) গঙ্গা (b) যমুনা (c) ব্রহ্মপুত্র (d) মহানদী
38. 1955 সালে রাষ্ট্রায়ত্তকরণের আগে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার নাম কী ছিল?
(a) ন্যাশনাল ব্যাঙ্ক (b) স্টেট ব্যাঙ্ক (c) ইম্পিরিয়াল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) ন্যাশনাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
39. উত্তর-পূর্ব রেলওয়ের প্রধান কার্যালয় কোনটি?
(a) শিয়ালদহ (b) হাওড়া (c) গুয়াহাটি (d) গোরক্ষপুর
40. কত সালে ভারতীয় কেন্দ্রীয় সরকারের জিরো বেসড (Zero Based) বাজেটটি চালু হয়?
(a) 1985 সালে (b) 1987 সালে (c) 1989 সালে (d) 1990 সালে
41. টাটা জলবিদ্যুৎ প্রকল্প ভারত ও কোন দেশের সঙ্গে যৌথভাবে গড়ে উঠেছে?
(a) নেপাল (b) মালদ্বীপ (c) ভুটান (d) বাংলাদেশ
42. কোনটি একটি ক্রেডিট রেটিং এজেন্সি?
(a) CRISIL (b) CARE (c) ICRA (d) সবক'টি
43. কোন রাজ্য কন্যা-বিদ্যাধন যোজনা চালু করেছে?
(a) উত্তরপ্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) রাজস্থান (d) হরিয়ানা
44. 'Flexible Constitution' (সুপরিবর্তীয় সংবিধান) বলতে বোঝায় যে সংবিধান সংশোধনের জন্য:
(a) জনগণের সম্মতির প্রয়োজন হয় (b) জনগণই সংবিধানের সংশোধন ঘটাতে পারে (c) সাধারণ আইন পাসের পদ্ধতিতে সংবিধান সংশোধিত হতে পারে (d) রাষ্ট্রপদ্ধতি এককভাবেই সংশোধন করতে পারেন
45. রাজ্য পুনর্গঠন আইন 1956 (The State Reorganisation Act 1956) দ্বারা নীচের কোন রাজ্যটি সৃষ্টি করা হয়?
(a) পাঞ্জাব (b) মহারাষ্ট্র (c) কেরল (d) মিজোরাম
46. কোন ধারা বলে রাজ্যসভা 'All India Services' গঠন করতে পারে?
(a) লোকসভা (b) রাজ্যসভা (c) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক আয়োগ (d) রাষ্ট্রপতি
47. যে-কোনও চারটি ক্রমিক অযুগ্ম সংখ্যার গুণফলের সঙ্গে 'k' যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হয়, তাহলে 'k'-এর মান:
(a) 9 (b) 16 (c) 32 (d) 64
48. যদি $x = \sqrt{2+\sqrt{2+\sqrt{2+...}}}$ হলে, x-এর মান কত?
(a) 2, –1 (b) –2, 1 (c) 3, 2 (d) 2, 5
49. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 6, 10, 15 এবং 16 দ্বারা ভাগ করলে, প্রতিক্ষেত্রে 5 অবশিষ্ট থাকবে, কিন্তু 29 দ্বারা ভাগ করলে মিলে যাবে?
(a) 145 (b) 245 (c) 725 (d) 675
50. যে কোনও তিন অঙ্কের সংখ্যা থেকে সংখ্যাটির অঙ্ক সমষ্টি বিয়োগ করলে বিয়োগফল সর্বদা কত দ্বারা বিভাজ্য হবে?
(a) 5 (b) 6 (c) 7 (d) 9
51. তিনটি সংখ্যার মধ্যে প্রথম ও দ্বিতীয়টির গুণফল 56, দ্বিতীয় ও তৃতীয়টির গুণফল 72 ও তৃতীয় ও প্রথম সংখ্যার গুণফল 63। ছোট সংখ্যাটি কত?
(a) 4 (b) 6 (c) 7 (d) 8
52. তিনটি পরপর ক্রমিক সংখ্যার প্রথম ও তৃতীয় সংখ্যার বিয়োগফল দ্বিতীয়টির $\frac{1}{8}$ অংশ, তাহলে তৃতীয় সংখ্যাটি কত?
(a) 16 (b) 18 (c) 17 (d) 20
53. কোনও ভগ্নাংশের লব ও হরের যোগফল 11। যদি লবে 1 যোগ করা হয় ও হরের থেকে 2 বিয়োগ করা হয় তাহলে ভগ্নাংশটি হয় $\frac{2}{3}$, ভগ্নাংশটি কত?
(a) $\frac{5}{6}$ (b) $\frac{6}{5}$ (c) $\frac{3}{8}$ (d) $\frac{8}{3}$
54. A, B ও C-এর মধ্যে 350 টাকা এমনভাবে ভাগ করা হল যে, A-এর অংশ : B অংশ = 2 : 3 এবং B -এর অংশ : C-এর অংশ = 4 : 5 হলে, C-র অংশ কত?
(a) 150 টাকা (b) 75 টাকা (c) 300 টাকা (d) 30 টাকা
55. একটি সমিতিতে পুরুষ এবং মহিলা সদস্যের অনুপাত 5 : 4। ওই সমিতিতে আরও 45 জন মহিলা সদস্য যোগ দেওয়ায় পুরুষ ও মহিলার অনুপাত পূর্বের বিপরীত হয়। সমিতিতে পুরুষ সদস্যের সংখ্যা কত?
(a) 175 (b) 100 (c) 125 (d) 120
56. আয়তকার একটি জমির দৈর্ঘ্য 15% হ্রাস ও প্রস্থ 8% হ্রাস করা হলে, ক্ষেত্রফলের পরিবর্তন হয়:
(a) 21.8% (b) 22.8% (c) 23% (d) 22.2%
57. কত লিটার জল মিশ্রিত করলে 5 লিটার দ্রবণে দুধের পরিমাণ 45% থেকে কমে 25% হবে?
(a) 3 লিটার (b) 2 লিটার (c) 4 লিটার (d) 4.5 লিটার
58. এক অসৎ কাপড় ব্যবসায়ী ক্রয়মূল্যে দ্রব্যটির বিক্রয় করে কিন্তু কাপড় বিক্রি করার সময় প্রতি মিটার কাপড়ের পরিবর্তে 80 সেমি কাপড় দেয়। ব্যক্তির শতকরা লাভ কত?
(a) 25% (b) 20% (c) 16% (d) 30%
59. এক ব্যক্তি 10% লাভে চাল বিক্রি করে। প্রতি কিলোগ্রাম চাল 3 টাকা কম মূল্যে বিক্রয় করলে 20% ক্ষতি হত। তবে প্রতি কিলোগ্রাম চালের বিক্রয়মূল্য কত?
(a) 10 টাকা (b) 11 টাকা (c) 9 টাকা (d) 21 টাকা
60. এক ব্যক্তি একটি পেন 12% লাভে বিক্রয় করে। যদি দ্রব্যটি আরও 3 টাকা বেশিতে বিক্রয় করা হত, তাহলে পেনটির ক্রয়মূল্য কত?
(a) 50 টাকা (b) 60 টাকা (c) 46 টাকা (d) 64 টাকা
61. এক ব্যবসায়ী একটি দ্রব্য 1 কিলোগ্রামের পরিবর্তে 1250 গ্রাম দেয় এবং ক্রয়মূল্যের ওপর 25% লাভে দ্রব্যটি বিক্রয় করে। তখন প্রকৃত লাভ বা ক্ষতির হার কত?
(a) 10% ক্ষতি (b) 15% লাভ (c) কোনও লাভ বা ক্ষতি হয়নি (d) বলা সম্ভব নয়
62. কিছু সংখ্যক লোক 50 দিনে একটি কাজ করে। যদি আরও 3 জন লোক বেশি নিযুক্ত হয়, তবে কাজ শেষ করতে 5 দিন কম লাগে। তবে প্রথমে কতজন লোক ছিল?
(a) 36 জন (b) 18 জন (c) 27 জন (d) 30 জন
63. A একটি কাজ 50 দিনে এবং B একটি কাজ 40 দিনে করতে পারে। দু'জনে একত্রে কাজ শুরু করার 10 দিন পর A চলে যায়। অবশিষ্ট কাজ শেষ করতে B-এর কতদিন সময় লাগবে?
(a) 11 দিন (b) 18 দিন (c) 22 দিন (d) 26 দিন
64. একটি চৌবাচ্চা A নল দিয়ে 8 ঘণ্টায় এবং তলদেশে ছিদ্র থাকার জন্য চৌবাচ্চাটি পূর্ণ হতে আরও 2 ঘণ্টা সময় বেশি লাগে। যদি চৌবাচ্চাটি পূর্ণ থাকে তবে তলদেশের ছিদ্র দিয়ে

কতক্ষণে চৌবাচ্চাটি খালি হবে?
(a) 16 ঘণ্টা (b) 40 ঘণ্টা (c) 25 ঘণ্টা (d) 20 ঘণ্টা

65. A নল, B নলের 4 গুণ ক্ষমতাসম্পন্ন। একটি চৌবাচ্চা A নল 15 মিনিটে জলপূর্ণ করতে পারে। একত্রে ওই দু'টি নল দ্বারা চৌবাচ্চাটি জলপূর্ণ করতে কত সময় লাগবে?
(a) 10 মিনিট (b) 12 মিনিট (c) 15 মিনিট (d) 14 মিনিট

66. 11 টাকা লিটার দরে কেরোসিন তেলের সঙ্গে 6 টাকা লিটার দরের কেরোসিন কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্রিত কেরোসিনের দাম হবে 8 টাকা প্রতি লিটার?
(a) 2 : 1 (b) 1 : 2 (c) 3 : 2 (d) 2 : 3

67. প্রথম 10টি প্রকৃত সংখ্যার গড় কত?
(a) 50.5 (b) 52 (c) 51 (d) 50

68. এক ব্যক্তি প্রথম অর্ধেক পথ 30 কিমি গতিতে গিয়ে বাকি অর্ধেক পথ 20 কিমি গতিতে যায়। সমগ্র যাত্রাপথে ব্যক্তির গড় গতিবেগ কত?
(a) 24 কিমি/ঘণ্টা (b) 27 কিমি/ঘণ্টা (c) 15 কিমি/ঘণ্টা (d) 12 কিমি/ঘণ্টা

69. একই দিক থেকে ভিন্ন গতিতে আসা একই দৈর্ঘ্যের দু'টি ট্রেন একটি পোস্টকে যথাক্রমে 6 সেকেন্ড ও 9 সেকেন্ডে অতিক্রম করে। তবে তারা একে অপরকে কত সময়ে অতিক্রম করবে?
(a) 36 সেকেন্ড (b) 30 সেকেন্ড (c) 40 সেকেন্ড (d) 42 সেকেন্ড

70. একটি নৌকা স্রোতের অনুকূলে 36 কিলোমিটার/ঘণ্টা বেগে যায় এবং প্রতিকূলে 18 কিলোমিটার/ঘণ্টা বেগে যায়। যদি স্রোতের গতিবেগ 9 কিলোমিটার/ঘণ্টা হয়, তবে নৌকার গতিবেগ কত?
(a) 18 কিলোমিটার/ঘণ্টা (b) 25 কিলোমিটার/ঘণ্টা (c) 27 কিলোমিটার/ঘণ্টা (d) 30 কিলোমিটার/ঘণ্টা

71. 2, 2, 4, 12, 60, ? , 4620
(a) 240 (b) 420 (c) 3600 (d) 1860

72. 58, 57, 54, 50, 42, 33, 22
(a) 57 (b) 54 (c) 50 (d) 42

73. 347 (611) 958
234 (?) 789
(a) 411 (b) 397 (c) 475 (d) 555

74. —–, zxv, fdb, ljh, rpn
(a) ywn (b) ayv (c) trp (d) lzm

75. ____ bcdbc ____dcabd ___ bcdbc ____ dc __ bd.
(a) aaaaa (b) ccccc (c) bbbbb (d) ddddd

76. NOPQ : PMRO : : ABCD : ?
(a) CZEB (b) CDEF (c) YZAB (d) CDAB

77. DGI (b) MPR (c) KNO (d) FIK [Find out odd]

78. (a) Nozzle (b) Nausea (c) Nostril (d) Normal [Alphabatic order 3rd place]

79. ইংরেজি বর্ণমালার J-এর বাঁদিকের তৃতীয় বর্ণের ডানদিকের পঞ্চদশ বর্ণ কোনটি?
(a) V (b) U (c) Y (d) S

80. HORIZON শব্দটিতে এরূপ কতজোড়া অক্ষর পাওয়া যাবে, যাদের মধ্যে যতগুলি বর্ণ আছে, ইংরেজি বর্ণমালা অনুযায়ী ওই একই জোড়ার মধ্যে ঠিক ততগুলিই বর্ণ আছে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

81. ENLARGEMENT শব্দটির অক্ষরগুলি একবার মাত্র ব্যবহার করে নীচের কোন শব্দটি তৈরি করা যাবে?
(a) NEGLECT (b) MENTOR (c) ENRAGE (d) ARGUE

82. পায়ের গাঁট : হাঁটু : : কবজি : ?
(a) হাত (b) পা (c) আঙুল (d) কনুই

83. নীচের চিত্রে R বোঝায় ব্যবসায়ীদের S ধনীদের ও T বোঝাচ্ছে সৎ লোকদের। কোন সংখ্যা সৎ ধনী লোকেদের বোঝাবে?

(a) 4 (b)5 (c) 3 (d) 2

84. 1 জুলাই, 1995 শনিবার হলে, 1 এপ্রিল, 1996 কী বার ছিল?
(a) শনিবার (b) রবিবার (c) শুক্রবার (d) সোমবার

85. রবিন উত্তরদিকে মুখ করে আছে। সে ডানদিকে 25 মিটার গেল আবার বাঁদিকে বেঁকে 30 মিটার গেল। তারপর সে আরও 25 মিটার ডানদিকে গেল। আবার ডানদিকে বেঁকে 55 মিটার গেল। শেষ পর্যন্ত সে ডানদিকে বেঁকে 40 মিটার গেল। তাহলে সে প্রারম্ভিক স্থান থেকে কোনদিকে রয়েছে?
(a) উত্তর-পূর্ব (b) দক্ষিণ-পূর্ব (c) উত্তর-পশ্চিম (d) দক্ষিণ-পশ্চিম

86. একটি শিশুকে দেখিয়ে এক ভদ্রমহিলা কানাইকে বললেন, 'আমি আমার স্বামীর সন্তানের মা যাকে আমি দেখাচ্ছি এবং তোমার বাবার স্ত্রী হলেন আমার 'মা'। তাহলে ভদ্রমহিলার সঙ্গে কানাই-এর সম্পর্ক কী?
(a) জামাইবাবু (b) ভাই-বোন (c) মামা ভাগনি (d) কোনওটিই নয়

87. নীচের সারিতে এমন কতগুলি জোড়সংখ্যা আছে, যার আগের সংখ্যাটি দ্বারা সংখ্যাটি বিভাজ্য হবে, কিন্তু পরের সংখ্যাটি দ্বারা বিভাজ্য হবে না?
3 8 4 1 5 7 2 8 3 4 8 9 3 9 4 2 1 5 8 2
(a) 1টি (b) 2টি (c) 3টি (d) 4টি

88. একটি পরীক্ষায় যারা পাশ করেছে তাদের মধ্যে মনিকার স্থান প্রথম থেকে 16তম। এবং শেষ থেকে 26তম বালিকা পাশ করেনি এবং পরীক্ষার দিন 5 জন অনুপস্থিত ছিল। তবে ওই শ্রেণির বালিকা সংখ্যা কত?
(a) 37 জন (b) 41 জন (c) 51 জন (d) 52 জন

89. শনিবার ছিল ছুটির দিন প্রজাতন্ত্র দিবসের জন্য। পরের মাসের 14 তারিখ আবার ছুটি রয়েছে শিবরাত্রির জন্য। ওই 14 তারিখ কী বার হবে?
(a) মঙ্গলবার (b) বৃহস্পতিবার (c) শনিবার (d) রবিবার

90. যদি CURTAIN শব্দটিকে সাংকেতিক ভাষায় CAITURN লেখা হয়, তবে HILLOCK শব্দটিকে কী লেখা হবে?
(a) HOCLILK (b) HCOLLIK (c) HKLLIOC (d) HOLLICK

91.

	3			6			2	
5	12	4	5	18	2	2	?	2
	2			3			9	

(a) 15 (b) 18 (c) 17 (d) 16

92. নীচের শব্দগুলিকে ছবির সাহায্যে দেখান— দুধ, ছাগল, গোরু, মুরগি।

(a) (b) (c) (d)

93. Statements: কোনও টিয়া হয় না কাক।
সমস্ত কাক হয় বাদুড়।
Conclusions: I. কিছু বাদুড় হয় টিয়া
II. সমস্ত বাদুড় হয় টিয়া
III. কিছু বাদুড় হয় কাক
IV. কিছু বাদুড় হয় না কাক

(a) কোনওটিই সঠিক নয় (b) I এবং II সঠিক (c) I, II এবং III সঠিক (d) III ও IV সঠিক

94. যদি '×' মানে '÷', – মানে ×, ÷ মানে + এবং + মানে – হয়, তবে— 3 – 5 ÷ 16 × 8 ✱ 6 = ?

(a) 11 (b) 12 (c) 14 (d) 18

95. 24 * 34 * 2 * 5 * 12

(a) =, ÷, +, – (b) =, ÷, –, + (c) +, +, =, × (d) +, ÷, ×, =

96. Set (25, 32, 37)

(a) (92, 99, 120) (b) (82, 92, 97) (c) (81, 90, 99) (d) (56, 67, 88)

97. Question figure

Answer figure

(a) (b) (c) (d)

98. একটি ছক্কার দু'টি অবস্থান দেখানো হয়েছে। ছক্কাটিতে 1-6 পর্যন্ত সংখ্যা লেখা আছে। তবে 3টি ডটস-এর বিপরীতে ক'টি ডটস হবে?

(a) 1 or 5 (b) 2 (c) 3 (d) 5

99. Question figure

Answer figure

(a) (b) (c) (d)

100.

(a)147, 258, 369 (b) 147, 259, 367 (c) 134, 258, 679 (d) 123, 456, 789

উত্তর

1(b), 2(c), 3(a), 4(c), 5(b), 6(b), 7(b), 8(c), 9(a), 10(d), 11(d), 12(c), 13(c), 14(c), 15(d), 16(b), 17(c), 18(c), 19(b), 20(d), 21(c), 22(b), 23(b), 24(d), 25(d), 26(c), 27(c), 28(a), 29(d), 30(a), 31(b), 32(d), 33(a), 34(a), 35(d), 36(d), 37(d), 38(c), 39(b), 40(b), 41(c), 42(d), 43(a), 44(c), 45(c), 46(b), 47(b), 48(a), 49(c), 50(d), 51(c), 52(c), 53(c), 54(a), 55(b), 56(a), 57(c), 58(a), 59(b), 60(a), 61(c), 62(c), 63(c), 64(b), 65(b), 66(d), 67(c), 68(a), 69(a), 70(c), 71(b), 72(c), 73(d), 74(c), 75(a), 76(a), 77(c), 78(c), 79(a), 80(b), 81(c), 82(d), 83(a), 84(d), 85(b), 86(b), 87(b), 88(d), 89(b), 90(a), 91(b), 92(c), 93(d), 94(a), 95(c), 96(c), 97(a), 98(a), 99(a), 100(a).

সমাধান

47(b): [*সংকেত:* পরপর চারটি জোড় বা বিজোড় সংখ্যার গুণফলের সঙ্গে 16 যোগ করলে যোগফল সর্বদা পূণবর্গ সংখ্যা হবে]

যেমন $(1 \times 3 \times 5 \times 7) + 16 - 105 + 16 = 121 = (11)^2$.

48(a): [*সংকেত:* $x = n(n+1)$ হয়, x-এর মান $(-n)$ বা, $(n+1)$] এখানে, $n = 1 \therefore x = -1$ এবং 2.

49(c): 6, 10, 15 এবং 16 এর ল.সা.গু. = 240

$240 = (29 \times 8) + 8$ $[29 = (8 \times 3) + 5]$

∵নির্ণেয় সংখ্যা $= 240 \times 3 + 5 = 725$.

50(d): [*সংকেত:* যে কোনও তিন অঙ্কের সংখ্যা থেকে অঙ্ক সমষ্টি বিয়োগ করলে বিয়োগফল সর্বদা 9 দ্বারা বিভাজ্য হবে]

51(c): $x^2y^2z^2 = 56 \times 72 \times 63$

or, $xyz = \sqrt{7 \times 8 \times 8 \times 9 \times 9 \times 7} = 7 \times 8 \times 9$

ছোট সংখ্যা = 7.

52(c): $(x+1) - (x-1) = \frac{x}{8}$ or, $x = 16$

$\because x + 1 = 16 + 1 = 17$.

53(c): $x + y = 11$ or $\frac{x+1}{y-2} = \frac{2}{3}$ or, $3x - 2y = -7$

$\because x = 3, y = 8 \because \frac{x}{y} = \frac{3}{8}$.

54(a): A : B = 2 : 3 এবং B : C = 4 : 5 হলে,

A : B : C = (2 × 4) : (3 × 4) : (3 × 5) = 8 : 12 : 15

C-র অংশ $= 350 \times \frac{15}{35} = 150$ টাকা।

55(b): পুরুষ ও মহিলার সংখ্যা যথাক্রমে 5x ও 4x ধরা হলে—

$\frac{5x}{4x+45} = \frac{4}{5}$

বা, $25x - 16x = 180$ বা, $9x = 180 \therefore x = 20$

∴ সমিতিতে পুরুষ সদস্যসংখ্যা = (5x) = 5 × 20 = 100 জন।

56(a): ক্ষেত্রফল হ্রাস $= \left\{(15+8) - \frac{15 \times 8}{100}\right\}\% = (23 - 1.2)\%$ $= 21.8\%$.

57(c): জলের পরিমাণ $= \frac{5(45-25)}{25} = \frac{5 \times 20}{25} = 4$ লিটার।

58(a): শতকরা লাভ $= \left(\frac{100-80}{80} \times 100\right)\% = 25\%$.

59(b): প্রতি কিলোগ্রাম চালের বিক্রয়মূল্য $= \frac{(100+10) \times 3}{10+20}$ $= \frac{110 \times 3}{30} = 11$ টাকা।

60(a): পেনটির ক্রয়মূল্য $= \frac{100 \times 3}{18-12} = 50$ টাকা।

61(c): প্রকৃত লাভ/ক্ষতি $= \left\{\frac{(100+25) \times 1000}{1250} - 100\right\}\%$

$= \left(125 \times \frac{4}{5} - 100\right)\% = (100 - 100)\% = 0\%$

[কোনও লাভ বা ক্ষতি হয়নি]

62(c): প্রথমে লোকসংখ্যা $= \frac{3(50-5)}{5} = 3 \times 9 = 27$ জন।

63(c): অবশিষ্ট কাজ শেষ করতে B-এর সময় লাগে

$= \left\{40 - \left(1 + \frac{40}{50}\right) \times 10\right\} = \left(40 - \frac{90}{5}\right) = \frac{110}{5} = 22$ দিন।

64(b): তলদেশে ছিদ্র থাকার জন্য চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগে = 8 + 2 = 10 ঘণ্টা

∴ তলদেশের ছিদ্র দিয়ে চৌবাচ্চাটি খালি হয় $= \frac{8 \times 10}{10 - 8}$ = 40 ঘণ্টা।

65(b): নির্ণেয় সময় $= \frac{4}{4+1} \times 15 = 12$ মিনিট।

66(d): মিশ্রণে প্রথম ও দ্বিতীয় প্রকার কেরোসিনের অনুপাত = (8 – 6) : (11 – 8) = 2 : 3.

67(c): নির্ণেয় গড় $= \frac{101+1}{2} = \frac{102}{2} = 51$.

68(a): ব্যক্তির গড় গতিবেগ $= \frac{2 \times 30 \times 20}{30 + 20} = \frac{2 \times 30 \times 20}{50}$ = 2 × 6 × 2 = 24 কিমি/ঘণ্টা।

69(a): নির্ণেয় সময় $= \frac{2 \times 6 \times 9}{9 - 6}$ সেকেন্ড = 36 সেকেন্ড।

70(c): অনুকূলের গতিবেগ : প্রতিকূলের গতিবেগ = 36 : 18 = 2 : 1

∴ স্থির জলে নৌকার গতিবেগ $= 9 \times \frac{3}{1} = 27$ কিমি/ঘণ্টা।

71(b): 2 2 4 12 60 [420] 4620

×1 ×2 ×3 ×5 ×7 ×11

→ মৌলিক সংখ্যা

72(c):

73(d): 958 – 347 = 611, 789 – 234 = 535.

74(c): trp zxv fdb ljh rpn

–6 –6 –6 –6

75(a): _a_bcd/bc_a_d/cabd/_a_bcd/bc_a_d/c_a_bd

∴ aaaaa.

76(a): N O P Q

↓+2 ↓–2 ↓+2 ↓–2

P M R O

A B C D

↓+2 ↓–2 ↓+2 ↓–2

C Z E B

77(c): D G I M P R K N O F I K

+3 +2 +3 +2 +3 +2 +3 +2

78(c): পরপর Nousea, Normal, Nostril, Nozzle.

79(a): J = 10 তম বর্ণ

∵ J-এর বাঁদিকের তৃতীয় বর্ণের ডানদিকের পঞ্চদশ বর্ণ = (10 – 3 + 15) তম বর্ণ = 22 তম বর্ণ = r.

80(b): Q P

H O R I Z O N

সুতরাং 2 জোড়া অক্ষর হল RO/ON.

81(c): ENRAGE শব্দটি তৈরি করা সম্ভব।

[NEGLE_C_T /MENT_O_R/ARG_U_E/ স্থানের অক্ষরগুলি মূল শব্দে নেই]

82(d): পায়ের গাঁট : হাঁটু : : কবজি : কনুই।

83(a): সৎ ও ধনী বলতে S ও T উভয়ের মধ্যে আছে এমন সংখ্যা = 4.

84(d): 1 জুলাই, 1995 থেকে 1 এপ্রিল, 1996-এর মধ্যে অতিরিক্ত দিন পার্থক্য = (2 + 3 + 2 + 3 + 2 + 3) + (3 + 1 + 3 + 1) = 23 দিন বা, 2 দিন।

∴ 1 এপ্রিল, 1996 = শনিবার + 2 দিন = সোমবার।

85(b):

F হল A-এর দক্ষিণ-পূর্বদিকে।

86(b):

87(b): 3 8 4 1 5 7 [2 8 3] [4 8 9] 3 9 4 2 1 5 8 2.

88(d): পাশ পরিক্ষার্থীর সংখ্যা = (16 + 26 – 1) = 41 জন

∴ মোট বালিকা সংখ্যা = (41 + 6 + 5) = 52 জন।

89(b): 26 জানুয়ারি শনিবার হলে ফেব্রুয়ারি মাসের 2, 9, 16 তারিখ হল শনিবার।

সুতরাং, 7 ফেব্রুয়ারি মাসের 14 তারিখ = (শনিবার – 2) = বৃহস্পতিবার।

90(a): C U R T A I N

C A I T U R N

H I L L O C K

H O C L I L K

91(b): 5 × 3 × 4 × 2 ÷ 10 = 120 ÷ 10 = 12

5 × 6 × 2 × 3 ÷ 10 = 180 ÷ 10 = 18

5 × 2 × 2 × 9 ÷ 10 = 180 ÷ 10 = [18]

92(c):

93(d): টিয়া, কাক, বাদুড় অথবা টিয়া, কাক, বাদুড়

94(a): 3 – 5 ÷ 16 × 8 + 6 চিহ্ন পরিবর্তনের পর

× ⇒ ÷ – ⇒ ×

3 × 5 + 16 ÷ 8 – 6 = 15 + 2 – 6 = 11, ÷ ⇒ + + ⇒ –

95(c): 24 + 34 + 2 = 5 × 12 = 60 = 60.

96(c): 25 ⇒ 25 + (2 + 5) = 32 ⇒ 32 + (3 + 2) = 37

একইভাবে, 81 ⇒ 81 + (8 + 1) = 90 ⇒ 90 + (9 + 0) = 99.

98(a): 3টি ডটসের (···) এর পাশাপাশি 2, 4 এবং 6টি ডটস আছে ∴ 3-এর বিপরীতে 1 অথবা 5টি ডটস হবে।

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

সংবাদ শিরোনামে

(১-৩০ নভেম্বর ২০২০)

*

শীর্ষ ব্যক্তিত্ব

জো বাইডেন, ডোনাল্ড ট্রাম্প ও হিলারি ক্লিন্টন: মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল নিয়ে বিতর্ক, মামলা ইত্যাদির পর প্রেসিডেন্ট ইলেক্ট জো বাইডেন ৩০৬ এবং ডোনাল্ড ট্রাম্প ২৩২ আসন পেয়েছেন বলে ১৪ নভেম্বর জানানো হল। ফলের সংখ্যাগুলো গতবারের নির্বাচনের সঙ্গে অদ্ভুত ভাবে এক। ২০১৬ সালে ট্রাম্পের দখলে ছিল ৩০৬টি ইলেক্টোরাল ভোট। হিলারি ক্লিন্টন পেয়েছিলেন ২৩২টি ভোট। ঠিক চার বছর পর ২৩২ আসন পেয়ে হার মানতে হল ট্রাম্পকে। এ দিন নর্থ ক্যারোলিনা এবং জর্জিয়ায় ভোটের বাকি গণনা ও পুনর্গণনা শেষ হয়। জর্জিয়ায় জয় পেয়েছেন বাইডেন। মার্কিন সংবাদমাধ্যম জানিয়েছে এর পরে আর ফলাফল বদলের সম্ভাবনা খুবই কম।

অমিত শাহ: ৬ নভেম্বর বঙ্গ সফরে এসে রাজ্য বিজেপির নেতৃত্বকে সংগঠন আরও মজবুত করতে আহ্বান জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তাঁর মতে ভোটে জিতলে মুখ্যমন্ত্রী কে হবেন তা নিয়ে চর্চার চেয়ে জরুরি হল মজবুত সংগঠন। এ দিন সল্টলেকে দলীয় পদাধিকারীদের সঙ্গে বৈঠকে অমিতের বার্তা, 'পাঁচ মাস পরিশ্রম করুন। পঞ্চাশ বছর রাজ করবেন।'

মমতা বন্দ্যোপাধ্যায় ও বিনয় তামাং: পাহাড়ের উন্নয়ন নিয়ে নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে ৩ নভেম্বর বৈঠক করলেন গোর্খা জনমুক্তি মোর্চার অন্যতম প্রধান বিনয় তামাং। তিনবছর অন্তরালে থাকার পর সম্প্রতি কলকাতায় বিমল গুরুং, রোশন গিরি-দের আত্মপ্রকাশ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিনয় বললেন, 'কে বিমল গুরুং? পাহাড় এবং উত্তরবঙ্গে তাঁর কোনও অস্তিত্ব নেই।' মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকেও বিমল গুরুংকে নিয়ে কোনও আলোচনা হয়নি বলে দাবি করে বিনয়ের বক্তব্য, পাহাড়ের শান্তি এবং স্থিতিশীলতা নিয়েই কথা হয়েছে মুখ্যমন্ত্রীর সঙ্গে।

আদর পুনাওয়ালা: অক্সফোর্ডের তৈরি ভ্যাকসিন জানুয়ারিতে ভারতে পাওয়া যেতে পারে বলে ৪ নভেম্বর আশা প্রকাশ করলেন সিরাম ইনস্টিটিউটের কর্ণধার আদর পুনাওয়ালা। এক সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন, ভারত ও ইংল্যান্ডের তৃতীয় দফার ট্রায়ালের ফলাফল ঠিকঠাক এলে এবং দেশে সব ধরনের অনুমতি মিললে জানুয়ারিতে টিকা পাওয়া যেতে পারে। ইতিমধ্যেই দেশে কয়েক হাজার জনকে পরীক্ষামূলক ভাবে টিকা দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত কোনও বিরূপ প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

নির্মলা সীতারামন: দেশের ব্যাঙ্ক গ্রাহকদের প্রথম বিকল্প হিসেবে রুপে কার্ড ইস্যু করতে এবং আগামী ডিসেম্বরের মধ্যে সমস্ত ব্যাঙ্ক অ্যাকাউন্টে অ্যাকাউন্টহোল্ডারের আধার ও প্যান সংযোগ করতে দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিকে ১০ নভেম্বর নির্দেশ দিলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। ব্যাঙ্কগুলির সংগঠন ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশনের ৭৩তম সাধারণ বার্ষিক সভায় তিনি বলেন, 'আপনাদের উচিত কেবল রুপে কার্ড প্রোমোট করা। আপনাদের লক্ষ্য রাখা উচিত যাতে এনপিসিআই (ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অব ইন্ডিয়া) 'ব্র্যান্ড ইন্ডিয়া' হয়ে ওঠে। তাই, যখনই আপনারা গ্রাহকদের ক্রেডিট বা ডেবিট কার্ড ইস্যু করবেন তখন বিকল্প যেন রুপে কার্ড হয়।'

ইমরান খান ও অনুরাগ শ্রীবাস্তব: ভারতের আপত্তিকে অগ্রাহ্য করে ১ নভেম্বর গিলগিট-বালতিস্তানকে অস্থায়ী প্রদেশের মর্যাদা দিলেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। প্রতিক্রিয়া

জানাতে গিয়ে ভারতের বিদেশমন্ত্রকের মুখপাত্র অনুরাগ শ্রীবাস্তব জানিয়েছেন, অস্থায়ী প্রদেশের মর্যাদা দিয়ে ওই এলাকায় নিজেদের বেআইনি দখলদারি আড়াল করতে চাইছে পাকিস্তান। অখণ্ড জম্মু-কাশ্মীর ১৯৪৭ সালে যে অপ্রত্যাহারযোগ্য চুক্তির ভিত্তিতে ভারতের সঙ্গে জুড়েছিল তার জোরে গিলগিট-বালতিস্তান সহ সম্পূর্ণ এলাকা যে এ দেশের, সে কথা মনে করান শ্রীবাস্তব।

নরেন্দ্র মোদী: '৭১-এর ভারত-পাক যুদ্ধের অন্যতম মাইলফলক জয়সলমেরের ঐতিহাসিক লাঙ্গেওয়ালা সেনা পোস্টের সেনা ছাউনি থেকে ১৪ নভেম্বর ভারত-বিরোধী শক্তিকে হুঁশিয়ারি দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ক্ষমতায় আসার পর থেকে প্রতিবছর দীপাবলির দিনটি সেনাবাহিনীর সঙ্গে কাটান তিনি। এ বার জম্মুর পুঞ্চ ও কাশ্মীরে নিয়ন্ত্রণরেখার বিস্তীর্ণ অংশ জুড়ে পাক বাহিনীর সংঘর্ষবিরতি লঙ্ঘনে সেনা ও সাধারণ মানুষ মিলিয়ে ১১ জনের প্রাণহানির পর প্রধানমন্ত্রীর এমন বার্তা স্বাভাবিক ভাবেই অন্য মাত্রা পেয়েছে। '৭১-এর যুদ্ধের ভাবাবেগ ছুঁয়ে প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশে (তৎকালীন পূর্ব-পাকিস্তান) নিজেদের যুদ্ধাপরাধ, মানবাধিকার লঙ্ঘন ও জঘন্য কুকীর্তি লুকোতে ১৯৭১ সালের যুদ্ধ পশ্চিম সীমান্তেও শুরু করেছিল পাকিস্তান। কিন্তু ওদের মতো ওদের ছকও ভেস্তে গিয়েছিল।'

শি চিনফিং: ১৭ নভেম্বর ভিডিয়ো কনফারেন্সিংয়ে 'ব্রিকস'-ভুক্ত দেশগুলির ভার্চুয়াল সম্মেলনে ভারতকে করোনার টিকা নিয়ে সাহায্যের প্রতিশ্রুতি দিলেন চিনা প্রেসিডেন্ট শি চিনফিং। লাদাখ নিয়ে দু-পক্ষে সমস্যা না মিটলেও করোনা টিকা নিয়ে চিনা রাষ্ট্রপ্রধানের এই প্রস্তাব তাৎপর্যপূর্ণ। এ দিনের বৈঠকে চিনফিং বলেন, 'চিনা সংস্থাগুলি রাশিয়া ও ব্রাজিলের পার্টনারদের সঙ্গে নিয়ে টিকার তৃতীয় পর্বের ট্রায়াল চালাচ্ছে। ভারত ও দক্ষিণ আফ্রিকাকে সাহায্য করতেও প্রস্তুত।' তিনি আরও বলেন, 'প্রয়োজনে ব্রিকস-ভুক্ত দেশগুলিকে টিকা সরবরাহ করবে চিন।' মোদীও বলেন, 'কোভিডের পর ১৫টি দেশে ভারত ওষুধ পাঠিয়েছে। আমাদের টিকা উৎপাদনের ক্ষমতাও বিশ্বের কাজে লাগবে।' টিকা নিয়ে ব্রিকসভুক্ত দেশগুলিকে একজোট হওয়ার আহ্বান জানান রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তাঁর আবেদন, ভারত ও চিন চাইলে রাশিয়ার ভ্যাকসিন স্পুটনিক ভি উৎপাদন করতে পারে। ইতিমধ্যে স্পুটনিক নিয়ে হায়দরাবাদের ডক্টর রেড্ডিজ সংস্থা চুক্তি করেছে।

সোহেল মাহমুদ: জম্মু-কাশ্মীরের নাগরোটায় জঙ্গিদের নাশকতার ছক বানচাল করার পর তীব্র প্রতিক্রিয়া জানিয়ে ভারতে পাক হাইকমিশনার সোহেল মাহমুদকে ২১ নভেম্বর ডেকে পাঠাল নয়াদিল্লি। সীমান্ত সন্ত্রাস নিয়ে আশঙ্কা প্রকাশ করে ভারত দাবি জানিয়েছে, জঙ্গিদের মদত দেওয়া অবিলম্বে বন্ধ করুক ইসলামাবাদ। কেন্দ্রীয় গোয়েন্দা সূত্রও দাবি করেছে, নাগরোটায় নিহত ৪ জৈশ জঙ্গির কাছ থেকে উদ্ধার হওয়া মোবাইল, ওষুধ এবং জুতো থেকে স্পষ্ট যে তারা পাকিস্তানেরই। পাক কর্তৃপক্ষ অবশ্য সব অভিযোগ অস্বীকার করেছে।

ডোনাল্ড ট্রাম্প: মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন নিয়ে বিতর্কে অবশেষে ২৪ নভেম্বর হার মেনে নিলেন ডোনাল্ড ট্রাম্প। বাইডেন যাতে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব বুঝে নিতে পারেন, তার জন্য সম্মতি জানালেন তিনি। তবে ভোটচুরির অভিযোগ নিয়ে ট্রাম্প এখনও অনড়ই রয়েছেন। তিনি মনে করিয়ে দিয়েছেন, জোর করে ভোটে হারানোর বিরুদ্ধে লড়াই তিনি এখনও চালিয়ে যাবেন।

মমতা বন্দ্যোপাধ্যায়: ২৫ নভেম্বর সকলের জন্য স্বাস্থ্য পরিষেবা দেওয়ার লক্ষ্যে রাজ্যবাসীর জন্য স্বাস্থ্যসাথী প্রকল্পের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এ দিন নবান্নে মুখ্যমন্ত্রী জানান, এ বার থেকে চাইলে রাজ্যের প্রতিটি মানুষই স্বাস্থ্যসাথী প্রকল্পে নিজেকে অন্তর্ভুক্ত করতে পারবেন। রাজ্যের আসন্ন বিধানসভা ভোটের আগে মুখ্যমন্ত্রীর এই ঘোষণাকে ভোটের দিকে তাকিয়েই করা বলে মনে করছে রাজনৈতিক মহলের একাংশ।

রাফায়েল নাদাল: ৫ নভেম্বর টেনিস দুনিয়ায় এটিপি ট্যুরে এক হাজার ম্যাচ জেতার দুর্দান্ত কীর্তি গড়লেন রাফায়েল নাদাল। সদ্য ২০টি গ্র্যান্ড স্লাম জেতার নজির গড়েছেন তিনি। প্যারিস মাস্টার্সে দ্বিতীয় রাউন্ডে ওঠার সঙ্গে সঙ্গে এই কৃতিত্বে পৌঁছে যান নাদাল। টেনিস দুনিয়ায় মাত্র চতুর্থ প্লেয়ার হিসেবে ১০০০ ম্যাচ জেতার গণ্ডি পেরোলেন স্প্যানিশ তারকা। প্রথম এই নজির গড়েছিলেন জিমি কোনর্স। তিনি ১২৭৪টি ম্যাচ জিতেছিলেন। তারপরেই রজার ফেডেরার। যিনি এখন দাঁড়িয়ে ১২৪২ ম্যাচ জিতে। ১০৬৮ ম্যাচ জিতে তিন নম্বরে আছেন প্রাক্তন তারকা ইভান লেন্ডল।

অর্ণব গোস্বামী: রিপাবলিক টিভির প্রধান সম্পাদক অর্ণব গোস্বামীকে ৪ নভেম্বর গ্রেপ্তার করা হল। ৫৩ বছর

বয়সি এক ইন্টিরিয়র ডিজাইনার ও তাঁর মাকে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। এ দিন সকালে অর্ণবকে মুম্বইয়ের বাড়ি থেকে গ্রেপ্তার করে রায়গড় পুলিশের লোকাল ক্রাইম ব্রাঞ্চ। আদালতে পুলিশ জানায়, অর্ণব প্রভাবশালী, তাঁকে জেরা করে অনুসন্ধান করা প্রয়োজন। ১৪ দিনের জেল হেফাজত হয়েছে অর্ণবের। বিজেপি অবশ্য অর্ণব গোস্বামীর গ্রেপ্তারিতে ক্ষোভ প্রকাশ করেছে। মহারাষ্ট্রে সংবাদমাধ্যমের স্বাধীনতা খর্ব করার চেষ্টা করা হচ্ছে বলে অভিযোগ তুলে সরব হয়েছেন শীর্ষস্থানীয় কেন্দ্রীয় মন্ত্রীরা। গ্রেপ্তারির আটদিন পর অন্তর্বর্তী জামিন পেলেন অর্ণব গোস্বামী।

নুয়ান জয়সা: ১৯ নভেম্বর ম্যাচ গড়াপেটার অভিযোগ প্রমাণ হল শ্রীলঙ্কার প্রাক্তন ক্রিকেটার নুয়ান জয়সার বিরুদ্ধে। দু'বছর আগে তাঁর বিরুদ্ধে ম্যাচ গড়াপেটার অভিযোগ উঠেছিল। আইসিসির দুর্নীতি দমন বিধির তিন ধারায় দোষী সাব্যস্ত করা হয়েছে জয়সাকে। আরব আমিরশাহিতে এক টুর্নামেন্টে গড়াপেটার অভিযোগ উঠেছিল জয়সার বিরুদ্ধে। তখন তিনি বোলিং কোচের দায়িত্বে ছিলেন। অভিযোগ ওঠার পরই তাঁকে নির্বাসিত করা হয়।

নি য়ো গ / নি র্বা চি ত প দ ত্যা গ / ব র খা স্ত

প্রিয়াঙ্কা রাধাকৃষ্ণন ও নানাইয়া মাহুতা: ২ নভেম্বর নিউ জিল্যান্ডের রাজনীতিতে নজির গড়লেন দুই মহিলা রাজনীতিক। ভারতীয় বংশোদ্ভূত প্রিয়াঙ্কা রাধাকৃষ্ণন মন্ত্রী মনোনীত হয়েছেন নিউ জিল্যান্ডের বর্তমান সরকারে। সে দেশের প্রধানমন্ত্রী জেসিন্দা আর্ডার্ন এ দিন তাঁকে নিয়োগ করেছেন। প্রিয়াঙ্কার পাশাপাশি ইতিহাসে নাম তুলেছেন সে দেশের উপজাতি মাওরি সম্প্রদায়ের প্রতিনিধি নানাইয়া মাহুতা। তিনি হয়েছেন নিউ জিল্যান্ডের নতুন বিদেশমন্ত্রী। এই প্রথম কোনও উপজাতি মহিলা সে দেশে মন্ত্রিত্ব পেলেন।

সৌরভ চট্টোপাধ্যায়: পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের ভাইস চেয়ারম্যান হচ্ছেন সৌরভ চট্টোপাধ্যায়। তিনি প্রয়াত বাম নেতা তথা লোকসভার প্রাক্তন অধ্যক্ষ সোমনাথ চট্টোপাধ্যায়ের নাতি। সৌরভ একটি আন্তর্জাতিক উপদেষ্টা সংস্থার প্রাক্তন কর্তা। ৩ নভেম্বর এই খবর জানানো হয়।

জো বাইডেন ও কমলা হ্যারিস: ৭ নভেম্বর পাঁচদিন ধরে ভোট গণনার পর আমেরিকায় ভোটে জিতলেন ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন। দেশের ৪৬তম প্রেসিডেন্ট হচ্ছেন তিনি। ৭৭ বছর বয়সে মার্কিন ইতিহাসের প্রবীণতম প্রেসিডেন্ট হলেন বাইডেনই। এছাড়া ইতিহাস গড়ে প্রথম ভারতীয় বংশোদ্ভূত হিসেবে ভাইস প্রেসিডেন্ট হলেন কমলা হ্যারিস। এই পদে তিনিই প্রথম মহিলা। ১৯২০ সালে মার্কিন মহিলারা প্রথম ভোটাধিকার পেয়েছিলেন। তার ঠিক ১০০ বছরের মাথায় ভাইস প্রেসিডেন্ট পদে নির্বাচিত হলেন কমলা।

বিদিশা মৈত্র: ৭ নভেম্বর রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভার শাখা সংগঠন, 'অ্যাডমিনি-স্ট্রেটিভ অ্যান্ড বাজেটারি কোয়েশ্চেন্স'-এর অ্যাডভাইজরি কমিটিতে নির্বাচিত হলেন ভারতের কূটনীতিক বিদিশা মৈত্র। ভারতের স্থায়ী মিশনের ফার্স্ট সেক্রেটারি বিদিশা এশিয়া-প্যাসিফিক স্টেটসের ১৯৩ জন সদস্যের মধ্যে ১২৬ জনের ভোট পেয়েছেন।

বাবর আজম ও আলিয়া জাফর: ১০ নভেম্বর পাকিস্তানের নতুন টেস্ট অধিনায়ক হলেন বাবর আজম। নিউজিল্যান্ডের বিরুদ্ধে পরের টেস্ট সিরিজে আজহার আলিকে সরিয়ে তাঁর জায়গায় নতুন নেতা হিসেবে নিয়ে আসা হল বাবরকে। অন্যদিকে, আলিয়া জাফর পাকিস্তান ক্রিকেট বোর্ডের ডিরেক্টর হলেন। এই প্রথম পাক ক্রিকেট বোর্ডে কোনও মহিলাকে ডিরেক্টর হিসেবে নিয়োগ করা হল।

নীতীশ কুমার, তারকেশ্বর প্রসাদ ও রেণু দেবী: বিহারে এনডিএ ক্ষমতায় ফেরার পর ১৬ নভেম্বর সপ্তমবার মুখ্যমন্ত্রী পদে শপথ নিলেন নীতীশ কুমার। বিজেপি থেকে দু'জন— তারকেশ্বর প্রসাদ এবং রেণু দেবী উপ-মুখ্যমন্ত্রী পদে শপথ নিয়েছেন। পাটনায় অমিত শাহ এবং জে পি নাড্ডার উপস্থিতিতে শপথগ্রহণ অনুষ্ঠান সম্পন্ন হয়।

মেওয়ালাল চৌধুরি: ১৯ নভেম্বর বিহারের শিক্ষামন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার দেড়ঘণ্টার মধ্যেই পদত্যাগ করলেন মেওয়ালাল চৌধুরি। শপথ নেওয়ার পর থেকেই অতীতে তাঁর বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগ সামনে এনে সরব হয়েছিল আরজেডি, কংগ্রেস। তার ফলেই ইস্তফা মেওয়ালালের।

লর্ড মেঘনাদ দেশাই: ২০ নভেম্বর ব্রিটেন লেবার পার্টির সাধারণ সদস্য পদ থেকে ইস্তফা দিলেন ভারতীয় বংশোদ্ভূত বর্ষীয়ান নেতা লর্ড মেঘনাদ দেশাই। ৪৯ বছর ধরে নেতৃত্বে থেকে এই সিদ্ধান্ত কেন নিলেন তার জবাবে দেশাই জানিয়েছেন, জাতিবিদ্বেষ মোকাবিলায় ব্যর্থ হয়েছে লেবার নেতৃত্ব। হাউস অব কমন্সে দলের হুইপ অমান্য করার পরেও জেমস করবিনকে যে ভাবে মাত্র ১৯ দিন সাসপেনশনের পরে ফিরিয়ে নেওয়া হয়েছে, তা মানা যায় না।

শুভেন্দু অধিকারী: ২৭ নভেম্বর রাজ্য মন্ত্রিসভা থেকে ইস্তফা দিলেন শুভেন্দু অধিকারী। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে নিজের পদত্যাগপত্র পাঠিয়ে দেন পরিবহণমন্ত্রী। শুভেন্দুর পদত্যাগপত্র গ্রহণও করেছেন মুখ্যমন্ত্রী। তবে রাজ্য মন্ত্রিসভা থেকে ইস্তফা দিলেও বিধায়ক পদ থেকে ইস্তফা দেননি তিনি।

পু র স্কা র / স ম্মা ন

বুকার পুরস্কার

প্রথম উপন্যাসেই 'বুকার' পুরস্কার জিতে নিলেন ব্রিটিশ লেখক ডগলাস স্টুয়ার্ট। আশির দশকের পটভূমিকায় একটি শ্রমিক পরিবারের বেঁচে থাকার কথা নিয়েই লেখা তাঁর উপন্যাস 'শগি বেন'-এর জন্য পুরস্কার পেলেন স্টুয়ার্ট। ২০ নভেম্বর এক অনুষ্ঠানে ছিলেন আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামা, আগে বুকারজয়ী কাজুয়ো ইশিগুরো, মার্গারেট অ্যাটউড এবং বার্নাডিন এভারিস্টো।

প্র য়া ণ

আবু আয়েশ মণ্ডল: ৬ নভেম্বর পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশনের চেয়ারম্যান আবু আয়েশ মণ্ডল (৭৬) প্রয়াত হলেন। তিনি পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের চেয়ারম্যানের দায়িত্বও পালন করেছেন। দীর্ঘ দিন মন্তেশ্বরের বিধায়ক এবং কাটোয়ার সাংসদও ছিলেন।

আব্দুল রশিদ জুনিয়র: ৭ নভেম্বর পাকিস্তানের কিংবদন্তি হকি তারকা আব্দুল রশিদ জুনিয়র (৭৯) প্রয়াত হলেন। পাকিস্তানের হকির স্বর্ণযুগের অন্যতম সদস্য ছিলেন তিনি। ১৯৬৮ সালের সোনাজয়ী এবং ১৯৭২ সালের রুপোজয়ী পাকিস্তান দলের সর্বোচ্চ স্কোরার ছিলেন রশিদ জুনিয়র।

সত্যজিৎ ঘোষ: ৯ নভেম্বর মোহনবাগানের প্রাক্তন ডিফেন্ডার সত্যজিৎ ঘোষ (৬২) প্রয়াত হলেন। আচমকাই হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান তিনি। ১৯৮২ সালে মোহনবাগানে ডাক পান তিনি। টানা পাঁচবছর প্রথম একাদশে নিয়মিত খেলেছেন। ১৯৮৫ সালে নেহরু কাপে ভারতীয় দলে ছিলেন। ১৯৯২ সাল পর্যন্ত মোহনবাগানেই খেলেছিলেন তিনি।

গ্রাহাম কাউড্রে: ১১ নভেম্বর মাত্র ৫৬ বছর বয়সেই প্রয়াত হলেন ক্রিকেটার গ্রাহাম কাউড্রে। ইংল্যান্ডের কিংবদন্তি ক্রিকেটার কলিন কাউড্রের পুত্র গ্রাহাম দেশের হয়ে না খেললেও ঘরোয়া ক্রিকেটে তারকা ছিলেন। প্রথম শ্রেণির ক্রিকেটে ১৭৯ ম্যাচে তাঁর রান ৮,৮৫৮। খেলা ছাড়ার পর ইংল্যান্ডের ম্যাচ রেফারির দায়িত্বও সামলেছেন গ্রাহাম কাউড্রে।

সৌমিত্র চট্টোপাধ্যায়: ১৫ নভেম্বর বাংলা সিনেমাজগতের প্রবাদপ্রতিম মহাতারকা সৌমিত্র চট্টোপাধ্যায় (৮৫) প্রয়াত হলেন। কোভিডে আক্রান্ত হওয়ার পর হাসপাতালে ৪০ দিনের লড়াই শেষে থেমে গেল তাঁর কর্মময় পথচলা। কোভিড মুক্ত হলেও একাধিক কো-মর্বিডিটি তাঁর শারীরিক অবস্থাকে জটিল করে দেয়। তার জেরে সময়ের সঙ্গে সঙ্গে পরিস্থিতির অবনতি হতে শুরু হয় তাঁর। অভিনেতা-নাট্যকার-বাচিকশিল্পী-কবি-চিত্রকর সবমিলিয়ে এক বহুমুখী প্রতিভা সৌমিত্র চট্টোপাধ্যায়ের প্রয়াণের সঙ্গে সঙ্গে শুধু বাংলা সিনেমার একটি যুগের অবসানই হল না, বাংলা সংস্কৃতির পরিমণ্ডলটাই আরও সঙ্কুচিত হয়ে গেল।

জগমোহন সিং: প্রাক্তন অলিম্পিয়ান জগমোহন সিং (৮৮) ১৭ নভেম্বর প্রয়াত হলেন। ১৯৬০ সালে রোম অলিম্পিকে তিনি

ভারতীয় দলের হার্ডলার ছিলেন। পরে কোচ হয়ে দেশে অ্যাথলেটিক্স কোচিং পদ্ধতির আমূল বদল ঘটান। পাতিয়ালাকে অত্যাধুনিক ট্রেনিং সেন্টার করার পিছনে তাঁর অনেক অবদান ছিল। *

অলোকরঞ্জন দাশগুপ্ত: ১৮ নভেম্বর প্রখ্যাত কবি ও অধ্যাপক অলোকরঞ্জন দাশগুপ্ত (৮৭) জার্মানির হাইডেলবার্গে প্রয়াত হলেন। ১৯৫৭ সালে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক সাহিত্য বিভাগের অধ্যাপনায় যোগ দেন। পরে গবেষণা ও অধ্যাপনার কাজ নিয়ে জার্মানিতে যান। ১৯৭১ সাল থেকে ঐতিহ্যশালী হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের ভারততত্ত্ব বিভাগের বাংলা ভাষার অধ্যাপনার কাজে যুক্ত ছিলেন দীর্ঘ চার দশক। তবে শুধু বাংলা ভাষা ও সাহিত্যের গণ্ডিতেই নয় ভারত-জার্মান দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রেও তাঁর ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাঁর কাজের স্বীকৃতি হিসেবে ১৯৮৫ সালে পেয়েছেন জার্মানির সর্বোচ্চ গ্যয়েটে পুরস্কার। তাঁর সাহিত্যরচনার স্বীকৃতি স্বরূপ পেয়েছেন সাহিত্য আকাদেমি পুরস্কার, রবীন্দ্র পুরস্কার, আনন্দ পুরস্কার-সহ আরও অসংখ্য পুরস্কার।

প্রব্রাজিকা বেদান্তপ্রাণা: দক্ষিণেশ্বরের শ্রী সারদা মঠের প্রবীণ সন্ন্যাসিনী তথা নিবোধত পত্রিকার সম্পাদক প্রব্রাজিকা বেদান্তপ্রাণা (৭৭) ২০ নভেম্বর প্রয়াত হলেন। বিভিন্ন সময়ে প্রব্রাজিকা বেদান্তপ্রাণা নিবেদিতা স্কুল, বিবেকানন্দ বিদ্যাভবন, দিল্লির রামকৃষ্ণ সারদা মিশন কেন্দ্রে কর্মরত ছিলেন। ১৯৮৭ সালে যখন থেকে মঠের প্রথম বাংলা মুখপত্র নিবোধত প্রকাশিত হয় সেইসময় থেকে শেষ দিন পর্যন্ত তিনি ওই পত্রিকার সম্পাদক ছিলেন।

তরুণ গগৈ: ২৩ নভেম্বর অসমের প্রাক্তন মুখ্যমন্ত্রী তরুণ গগৈ (৮৫) প্রয়াত হলেন। কোভিড পরবর্তী অসুস্থতায় মৃত্যু হল তাঁর। দু'মাস হাসপাতালে চিকিৎসার পর কোভিডমুক্ত হলেও ২ নভেম্বর ফের অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হন কংগ্রেসের এই বর্ষীয়ান নেতা। টানা ১৫ বছর অসমের মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন তিনি।

বিচারপতি অমিতাভ লালা: ২৩ নভেম্বর কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি অমিতাভ লালা (৭০) প্রয়াত হলেন। করোনামুক্ত হয়েও অন্য সংক্রমণের শিকার হয়ে এক বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি। কলকাতা হাইকোর্টের বিচারপতি থাকাকালীন তিনিই প্রথম রাস্তা আটকে মিছিল-মিটিং করার বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত হয়ে মামলা দায়ের করার নির্দেশ দিয়েছিলেন। যা নিয়ে তৎকালীন সিপিএম নেতাদের রোষের মুখে পড়তে হয় তাঁকে। পরে এলাহাবাদ হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসেবেও কাজ করেছেন লালা।

দিয়েগো মারাদোনা: ২৫ নভেম্বর মাত্র ৬০ বছর বয়সে অকাল প্রয়াণ ঘটল বিশ্ব ফুটবলের রাজপুত্র দিয়েগো মারাদোনার। ক'দিন আগেই তাঁর মস্তিষ্কে অস্ত্রোপচার হয়েছিল। তারপর রিহ্যাব শেষে থাকছিলেন বুয়েনস আইরেসের প্রাণকেন্দ্র থেকে ২৮ কিলোমিটার দূরে তিগ্রে শহরে। সেখানেই হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয় তাঁর। গোটা বিশ্বজুড়ে হাহাকার ছড়িয়ে পড়ে। আর্জেন্টিনার প্রেসিডেন্ট তিনদিনের জাতীয় শোক ঘোষণা করেন। ছিয়াশির মেক্সিকো বিশ্বকাপ একার কৃতিত্বে দেশবাসীর হাতে তুলে দেওয়ার পর গোটা বিশ্বেই মারাদোনা হয়ে যান স্বপ্নের চরিত্র।

আহমেদ প্যাটেল: ২৫ নভেম্বর কোভিড পরবর্তী শারীরিক জটিলতায় প্রয়াত হলেন বিশিষ্ট কংগ্রেস নেতা আহমেদ প্যাটেল (৭১)। ৩ বার লোকসভা এবং ৫ বার রাজ্যসভার সাংসদ আহমেদ প্যাটেল রাজীব গান্ধীর প্রধানমন্ত্রীত্বের শুরু থেকেই ছিলেন তাঁর রাজনৈতিক উপদেষ্টা। দীর্ঘদিন সনিয়া গান্ধীর রাজনৈতিক সচিবও ছিলেন। কংগ্রেসের কোষাধ্যক্ষও হয়েছিলেন।

পাপা বোর্বা দিওপ: ২৯ নভেম্বর মাত্র ৪২ বছরেই প্রয়াত হলেন সেনেগালের প্রাক্তন তারকা ফুটবলার পাপা বোর্বা দিওপ। ২০০২ সালে বিশ্বচ্যাম্পিয়ন ফ্রান্সকে বিশ্বকাপের প্রথম ম্যাচেই হারিয়ে দেয় সেনেগাল। সেই ম্যাচের একমাত্র গোলটি করেন পাপা। দীর্ঘদিন ধরেই স্নায়ুজনিত অসুখে ভুগছিলেন পাপা। দেশের হয়ে ৬৩ ম্যাচে ১১টি গোল করেছেন সেনেগালের এই মিডফিল্ডার।

গু রু ত্ব পূ র্ণ স্থা ন

কাবুল: ২ নভেম্বর কাবুল বিশ্ববিদ্যালয়ে বইমেলা চলাকালীন বিশ্ববিদ্যালয় চত্বরে ঢুকে এলোপাথাড়ি গুলি চালাল তিন জঙ্গি। এই হামলায় অন্তত ২২ জন প্রাণ হারিয়েছেন। আরও ২২ জন গুরুতর জখম অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। হতাহতদের অধিকাংশই পড়ুয়া। নিরাপত্তাবাহিনীর পাল্টা গুলিতে তিন সন্ত্রাসবাদীরও মৃত্যু হয়েছে। হামলার দায় স্বীকার করেছে জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট (আই এস)।

পশ্চিমবঙ্গ: ৯ নভেম্বর বাজি বন্ধে কলকাতা হাইকোর্টের নির্দেশের পর এ বার করোনাকালে বাজি বন্ধে নির্দেশ দিল জাতীয় পরিবেশ আদালত। ৩০ নভেম্বর পর্যন্ত দিল্লিতে সবরকম বাজি বিক্রি ও ব্যবহার বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া দেশের যে যে শহরে গত নভেম্বরে বাতাসের দূষণসূচক খারাপ ছিল, সেখানেও বাজি বিক্রি ও ব্যবহার করা যাবে না। সেই তালিকায় কলকাতা, হাওড়া, আসানসোলের মতো শহরও রয়েছে।

মোজাম্বিক: ১০ নভেম্বর মোজাম্বিকে একসঙ্গে ৫০ জনের শিরশ্ছেদ করল আই এস জঙ্গিরা। নৃশংস এই ঘটনাটি ঘটেছে মোজাম্বিকের উত্তরপ্রান্তের প্রদেশ কাবো ডেলগাডোতে। সংবাদ মাধ্যম সূত্রে খবর, কাবোর নাজারা গ্রামে আচমকাই হামলা চালায় আইএস জঙ্গিরা। গ্রামবাসীরা জঙ্গিদের দলে যোগ দিতে অস্বীকার করাই এই হামলার মূল কারণ, এমনটাই জানাচ্ছে পুলিশ।

আফগানিস্তান: আফগানিস্তান থেকে মার্কিন সেনা প্রত্যাহার সংক্রান্ত চুক্তি মেনে চলার জন্য মার্কিন প্রেসিডেন্ট ইলেক্ট জো বাইডেনকে ১০ নভেম্বর আবেদন জানাল তালিবান। তারা এ সংক্রান্ত একটি লিখিত বিবৃতি প্রকাশ করেছে। এতে আফগানিস্তানে স্থিতাবস্থা যেমন বজায় থাকবে, তেমনই রক্তপাতও কমবে বলে আশাপ্রকাশ করা হয়েছে। গত ১৯ ফেব্রুয়ারি দোহায় তালিবান ও আমেরিকার মধ্যে একটি চুক্তি সই হয়। তাতে ঠিক হয়, ২০২১ সালের মধ্যে আফগানিস্তান থেকে সরে যাবে মার্কিন ও ন্যাটো সেনা।

নিউইয়র্ক: ৯ নভেম্বর কোভিড ভ্যাকসিনে বিরাট সাফল্য দাবি করল মার্কিন ওষুধ প্রস্তুতকারক সংস্থা ফাইজার। তাদের তৈরি ভ্যাকসিন ৯০ শতাংশেরও বেশি ক্ষেত্রে করোনা-প্রতিরোধী বলে দাবি করেছে ওই সংস্থা। যা আশা করা গিয়েছিল, তার চেয়েও ভালো খবর পাওয়ায় সারা বিশ্বজুড়েই বিশেষজ্ঞরা সন্তোষ প্রকাশ করেছেন। ফাইজারের টিকার তৃতীয় দফার ট্রায়ালের এই ফলকে 'আশাপ্রদ' বলে মন্তব্য করেছেন হু-এর মহাসচিব টেড্রস অ্যাডানম ঘেব্রিয়েসাসও। ফাইজার জানিয়েছে চলতি বছরেই ভ্যাকসিনের পাঁচ কোটি ডোজ তৈরি করা সম্ভব। খুব শীঘ্রই মার্কিন নিয়ামক সংস্থা এফডিএ-র কাছে জরুরি ভিত্তিতে টিকার প্রয়োগের ছাড়পত্র চাইবে তারা।

রাশিয়া: ১১ নভেম্বর রাশিয়ার স্পুটনিক 'ভি' টিকা প্রস্তুতকারী গামালেয়া ইনস্টিটিউট দাবি করল স্পুটনিক ৯২ শতাংশ ক্ষেত্রে করোনা প্রতিরোধী। উল্লেখ্য, বিশ্বের প্রথম টিকা হিসেবে স্পুটনিক 'ভি'-কে নথিবদ্ধ করেছে রাশিয়া। কয়েকদিন আগেই অবশ্য মার্কিন সংস্থা ফাইজার জানিয়েছে, তাদের টিকার কার্যকারিতা

ভারত: ৭ নভেম্বর সফলভাবে মহাকাশে পাড়ি দিল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর উপগ্রহ ইওএস-০১। করোনা মহামারী আসার পর এই প্রথম কোনও উপগ্রহ মহাকাশে পাঠাল ইসরো। পিএসএলভি রকেটটিতে মোট ১০টি উপগ্রহ মহাকাশে পাঠানো হয়েছে। সবকটি উপগ্রহকেই লো আর্থ অরবিটে প্রতিস্থাপন করা গিয়েছে বলে ইসরো সূত্রে জানানো হয়েছে।

ব্রিটেন: ফাইজার, মডার্না, স্পুটনিকের পর ২৩ নভেম্বর করোনা প্রতিরোধে সাফল্যের কথা জানাল অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার ভ্যাকসিনও। ব্রিটেনের ট্রায়ালে ৯০ শতাংশ ক্ষেত্রে কার্যকরী হয়েছে, ব্রাজিলে ৬২ শতাংশ। সবমিলিয়ে এফিকেসি রেট ৭০ শতাংশ বলে জানিয়েছে অ্যাস্ট্রাজেনেকা। করোনার বিরুদ্ধে আগের তিনটি টিকার কার্যকারিতার হার ৯২ থেকে ৯৫ শতাংশের মধ্যে হলেও, অক্সফোর্ডের ভ্যাকসিনের কার্যকারিতা নিয়ে আশাবাদী বিশেষজ্ঞরা। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) ও মার্কিন নিয়ামক সংস্থা এফডিএ-র নির্ধারিত হারের (৫০%-৬০%) চেয়েও ভালো ফল পাওয়া গিয়েছে অক্সফোর্ড টিকায়। এর দাম তুলনায় কম, সংরক্ষণও করা যায় সাধারণ রেফ্রিজারেটরেই। আগামী বছরের মধ্যেই এই টিকার ৩০০ কোটি ডোজ পাওয়ারও সম্ভাবনা রয়েছে। ফলে উন্নয়নশীল ও দরিদ্র দেশগুলির জন্য এই টিকাই হতে পারে সর্বোত্তম।

৯০ শতাংশের বেশি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) বা মার্কিন ড্রাগ নিয়ন্ত্রণ সংস্থা এফডিএ অবশ্য আগেই জানিয়ে রেখেছে করোনা টিকার কার্যক্ষমতা ৫০-৬০ শতাংশ হলে ছাড়পত্র দেওয়া হবে। সেই নিরিখে বিশেষজ্ঞদের মধ্যে দু'টি টিকাই আশার সঞ্চার করেছে।

কাশ্মীর: ১৩ নভেম্বর পাকিস্তান সংঘর্ষ বিরতি ভেঙে গোলা-গুলি চালানোয় কাশ্মীরে বাঙালি জওয়ান-সহ ৫ ভারতীয় ফৌজি নিহত হলেন। পাকিস্তানের গোলাগুলিতে প্রাণ গেছে সাত বছরের এক বালক-সহ ছয় নাগরিকের। শহিদ হয়েছেন চার সেনা ও এক আধাসেনা। পাক সূত্রে জানানো হয়েছে পাকিস্তানেও মৃত্যু হয়েছে চার নাগরিক, এক সেনার। ভারতের দাবি, ৮ জন পাক সেনা নিহত হয়েছে। সাম্প্রতিককালে দু'দেশের সংঘর্ষে একদিনে এতজনের মৃত্যু এই প্রথম। নিয়ন্ত্রণরেখা লাগোয়া এক বা দুই সেক্টর নয়, জম্মুর পুঞ্চ থেকে উত্তর কাশ্মীরের উরি, কেরান, গুরেজ, নওগাম-সহ অন্তত দশ জায়গায় পাকিস্তানের বিরুদ্ধে অস্ত্র-বিরতি লঙ্ঘনের অভিযোগ এনেছে ভারত।

দুবাই: ১০ নভেম্বর দুবাইয়ে আয়োজিত এ বারের আইপিএল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হল মুম্বই ইন্ডিয়ানস। ফাইনাল ম্যাচে দিল্লি প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৭ উইকেটে ১৫৬ রান করে। জবাবে ১৮.৪ ওভারে মুম্বই ১৫৭ রানে পৌঁছে যায়। এই নিয়ে পাঁচ বার আইপিএল জিতল মুম্বই। আগের চারবার ২০১৩, ২০১৫, ২০১৭, ২০১৯। মুম্বইয়ের অধিনায়ক রোহিত শর্মা আইপিএলে ২০০তম ম্যাচ খেলে ফেললেন। এর আগে এই রেকর্ড করেছেন ধোনি (২০৪)। এ বছর আইপিএলে সবচেয়ে বেশি রান করেছেন লোকেশ রাহুল (৬৭০)। সবচেয়ে বেশি উইকেট দিল্লির কাগিসো রাবাডার (৩০)।

নাগরোটা: ১৯ নভেম্বর জম্মুর নাগরোটা জেলায় নিরাপত্তাবাহিনীর সঙ্গে গুলির লড়াইয়ে নিহত হল চার জৈশ-ই-মহম্মদ জঙ্গি। এ দিন ভোরে জম্মু ও শ্রীনগর জাতীয় সড়কের উপর নাগ্রোটার টোল প্লাজা এলাকায় এই সংঘর্ষ হয়। আহত হয়েছেন এক কনস্টেবলও।

ভুটান: ভুটান থেকে ভারতে আসা পড়ুয়া, তীর্থযাত্রী, পর্যটক, চিকিৎসাপ্রার্থীরা যাতে এ দেশের এটিএম ও পিওএস মেশিনে রুপে কার্ড ব্যবহার করতে পারেন, ২০ নভেম্বর এক ভিডিয়ো অনুষ্ঠানে সেই প্রকল্পের উদ্বোধন করলেন দু'দেশের প্রধানমন্ত্রী। গতবছর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভুটান সফরের সময়ই ভুটানের মাটিতে ভারতীয়দের 'রুপে' কার্ড ব্যবহারের বন্দোবস্ত হয়েছিল। এ দিন দু'দেশের দীর্ঘ বন্ধুত্বের কথা মনে করিয়ে দিয়ে মোদী বলেছেন, আগামী বছরে ভুটানের কৃত্রিম উপগ্রহকে মহাকাশে পৌঁছে দেবে ইসরো। ভুটানে দ্রুতগতির ইন্টারনেট পরিষেবা নিশ্চিত করার কাজ চালাচ্ছে বিএসএনএল। এই পড়শি দেশে তথ্যপ্রযুক্তি শিল্পের কেন্দ্র তৈরির পরিকল্পনাও ভারতের রয়েছে বলে প্রধানমন্ত্রীর দাবি।

সৌদি আরব: সৌদি আরবের ২০ রিয়ালের নতুন ব্যাঙ্কনোটে জম্মু-কাশ্মীর এবং লাদাখকে ভারতের মানচিত্রের বাইরে দেখানোয় ভারতের আপত্তিতে সেই নোট প্রত্যাহার করে নিল সৌদি প্রশাসন। নতুন করে নোট ছাপা বন্ধের নির্দেশ দেওয়ার পাশাপাশি আগে যে সব নোট ছাপা হয়েছিল ২০ নভেম্বর তা ফিরিয়ে নেওয়ার কথা জানিয়েছে সৌদি প্রশাসন।

ডোকলাম: ভারত, ভুটান ও চিন সীমান্ত সংলগ্ন ডোকলাম এলাকায় চিনা সৈনিকদের সক্রিয়তা বেড়েছে বলে দাবি করে ২২ নভেম্বর উপগ্রহ চিত্র প্রকাশ করল একটি সর্বভারতীয় সংবাদ মাধ্যম। ছবিতে দেখা গিয়েছে, ডোকলাম মালভূমির পূর্বদিকের ধার বরাবর ভুটানের জমিতে প্রায় দু'কিলোমিটারের ভিতরে একটি গ্রাম তৈরি করেছে চিনা সেনারা। শুধু তাই নয় ওই এলাকায় প্রায় ৯ কিলোমিটার একটি রাস্তাও তৈরি করেছে চিন যার অভিমুখ ভারতীয় ভূখণ্ডের দিকে।

পূর্ব লাদাখ: ২৮ নভেম্বর পূর্ব লাদাখের প্যাংগং লেকে মেরিন কম্যান্ডো (মার্কোস) মোতায়েনের সিদ্ধান্ত নিল ভারতীয় নৌবাহিনী। লাদাখে ভারত-চিনের সংঘর্ষ পরিস্থিতি এখনও স্বাভাবিক হয়নি। দুই পক্ষই শান্তি আলোচনার মাধ্যমে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করলেও দু'দেশের সেনা লাদাখে যথেষ্ট পরিমাণে জওয়ান মোতায়েন রেখেছে। প্রবল শীতে লাদাখে সেনা মোতায়েন রাখতে ট্রেনিংও দেওয়া হচ্ছে সেনাবাহিনীর সদস্যদের। নৌবাহিনীর কম্যান্ডাররাও যাতে সেই পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নিতে পারেন, তা নিশ্চিত করতেই এই মার্কোস মোতায়েনের সিদ্ধান্ত।

তামিলনাড়ু-পুদুচেরি: অতি তীব্র ঘূর্ণিঝড় নিভার ২৫ নভেম্বর গভীর রাতে তামিলনাড়ু-পুদুচেরি উপকূলে আছড়ে পড়ল। বাতাসের সর্বোচ্চ গতিবেগ ছিল ১৪৫ কিলোমিটারের কাছাকাছি। সঙ্গে ছিল প্রবল বৃষ্টি। এক লাখেরও বেশি মানুষকে নিরাপদ এলাকায় সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। শুধু চেন্নাইতেই ১৫০টিরও বেশি ত্রাণ শিবির খোলা হয়েছে।

আমেরিকা: ৩০ নভেম্বর মার্কিন সংস্থা মডার্না তৃতীয় দফার সম্পূর্ণ ট্রায়াল শেষে জানিয়ে দিল তাদের টিকার কার্যকারিতার হার ৯৪.১%। এ দিনই জরুরি ভিত্তিতে টিকা দেওয়ার জন্য মার্কিন নিয়ামক সংস্থা এফডিএ-র কাছে আবেদন জানিয়েছে মডার্না। অন্য মার্কিন সংস্থা ফাইজারও ইতিমধ্যেই আবেদন জানিয়েছে। আমেরিকার একাধিক মহলের দাবি ডিসেম্বরের মাঝামাঝি থেকেই আমেরিকায় টিকাকরণ শুরু হয়ে যাবে। প্রথমে টিকা দেওয়া হবে স্বাস্থ্যকর্মী ও বয়স্কদের। মডার্না জানিয়েছে, তাদের টিকা বয়স, জাতি, লিঙ্গভেদেও সাফল্য দেখিয়েছে।

গুরুত্বপূর্ণ তারিখ

৯ জানুয়ারি: অনাবাসী ভারতীয় দিবস।
১০ জানুয়ারি: বিশ্ব হাস্য দিবস।
১২ জানুয়ারি: জাতীয় যুব দিবস।
১৫ জানুয়ারি: সেনা দিবস।
২৩ জানুয়ারি: দেশপ্রেম দিবস।
২৬ জানুয়ারি: প্রজাতন্ত্র দিবস।
৩০ জানুয়ারি: শহিদ দিবস, বিশ্ব কুষ্ঠ নিবারণ দিবস।

গ্রন্থ ও গ্রন্থকার

I Am No Messiah *by* Sonu Sood.
Jungle Nama: A Story of the Sundarban *by* Amitav Ghosh.
The Last Queen *by* Chitra Banerjee Divakaruni.
Yes Man: The Untold Story of Rana Kapoor *by* Pavan C. Lall.
Open Embrace *by* Varghese K. George.
The Dharma Forest *by* Keerthik Sasidharan.
Khaki in Dust Storm *by* Amod K Kanth.
Skyfall *by* Saba Karim Khan.
A Physics of Possibilities *by* Paul Levy.
Ageless *by* Andrew Steele.

সংখ্যাতত্ত্ব

৮৮৪৮.৮৬

—মিটার। মাউন্ট এভারেস্টের বর্তমান উচ্চতা। সম্প্রতি নেপালের তরফে এই উচ্চতা মাপা হয়। নেপাল এবং চিন যৌথ ভাবে জানিয়েছে, গত বছরের তুলনায় এ বছর এভারেস্টের উচ্চতা ০.৮৬ সেমি বেড়েছে।

২১

—শতাংশ। ভারতে কার্বন নির্গমণের পরিমাণ ২০০৫-এর তুলনায় যতটা কমেছে বলে জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ১২ ডিসেম্বর ক্লাইমেট অ্যাম্বিশন সামিটে এই মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

৫৫০

—টি। ৯৪ বছরের পুরনো লক্ষ্মীবিলাস ব্যাঙ্ককে ডিবিআইএল ব্যাঙ্কের সঙ্গে মিশিয়ে দেওয়ায় ডিবিআইএলের শাখার সংখ্যা যা দাঁড়াল। সিঙ্গাপুরের বেসরকারি ব্যাঙ্ক ডিবিএস ভারতে ডিবিআইএল নামে ব্যবসা শুরু করে ১৯৯৪ সালে। আজ অবধি এ দেশে ব্যাঙ্কটির শাখার সংখ্যা ছিল মাত্র ৩০টি।

সংক্ষিপ্ত শব্দ

UNCTAD: United Nations Conference on Trade and Development.
TRAI: Telecom Regulator Authority of India.
HSRP: High-Security Registration Plate.
RDIF: Russian Direct Investment Fund.
APVAX: Asia Pacific Vaccine Access Facility.
CTS: Cheque Truncation System.
NBWL: National Board for Wildlife.
CDSCO: Central Drugs Standard Control Organisation.
DGCI: Drugs Controller General of India.
ABPC: Automated Banknote Processing Centre.

বিবিধ

সর্বাধিক উচ্চতায় স্তন্যপায়ীর খোঁজ

উত্তর চিলিতে একটি পর্বত অভিযানের সময় ঘুমন্ত আগ্নেয়গিরি লুইয়াইয়াকোর শৃঙ্গে ইয়েলো রাম্পড লিফ ইয়ারড মাউস-এর খোঁজ পেলেন গবেষকেরা।

লিফ ইয়ারড মাউসদের আন্দিজ পর্বতে যেমন পাওয়া যায়, তেমনই মেলে সমতলেও। কিন্তু লুইয়াইয়াকো শৃঙ্গ সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ২২,০০০ ফুট উঁচুতে। গত বছর অন্য একটি অভিযানে ২০,৩৪০ ফুট উচ্চতায় এই একই স্তন্যপায়ী প্রাণীর খোঁজ পেয়েছিলেন গবেষকেরা। সেই রেকর্ড এবার ভেঙে গেল। একে তো ওই উচ্চতায় অক্সিজেন কম থাকে, তার উপর খাবারদাবারও মেলে কম। তা সত্ত্বেও কী ভাবে প্রাণীগুলি ওই প্রতিকূল পরিস্থিতির সঙ্গে নিজেদের মানিয়ে নেয়, সেই নিয়ে গবেষণা করতে চান বিজ্ঞানীরা। একই সঙ্গে তাঁরা জানতে চান, একই প্রজাতির মধ্যে এই ভিন্নতা কী ভাবে সম্ভব? গবেষণাপত্রটি সম্প্রতি প্রকাশিত হয়েছে প্রসিডিংস অব দ্য ন্যাশনাল অ্যাকাডেমি অব সায়েন্সেস জার্নালে।

PESHAPROBESH ▫ Vol. 17 No. 1 ▫ 1 January 2021 ▫ Rs. 20 ▫ 100 RNI No. 87167

ভ্রমণ

বাঙালির ঘরের পত্রিকা, বাইরে যাবার